# ওরা দশজন

ভাষাস্থর/নির্মলকাস্থি টিরি

বৈশাৰী/কলকাড়া

প্ৰকাশ জুন ১৯৩২

প্রকাশক
মনোরঞ্জন ভট্টাচার্য
বৈশাখী প্রকাশনী
২০১২৯ বিজয়গড়
কলকাতা-৭০০০৩২

মুখক
মুণালকান্তি হার
মাজলক্ষ্মী প্রেস
গুদসি রাজা দীনেক্স স্থীট কলকাতা-৭০০০০১

প্রতহদপট

গোত্য রায়

## বেক্স ট্রেনিং ক্লাবের উদ্দেশ্যে

প্রচণ্ড গভিতে ট্রেনটা ছুটে চলেছে।

অবসরপ্রাপ্ত বিচারপতি মি: ওয়ারপ্রেভ প্রথম শ্রেণীর একটা ট্রেনের কামরায় বদে আছেন। তাঁর মুখে সিগার এবং হাতে ধবরের কাগজ। কাগজের উপর থেকে চোখ ভূলে তিনি বাইরের দিকে তাকালেন। অবশ্য তা নিমেষের জন্ম। এখন সে দৃষ্টি হাতের ঘড়ির দিকে। ভাবলেন, নির্দিষ্ট জায়গায় পৌছতে এখনো গ্র'ঘন্টা লেগে বাবে।

হঠাৎ মি: ওয়ারগ্রেভের চিঠির কথাটা মনে পড়ে বার। তিনি পকেট থেকে চিঠিটা বার করলেন। অস্পষ্ট চিঠি। হাতের লেখাও তেমন স্থ্বিধের নয়। অবশ্য কিছু বাদ-সাদ দিয়ে পড়লেও কোন অসুবিধে হয় না। বক্তব্য ঠিক বোঝা যায়।

মিঃ ওয়ারগ্রেভ চিঠিটা পড়তে শুরু করলেন— প্রিয় লরেন্স.

> > প্রীতি ও শুভেচ্ছা রইলো।

কন্দীল কালসিংটন

চিঠিটা ভাজ করে মি: ওয়ারগ্রেভ ভাবতে চেষ্টা করেন, কডদিন আগে এই পত্রলেখিকার সঙ্গে তাঁর আলাপ হয়েছিল। সাভ আট বহুঁর আগে ? হাঁা, মনে পড়েছে। পরিচয় হয়েছিল ইতালিভে। ভক্ষমহিলা একটু ধেয়ালী। তাতে অবশ্য আশ্চর্য হবার কোন কারণ নেই। আর তিনিই হয়তো পান্না দ্বীপটা কিনেছেন।

এই ছোট্ট দ্বীপটার কথা ইদানীং প্রায় খবরের কাগজে দেখা যায়।
আগে এটার মালিক ছিল এক লক্ষপতি। মোটরবোটে ভেসে
বেড়ানো তাঁর শখ ছিল। এখানে একটি স্থন্দর বাড়িও করেছিলেন।
তাতে আধুনিকতার ছাপ। পরে যে কোন কারণেই হোক বাড়িটা
তিনি বেচে দেন। তার জ্ল্ঞ কাগজে বিজ্ঞাপনও ছিল। তবে কে
কেনে তা নিয়ে অনেক কথা রটেছে। কেউ বলে, কোন চিত্রাভিনেত্রী
কিনেছে। উদ্দেশ্য, নির্জনতায় বাস করা। অনেকের ধারণা, সরকার
নৌবহরের কাজের জ্ল্ঞ কিনেছে। আবার এ খবরও শোনা যায়, মি:
আওয়েন নামে এক ধনী ব্যক্তি বর্তমানে এই দ্বীপের মালিক।

মি: ওয়ারগ্রেভ এতক্ষণ দ্বীপের কথা ভাবছিলেন। চিঠির কথাও। এবার পা ছটো সামনেব দিকে ছড়িয়ে দিয়ে বেশ আরাম করে বসলেন। সিগারটা রাখলেন ছাইদানিতে। ছ' চোখে একটা ঘুমের রেশ।

২

বিজ্ঞী গরম পড়েছে। এই গরমের মধ্যে ট্রেনে বাওয়া বায়! একথা ভাবছে ভেরা ক্লের্থন। আবার পাঁচজনের সঙ্গে একটা তৃতীয় শ্রেণীর কামরায় সে বসে আছে। তারপরই তার মনটা প্রসন্ধতায় ভরে উঠলো। এ সময় সমুদ্রতীর দারুণ ভালো লাগবে। আর এই কাঞ্চটা পেয়ে সে খুব খুণী। এটা তার মনের মত কাজ। চাকরিটা প্রাইভেট সেকেটারির। ভবে মাত্র এক মাসের জ্বন্তা। তাই বা মন্দ কী! সে স্কুল থেকে এক মাসের ছুটি নিয়েছে। এ ক'দিন বাচ্চাদের চিৎকাব এবং কটিন মাফিক কাল্ডের হাত থেকে ভো রেহাই পাবে।

ভেরা কাগজে বিজ্ঞাপন দেখেই আবেদন করেছিল। তবে হবে কিনা তা নিয়ে মনে বেশ সংশয় ছিল। নিয়োগ-পত্র এলো। পুরুষ্ণাপত্তে ককককে ট্রাইপে চিঠি।

স্থচরিতাস্থ,

আপনার আবেদন পত্রের সঙ্গে আপনার প্রশংসা পত্রশুলো পেয়েছি। এ থেকেই বৃঝতে পারছি, আপনি যোগ্য লোক। আর আপনি যা মাইনের কথা বলেছেন তাইই পাবেন। ৮ তারিখ থেকে কাজে যোগদান করলে খুশী হবো। প্যাডিংটন থেকে ১২-৪০-এ ট্রেন। ওকব্রিজ স্টেশনে আপনার সঙ্গে আমার দেখা হবে। এই সঙ্গে আপনার পথ খরচের টাকাও পাঠালাম। ধন্যবাদান্তে,

> ইডি, উনা নান্সি <mark>আওয়েন</mark>

হঠাং ভেরার মনে হলো, এখানে না লেগেই হয়তো সে ভালো করবে।

যদিও সমূদ্র স্থানর, কিন্তু গভীর। পরক্ষণে তার ছগোর কথা মনে

পড়ে যায়। এরপরই ওকে মন থেকে ছেটে দেয়। এলোমেলো

ভাবনা থেকে মনটা ট্রেনের কামরার দিকে ফেরায় ভেরা। দৃষ্টি যায়

সামনের লোকটির দিকে। লোকটি বেশ লম্বা-চপ্তড়া। গায়ের রং

তামাটে। মুখটা কেমন বেন নিষ্ঠুর। আর ভেরার ধারণা, লোকটি

অনেক দেশ ঘুরেছে এবং দেখেছেও অনেক কিছু।

9

ভেরার সামনে বসা লোকটির নাম ফিলিপ লম্বার্ড। ভাবে, ভেরা ফুন্দরী। তবে মুখে একটা মাস্টারনী ছাপ। অবশ্য লম্বার্ড এখন এ সব কথা ভাবতে চায় না। তার কাজের কথা ভাবা উচিত। আর কাজ্কটা নেবার আগের কথাবার্তা তার মনে পড়ছে।

—কাজটা ইচ্ছে হলে নিতে পারেন, আবার নাও পারেন,ক্যাপ্টেন লম্বার্ড।

এর জবাবে লম্বার্ড বলেছিল, টাকাটা আট হাজারের বেশী হলে ভালো হতো। অবশ্ব এখন যা তার অবস্থা তাতে তার কাছে 🏟 টাকাটা কম নয়। তবু সে চেষ্টা করেছিল। কিন্তু মরিসকে রাজি করাতে পারেনি।

ভারপর লম্বার্ড বললো, এ চাকরির ব্যাপারে আপনি আমায় আর কিছু বলতে পারছেন না ?

- —না। আপনি আমার কথা পুরোপুরি বিশ্বাস করতে পারেন,
  মরিস জানায়। আমার মকেল আপনার বিশেষ পরিচিত। তিনি
  আপনাকে এ টাকাটা দিতে বলেছেন। আপনি ডেভনের পাল্লা দ্বীপে
  যাবেন। ওর কাছের স্টেশন হলো ওকব্রিজ। ওখান থেকে আপনি
  পাল্লা দ্বীপে যাবেন মোটর বোটে করে। বোট গিয়ে দেখতে পাবেন।
  এরপর আমার মকেলের সক্ষে আপনার কথাবার্তা হবে।
  - —এই কথাবার্ডায় কতদিন লাগবে বলে মনে হয়, লম্বার্ডের
  - —দিন সাতেক
  - —আশা করি বেআইনি কিছু করতে আমায় বলা হবে না।
- —হলেও তা করা না করা আপনার উপর নির্ভর করবে, মরিস গঙ্কীর ভাবে উত্তর দেয়।

তার পরমূহূর্তে লম্বার্ড ভাবে, জীবনে সে তো বেআইনি কিছু করেনি ? যাক্ এখন ওদব কথা। সে এখন কাজের কথা ভাববে । ছুটিতে পান্না দ্বীপে তার ভালোই কাটবে।

8

এই ট্রেনের আর এক কামরায় মিস গম্ভীরাননা বসে আছেন। অবশ্ব এটা ওঁর পিতৃদত্ত নাম নয়। ওঁর পরিচিত মহল ওঁব মেজাজেব জ্বল্য ঐ নাম দিয়েছে। ওঁর আসল নাম এমিলি ব্রেন্ট। বয়স প্রায়ান্তি। চিরকুমারী। ওঁর বাবা সে আমলের ফোজী কর্নেল। তাঁর মেজাজ্ব এবং ব্যবহাব স্বাই পৈতৃক সূত্রে পাওয়া।

হাল আমলের ছেলে-মেয়েদের তিনি একবারে দেখতে পারেন না। ছেলেশুলো অপদার্থ। চলনে বলনে আড়ুষ্ট। শিষ্টাচারের বালাই নেই। ইজিচেয়ার বা কুশন ছাড়া বাবুরা বসতে পারেন না। থালি ওষুধ খাছে। নাকি ওদের ঘুম আসে না। আর মেয়েগুলোও বদের ধাড়ি। জামা-কাপড় ছেটে ছেটে কোথায় নামিয়েছে! আর সমুদ্রের ধারে সারি সারি গুয়ে থাকে। নাকি রোদ পোয়ায়। তা একটু ভক্তভাবে গুয়ে থাক্! না, স্কুইমিং কিষ্টিয়ুম পরে গুয়ে আছে। ওতে কী আর কাপড় আছে! যত সব বদ মেয়ে মায়ুষ! এই তো গতবার গরমের সময় সমুদ্রের ধারে বেড়াতে গিয়েছিলেন। ভেবেছিলেন, কয়েকদিন থাকবেন। তা কী আর হবার উপর ছিল! ওদের কাগুকারখানা দেখে পালিয়ে আসতে বাধ্য হয়েছিলেন। তবে এবার তাঁর ভাগ্য ভালো। একটা চমংকার আমন্ত্রণ পেয়েছেন—

আশা করি আমায় ভূলে যাননি। কয়েক বছর আগে বেলহাভেনের এক অতিথি-নিবাসে একসঙ্গে থাকার সময় আপনার সঙ্গে আমার আলাপ হয়েছিল। তথন আপনার সঙ্গে আমায় মুদুতর ও ক্রচির মিল হওয়ায় গর্ববোধ হয়েছে।

ডেভনের কাছে আমি নিজেই একটা অতিথি-নিবাস **খুলছি।**সেখানে আপনাদের মত ক্রচিসম্পন্ন লোকেরা থাকতে পারবেন।
এখানে আধুনিকভার কোন প্রশ্রেয় দেওয়া হবে না। বেশবাস ভজে
হবে। আর মাঝ রাত পর্যন্ত মদ খেয়ে নাচ গানও করা চলবে না।

আপনি আমার অতিথি-নিবাসে বদি দয়া করে পায়ের ধ্লো দেন তো খুশী হবো। আপনি আমার বিশেষ অতিথি হিসেবে থাকবেন। আগস্ট মাসের আট তারিখে আসতে কি অস্ত্বিধে হবে ?

আমার প্রণাম জানবেন।

ইছি, ইউ এন ও

চিঠিটা পেয়ে এমিলি দারুণ খুশী হয়েছেন। বছর ছুই আঙ্গেবেলহাডেনে

গিয়েছিলেন। ওখানে মাঝ বয়েসী এক মহিলার সঙ্গে তাঁর পরিচয় হয়েছিল। তার নাম ও পদবী কিছুই তাঁর মনে পড়ছে না। বুড়ো হলে এই এক জালা। ওধু স্মৃতির পাতা হাতড়ে বেড়াও। তাও কী আবার সব সময়ে মনে পড়ে!

0

অক্স একটা ট্রেন। জেনারেল ডগলাস জানলার কাছে বসে আছেন।
শাখা লাইনের ট্রেনগুলো বড্ড আন্তে চলে। অথচ এখন থেকে পান্না
দ্বীপ কতই বা দূরে! অথচ কত সময় লাগিয়ে দিচ্ছে! তারপর তিনি
ভাবেন, আওয়েন লোকটি কে? তিনি কিছুতেই চিনতে পারছেন
না। তবু তাঁর চিঠি পেয়েই ওখানে চলেছেন। তাতে লেখা আছে—

পুরনো বন্ধুরা কয়েকজন আসছেন। আপনিও চলে আস্থন না। ধারাপ লাগবে না। অতীতের কথা নিয়ে আলোচনা করা যাবে।

হারানো দিনের কথা নিয়ে আলোচনা করতে জেনারেলের ভালোই লাগবে। শুধু রিচমঙ্গ প্রসঙ্গ বাদে। প্রায় ত্রিশ বছব আগের বিষাক্ত অতীত। আর এই ট্রেনটা একেবারে জ্বালিয়ে মানলে। ভীষণ আস্তে চলছে। এখনো এক ঘন্টা লেগে যাবে।

P

শল্স্বেরি থেকে একটা ঝকঝকে মরিস গাড়ি ক্রত ছুটে চলেছে।
চালাচ্ছেন ডাঃ আর্মস্ট্রং। স্থল্পর চেহারা। তেমনি ওঁর সাজ-পোশাক।
তবে ওঁকে ক্লান্ত দেখাছে। এই ক্লান্তি কি গাড়ি চালাবার জন্ম ?
তা হয়তো নয়। এ ক্লান্তি সাকল্যের। এই খ্যাতি একদিনে তাঁর
জীবনে আসেনি। দিনের পর দিন চেম্বার তাঁর ফাঁকা গেছে। তারপর
ভাগ্যদেবী তাঁর সহায় হয়েছেন।

ডা: আর্মস্ট্রং মেরেদের প্রতি কৃতজ্ঞ। তাঁর প্রতিষ্ঠার মূলে মেরেদের প্রচার। বেচারী পামেলা কত চিকিৎসা করিয়েছে। সারছিল না কিছুতেই। বয়সে তরুণ হলেও ডাক্তার প্রথম দিনই ভার রোগ ধরে ফেলেছিলেন। তারপর এক মাসের মধ্যে পামেলা সেরে উঠলো।

খ্যাতির বিভ্ন্থনাও আছে। ডাক্তার একট্ও অবসর পান না। অবশ্য তাতে তিনি অখুশী নন। তবে পান্না দ্বীপ ডাক পেয়ে তিনি খুশীই। এখানে রোগীও দেখা বাবে, সেই সঙ্গে একটা নির্জন পরিবেশের স্থুখ উপভোগ করতে পারবেন।

ওখানে তাঁর রোগী মিসেদ আওয়েন। মি: আওয়েন ডাক্তারকে অনেক অনুরোধ করে চিঠি দিয়েছেন। পাঠিয়েছেন অগ্রিম দক্ষিণাও। তাঁর স্ত্রী নার্ভাদ ব্রেকডাউনে ভূগছেন। এই কথাটা শুনে ডাক্তারের হাসি পায়। অবশ্য এ ব্যাপারে বিশ্বাসটাই আরোগ্যের একমাত্র চাবি কাঠি। আর সেটা করতে হয় ডাক্তারকেই।

তবে এই ডাক্তারের সাফল্যের ইতিহাসের পিছনে একটা কলঙ্কমর অধ্যায়ও আছে। তারপর থেকে আর কোনদিন পানপাত্র স্পর্শ করেননি। আগের তুলনায় সতর্কও হয়েছেন অনেক বেশী।

ডাক্তারের চিন্তায় ছেদ পড়লো। একটা বড় ট্রাক তাঁর গাড়ির দিকে আসছে। তিনি গাড়িটাকে রাস্তার একবারে পাশে নিম্নে গিয়ে ওকে জায়গা দিলেন। উদাবতা ছাড়া আর কী! ট্রাকটা বিজ্ঞীভাবে ডাইভ করে বিজ্ঞায় গর্বে যেন চলে গেল।

9

বেপরোয়। ভাবে ডাইভ করা অ্যাণ্টনি মার্সটনের অভ্যেস। তাই বলে বলা চলে না সে বাজে ভাবে ডাইভ করে। তবে সভিয় কথা বলতে কি, ইংল্যাণ্ডে গাড়ি চালিয়ে বিন্দুমাত্র স্থুখ নেই। কন্টিনেন্টে গাড়ি চালিয়ে যা আনন্দ, সে স্থুখ এখানে নেই। এখানে গাড়ি ভো চলে না, বেন হামাগুড়ি দিয়ে গরুর গাড়ি চলছে।

ভাবে, একটু থামবে নাকি ? পান্না দ্বীপের মাত্র আর একশো মাইল বাকী। এটা ভার কাছে কিছুই না। বরং এখন গলাটা একটু ভিজিয়ে নেওয়া বাক্।

একটা কফি বারের কাছে সে গাড়িটা পার্ক করে। তার স্থূন্সর স্বাস্থ্যর দারুণ তরুণী মহলে গুঞ্জন ওঠে।

#### ъ

রোর প্লাইমাউথ থেকে একটা মন্থর গতির টেনে করে চলেছে। কামরায় আর একটি মাত্র মাতুষ আছে। সে একটা নাবিক বৃদ্ধ। বসে বসে সে বিষয়েছে।

রোর পকেট থেকে একটা ছোট্ট নোট বই বার করলো। একটা তালিকার উপর দে ক্রুত চোখ বুলিয়ে নিয়ে থাকে। সেই তালিকায় রয়েছে—এমিলি ত্রেনট্, ভেরা ক্লেথর্ন, ডাঃ আর্মস্ট্রং, অ্যান্টনি মার্সটন, বিচারপতি মিঃ ওযারত্রেভ, ফিলিপ লম্বার্ড, জেনারেল ডাগলাস, পরিচালক রজার্স এবং তারাক্রী।

এই তালিকা দেখে ব্লোর ভাবে, নিজের নামটা তার কোথায়! তারপর কামরার আয়নায় নিজেকে একবার দেখে নেয়। ভাবলো, আমি তো একজন রিটায়ার করা ফৌজী অফিসার হতে পারি। পরক্ষণেই এটা দে মন থেকে বাতিল করে দিল। দলের মধ্যে এতজন জেনারেল রয়েছে। তাহলে উপায়!

অবশ্য উপায় একটা আছে। হাঁা, সে হচ্ছে দক্ষিণ আফ্রিকার একজন বিশিষ্ট নাগরিক। খাঁটি ইংরেজ ভো বটেই। এখানে ভাব ব্যবসার ক্ষেত্র। আর সে বাজী ধরে বলতে পারে, দক্ষিণ আফ্রিকা সম্বন্ধে এর্দের কারুর জ্ঞান নেই। সে নিজে কী কিছু জানভো গ ভ্রমণ কাহিনী পড়ে কয়েকদিন আগে বা জেনেছে।

হঠাৎ ঐ বুড়ো নাবিক কেশে নড়ে চড়ে বসলো এবং নিজের মনেই বিড়বিড় করতে থাকে, সমুজ বড় বিচিত্র। এর কাণ্ডকারখানা আর্গেভাগে কেউ বলতে পারে না।

—তা তো বটেই, ব্লোর ওর কথায় সমর্থন জানায়। বুড়োটা কয়েকরার পুরু পুরু করে কাশলো। তারপর কাশির বেগ সামলে

### বলে, বড় আসছে।

- —বাড় ? এখন তো দারুণ ভালো আবহাওয়া।
- —বলছি বাড় আসছে, বুড়ো খেঁকিয়ে ওঠে। গন্ধ পাচ্ছি।
- —হতে পারে, ব্লোর বুড়োকে আর খাঁটায় না।
- ভাবো, সেই শেষের ভয়ন্ধর দিনের কথা।

ব্লোর ভাবে, তুমি তোমার শেষের দিনের কথা ভাবে। আমার ভাবতে বয়ে গেছে। আমার এখন অনেক বাকী।

## पूर्व

ওকব্রিজ স্টেশনের বাইরের দিক।

ছোটখাটো একটি দল দাঁড়িয়ে। দলে আছে চারজন। এদের কারুর সঙ্গে কারুর পরিচয় নেই। সকলের মূথে একটা অস্বস্তির ছাপ ফুটে উঠেছে। প্রত্যেকের পিছনে একটা স্থটকেশ নিয়ে কুলী দাঁড়িয়ে আছে।

অদূরে ছটো ট্যাক্সি দাঁড়িয়ে। তাদের মধ্যে একজন চালক এগিয়ে এসে বললো, আপনারা পান্না দ্বীপে বাবেন তো ?

- —হ্যা, সবাই মাথা নাড়ে এবং একে অপরকে দেখে নেয়। এদের
  মধ্যে মিঃ ওয়ারগ্রেভ বেশ সম্ভ্রান্ত চেহারার মানুষ। তাঁকে অভিবাদন
  কানিয়ে ড্রাইভার বললো, স্থার, এখানে হুটো ট্যাক্সি আছে।
  তার মধ্যে একটাকে এখানে অপেক্ষা করতে হবে। পাঁচ মিনিটের
  মধ্যে এক্সেটার থেকে একটা ট্রেন আসবে। তাতে একক্সন ভদ্রলোক
  আসছেন। আপনাদের মধ্যে একক্সন তাঁর জন্ম অপেক্ষা করে বাকীরা
  আমার সঙ্গে চলুন। এ ব্যবস্থায় আপনাদের স্থবিধেই হবে।
  - আমি অপেক্ষা করছি, ভেরা ক্লেথর্ন বললো। আপনারা যান।
  - —ধক্সবাদ । গাড়িতে উঠে বসলেন মিস গম্ভীরাননা। তাঁকে অমুসরণ করলেন মিঃ ওয়ারগ্রেভ।

——আমি না হয় আপনার সঙ্গে অপেক্ষা করি, ভেরার দিকে তাকালো লম্বার্ড। আপনার একা একা খারাপ লাগতে পারে।

ওদিকে কুলীরা মালপত্তর গোছাচ্ছে। হঠাৎ মিদ গন্ধীরাননার উদ্দেশ করে মিঃ ওয়ারগ্রেভ বলেন, আবহাওয়া বেশ ভালোই মনে হচ্ছে।

- —হাা, মনে মনে তিনি খুশী হলেন।
- —এই অঞ্জটা আপনার পরিচিত কি ?
- —না, ডেভনে আমাব এই প্রথম আসা।
- —আমিও।

## गिति **इ**ए हल्लाइ।

ওদিকে দ্বিতীয় ট্যাক্সির ড্রাইভার ভেরা এবং লম্বার্ডকে বলে, আপনারা গাড়িতে বদে বিশ্রাম করতে পাবেন।

- —না, ভেরা বলে, বাইরেটাই ভালো।
- ঐ বেঞ্চিয় গিয়ে বসলে হয় না ? লম্বর্ড বলে। তবে আপনি
  থয়েটিং ক্লমে গিয়েও বসতে পারেন।
  - —বদ্ধ ঘরে ঢুকতে একবারে মন চাইছে না।
  - ठिकरे वरनाइन।

একটু চুপ করে থেকে লম্বার্ড ফের বলে, আপনি এর আগে এখানে এসেছেন ?

- —না। তারপর বলে, যার কাজ করবো বলে এখানে এদেছি এখন পর্যন্ত তাকে দেখাই হলোনা।
  - —भारत ?
  - —আমি মিসেস আওয়েনের সেকেটারি।
- —ও, আচ্ছা, আচ্ছা। তাঁর সঙ্গে আপনার আদৌ পরিচয় নেই। এটা ভারতে বেন কেমন লাগছে।
- —অস্বাভাবিক কিছু নয়। তাঁর সেকেটারী অসুস্থ হওয়ায় তিনি এক মাসের ক্ষম একজন সেকেটারী চেয়ে কাগজে বিজ্ঞাপন

## দিয়েছেন। আমি তা দেখেই…।

- —আচ্ছা, কিন্তু কাজটা যদি মনের মত না হয় ?
- —ওটা কোন ব্যাপার নয়, ভেরা হাসলো। আসলে ছুটি কাটাভে আসা। আমি একটা স্কুলে কাজ করি। ওটা স্থায়া চাকরি। কিছ আপনার নামটা... ?
  - —আমার নাম ফিলিপ লম্বার্ড I

ভেরা তার নাম জানিয়ে বলে, মি: লম্বার্ড, আপনি তো আওয়েনদের সঙ্গে পরিচিত। ওঁরা কেমন লোক বলুন তো ?

সঙ্গে সঙ্গে সম্বার্ড অগুমনস্ক হয়ে পড়ে। আসলে প্রশ্নটা সে এড়িয়ে বেতে চায়। ওঁদের সম্পর্কে সে কিছুই জ্বানে না। তাই সে ভাবটা এমন দেখায় বেন সে শুনতেই পায়নি। এরপর সে দূরের সিগ্যালের দিকে দৃষ্টি ফেরায়।

দূরে একটা কালো বিন্দু দেখা বাচ্ছে। কাছে আসতে বোঝা গেল এটা একটা ট্রেন। ট্রেনটা স্টেশনে ইন করার পর প্ল্যাটফর্ম থেকে বিরাট চেহারার এক বয়ক্ষ ভদ্মলোক বেরিয়ে এলেন। পরনে তাঁর নিখু ত স্থাট। চালচলন ফোজীর মতন। উনি হচ্ছেন জেনারেল ডগলাস।

ভেরা তাঁর দিকে এগিয়ে গিয়ে অভিবাদন জানিয়ে বলে, আপনার জন্ম গাড়ি অপেকা করছে। আমি মিসেস আওয়েনের সেক্রেটারী। আর আমার সঙ্গে ইনি হলেন মিঃ লমবার্ড।

লম্বার্ডের দিকে তাকালেন জেনারেল। ওর চেহারাট। চলনসই। তবে লোকটি সাধারণ নয়। কিছুটা ব্যক্তিত্ব রয়েছে। এরপর হ'জন হ'জনকে সম্ভাষণ বিনিময় করলো।

তারপর তিনজনে ট্যাক্সিতে ওঠার পর ট্যাক্সি ছেড়ে দিল। ওকব্রিজের নির্জন পথ দিয়ে ট্যাক্সি ছুটে চলেছে। গ্রামটা যেন শকালের মিষ্টি সোনালী রোদ গায়ে মুখে মহা স্থাথে নিজা বাচেছ্র। চারপাশে ছোট ছোট পাহাড়ের সারি।

- কী **সুন্দ**র ! ভেরা উল্লসিত হয়ে ওঠে
- —হাা, পরিবেশটা বেশ মনোরম, জেনারেল জানায়। ভবে এ জায়গটো আমার এচেনা

লম্বার্ড কিন্তু অন্থ রকম মন্তব্য করে। বলে, এই পাহাড়ের ঘেরা জায়গা আমার আদৌ ভালো লাগে না। মনে হয় যেন আমায় গিলতে আসছে। সেই সঙ্গে একটা অস্বস্থি আমায় কুরে কুরে খাচ্ছে। আর জানতে ইচ্ছে করে ওপারে কি আছে। কিন্তু তার কোন উপায় থাকে না। এটাও একটা বিঞ্জী ব্যাপার।

ট্যাক্সি উধ্ব'শ্বাসে ধেয়ে চলেছে।

2

ট্যাক্সি এবণেষে এসে থামলো সমুক্ষতীরে। জায়গাটা নির্জন। অদূরে কয়েকটা কুটির ইতস্তত ভাবে ছড়ানো। এখানে ওখানে জাল সারানো চলেছে। অর্থাৎ জায়গাটা জেলে পাড়া।

এখানে একটা ছোট দোকান ঘর রয়েছে। এটা চায়ের দোকান। সাঝি-মাল্লাদের খাড়্ডার জায়গা। আবার বারা বোটে করে যায় এখানে তারা বিশ্রামও করে।

টাক্সি থেকে ভেরারা নেমে দেখলো, ঐ চায়ের দোকানে ভিনজনে বসে আছে। ওরা নিজেদের মধ্যে হাত-পা নেড়ে নেড়ে কি যেন বলছে। ভেরা এগিয়ে বেতে ওরা বললো, আমধা আপনাদের জ্ঞা অপেকা করছি। আরে এই দেখুন, আমাদের পরিচয় জানাডেই ভুলে গেছি। আমার নাম ডেভিস। থাকি দক্ষিণ আফ্রিকার স্থাটালে।

লোকটার কথা বলার ভলি দেখে বিরক্ত হবার কথা। বিচারপতি ওয়ারত্যেভকে মনে হলো, এখুনি বুঝি হাতৃড়ি ঠুকে বিচার কক্ষ শুরু করে দেবেন। তার সঙ্গে অস্বস্তি বোধ করলেন মিস গন্ধীরাননা। তিনি মনে মনে বলে ওঠেন, লোকটা শিষ্টাচার বলতে কিছুই

আবার ডেভিস কথা বলে ওঠে, কিছু মেয়ে নিলে হতো না ? তার কথায় কেউ কোন উত্তর না দিতে সে বোটের চালকের দিকে তাকিয়ে স্থর করে বললো, আমাদের দয়া করে পার করে দাও। কথা শেষ করে নিজের রসিকভায় নিজেই হোহো কবে উচ্চকণ্ঠে হেসে ওঠে। বলা বাছলা, অক্য স্বাই নীরব রইলো।

ওর কথা শুনে মোটর বোটের চালক এগিয়ে এলো এবং সবাইকে বোটে উঠতে ইঙ্গিত করলো। একটা চৌকো পাথরে বোটটা বাঁধা।

—উঠে আহ্নন সকলে, আবার গলা চডালো সেই বিরক্তির ডেভিস। আমাদের সকলের জন্ম হয়তো আমন্ত্রণকর্তা এবং কর্ত্রী অধীর আগ্রহে অপেক্ষা করছেন।

ওঁবা কী সভিত্রই তাদের জন্ম মপেক্ষা কবছেন ? তবে তারা ষে উৎসাহ মনে নিয়ে এথানে এসেছে সে উৎসাহে কী ভাঁটা পড়েনি ? আব এই জায়গাটা দেখে সবার মনে কী বিশ্বয় এবং এক অন্তুত ধরনের শিহরণ মনে জাগেনি ? আর এর পিছনে কী ভয়ের কোন কারণ রয়েছে ? এবং সকলেই কী ভাবছে, ওখানে গিয়ে কাজ নেই। ঘরেই ফেরা যাক ?

সকলকে বেন চমকে দিয়ে বোট চালক বললো, আপনারা দয়। করে উঠে আসুন। বদিও আরো ছ' জনের আসার কথা আছে। এ কথা জানিয়েছেন মি: আওয়েন। তবে তাদের জন্ম এখন অপেক্ষা করার কোন প্রযোজন নেই!

- —কিন্তু বোটে কি আমাদের সকলের জায়গা হবে। মিস গন্তীরাননা জিজ্ঞেস করলেন ?
  - —নিশ্চয়ই হবে। এর দ্বিগুণ লোকও যেতে পারেন।

বোটটা ছাড়তে যাবে ঠিক তথনই সমুক্ততীরে প্রচণ্ড গতিতে চালিয়ে এসে একটা স্থলর গাড়ি থামলো। সেই গাড়ি থেকে নেমে এলো এক অপরূপ মানুষ। তার তুলনা শুধু যেন গ্রীক ভাস্কর্যে মেলে। তার নাম অ্যান্টনি মার্পটন। তারপর সে বোটে উঠতে বোটটা ছেড়ে দিল।

এখান থেকে পান্না দ্বীপের সবটা দেখা যাচ্ছে না। সামনেই একটা ছোট্ট পাহাড়, সেটা আড়াল করে রেখেছে। তারপর দ্বীপের কিছুটা ঘুরে বোটটা গিয়ে থামলো ছটো বড় পাথরের মাঝে। জায়গাটা নির্জন ও স্থন্দর। তবে নিরাপদ। আর অভিজ্ঞ ব্যক্তি মাত্রেই জানেন, সমুদ্র খারাপ থাকলে এখানে বোট লাগানো সম্ভব হয় না।

একই কথা লম্বার্ড বোট চালককে জিজেন করতে সে বললো, সমুদ্রে জল ঝড় থাকলে পান্না দ্বীপ বিচ্ছিন্ন হয়ে পড়ে।

একে একে সবাই নামলো। তারিফ করার মত জ্বায়গা। আর বে এখানকার মালিক তাঁরও রুচির প্রশংসা করতে হয়। তিনি ফুল ফলের গাছ, পাতা বাহার, পাম, ফুল্বর স্থুন্দর বাগান, আর একটা চমংকার বাড়িতৈরি করেছেন। তবে এটাকে বাড়িনা বলে প্রাসাদ বলা ঠিক হবে। আর তাতে রয়েছে আধুনিক স্থাপত্যের নিশুত নিদর্শন।

—দয়া করে আপনারা এদিকে আম্বন, বয়য় পরিচালকটি ওদের দিকে তাকিয়ে বলে। তার কথা বলার ভঙ্গি এবং আদব-কায়দা কেতাছরস্ত। এর্থাৎ এ থেকে একটা কথা স্পষ্ট যে, বড় ঘরে কাজ করার নিয়ম কামুন সে বেশ ভালো ভাবেই রপ্ত করেছে।

সকলে বাড়ির ভেতরে প্রবেশ করলো। সামনেই একটা বিরাট হলঘর। সেখানে একটা টেবিল, তাতে এনেক পানীয় রয়েছে।

—আপনারা এখানে বিশ্রাম ককন, আমার নাম রক্কার্স। মিঃ
আওয়েন হুংখের সঙ্গে জানিয়েছেন, তিনি আজ আপনাদের সঙ্গে দেখা
করতে পারছেন না। আগামী কাল ছুপুরের মধ্যে এসে যাবেন।
আমি এবং আমার জ্রী আপনাদের দেখাশুনো করবো। আর
আপনাদের যাতে কোন অস্থবিধে না হয় সে ব্যবস্থা তিনি করে
গেছেন। আপনাদের প্রত্যেকের জন্ম আলাদা আলাদা ঘর। এবার
আপনারা অমুমতি দিলে আমি এন্ত কাজে বেতে পারি। আটটায়
ডিনার।

ভেরা সিঁড়ি দিয়ে উপরেউ ঠছে। তার আগে রক্ষার্সের স্ত্রী। সামনে টানা বারান্দা। রজার্সের স্ত্রী একটা ঘরের সামনে এসে দাঁড়ালো। তারপর দরজা খুলে বললো, এটা আপনার ঘর। পছন্দ হয়েছে তো ম্যাডাম ?

চমংকার, আর সাজানোও স্থন্দর করে। ঘরের সঙ্গে লাগানো ছোট বাথরুম। জানলা পথে সমুদ্ধ দেখা যায়।

তাই ভেরা হেসে বলে, হাা, পছন্দ হয়েছে।

- আপনার কিছু প্রয়োজন হলে দয়া করে বেল বাজাবেন।
- —আচ্ছা, আর আমি হলাম মিসেস আওয়েনের সেক্রেটারি। আমার কথা নিশ্চয়ই তুমি তাঁর কাছে শুনেছো।
- —না ম্যাডাম। আমি এ ব্যাপারে কিছু জ্ঞানি না। আমরা একটা তালিকা পেয়েছি। তাতে লেখা ছিল কে কোন ঘবে থাকবেন। আরু আমি এখন সেই মত.....।
  - —মিসেস আওমেন আমার কথা আলাদা করে কিছু লেখেননি ?
  - —না ম্যাডাম, আর আমরা এখানে এসেছি মাত্র ছ'দিন হল।

ভেরা বেশ বিরক্ত। ভাবে, এছুত লোক তো এই মিসেস আওয়েন। তারপর সে বলে, তোমরা এখানে ক'ব্দন কাজের লোক ?

- থামরা ছ'জন। থামি রান্নার কাজটা বেশ ভালো ভাবেই চালিয়ে নিতে পারি, আর আমার বুড়ো ঘরের অহ্য কাজে ওস্তাদ। তাই আপনাদের কোন অস্তাবিধে হবে না।
- —আমরা দশ জন, তার উপর আবার মি: এগু মিসেস আওয়েন আসবেন। এত জনের কাজ ভোমরা করতে পারবে গ
  - —তা পারবো। তবে ওর থেকে বেশী হলে অম্বুবিধে হবে।
  - -- E
  - —এবার আমি একটু কিচেনে বাই।
  - —এসো।

রঞ্জার্মের জ্রী ধীরে ধীরে পা ফেলে চলে গেল। ও আন্তে আন্তে আন্তে কথা বলে। চোখ মুখ ফ্যাকাসে। বোধ হয় ও রক্ত শৃত্যতায় ভূগছে। মনে হয় একটা ভয়ে ও কুঁকড়ে রয়েছে। কিন্তু কিসের ভয় ? আর কেনই বা ও ভয় পাছে ? ভেরা ভাবে।

0

ডাঃ আরম্ন্তীং যখন পাল্লা দ্বীপে হাজিব হলেন তথন সূর্য অস্ত গেছে।
এখানে তিনি এসেছেন বোটে করে। বোট চলেকেব নাম নারাকট।
তাকে তিনি মিঃ আওয়েনেব সম্বন্ধে নানা কথা জিজেব কবেছেন।
তাতে ও জানিয়েছে, মালিক কে তা ও জানে না। তবে ভালো হবে
মনে হয়। তার বোটের ভাড়া আগাম মিটিয়ে দিয়েছে এবং কিছু
বেশীই দিয়েছে। তারপর ডাক্তার আবহাওয়া, মাছ ধবা ইত্যাদি নানা
কথা ওকে জিজেব করেন।

ডাক্তার খুব ক্লান্ত হয়ে পড়েছেন। এখন তাঁর বিশ্রামের দারুণ ভাবে প্রয়োজন। কিন্তু তার কী উপায় আছে। কাজ আব কাজ।

ভাক্তার দ্বীপটির চারদিকে তাকান। অন্ধকারে তেমন কিছু দেখতে পেলেন না। তাতে দ্বীপ মানেই অক্স জগৎ থেকে বিচ্ছিন। কেমন বেন একটা স্বভন্ত ভাব। ডাক্তারের এ কথাটা কী ক্লান্ত মনের ভাব প্রকাশ করলো ? না, এব মধ্যে অক্স কিছু রয়েছে ?

সমূদ্রের দিকে তাকিয়ে ডাক্তার ভাবলেন, তিনি এখানে হয়তো থেকে বাবেন। গুডবাই লগুন। বিদায় হার্লে ট্রীট। সেই সঙ্গে কাজকেও টা টা করলেন। আঃ, কী শান্তি!

ডাক্তার দ্বীপ থেকে গুটি গুটি পায়ে এসে বাড়িতে প্রবেশ করলেন। তাঁর দৃষ্টি গেল একজন বয়ক্ষ ভজ্বলোকের নিকে। ডিনি পাইপ টানছেন। তাঁকে তাঁর চেনা-চেনা মনে হচ্ছে, হাা, তাঁকে ডিনি চিনতে পেরেছেন। ডিনি হলেন বিচারপতি ওয়ারগ্রেভ। একজন দক্ষ বিচারপতি। একবার তাঁর এজলাসে তাঁকে সাক্ষ্য দিতে হয়েছিল। ডিনি জুরীদের বেশ স্বপক্ষে আনতে পারেন। আর বিচারে দোষী সাব্যস্ত হলে ভাঁর করুণা লাভ করা অসম্ভব। তবে আড়ালে অনেকে ভাঁকে নিষ্ঠুর বলে। কিন্তু এখানে এসে যে ভাঁর দেখা পাবেন, তা তিনি আদৌ ভাবতে পারেননি।

৬

অপরদিকে বিচারপতি ওয়ারগ্রেভও একই কথা ভাবছেন, এই ভাক্তারকে কোথায় যেন দেখেছি। সাক্ষী দিতে এসেছিলেন ? হাাঁ, হাঁা, তাই হবে। নামটা ? তাও মনে পড়েছে। আরম্ফ্রং। আর ভাক্তার মানেই বৃদ্ধ্। থাকে হার্লে স্ট্রীটে। ওখানে বত সব বোকাদের আছে।। তবু মুখে বললেন, ঐ দিকের হলঘরে গিয়ে বস্তুন।

ভাক্তার জ্ঞানায়, ভার আগে আমি একবার মি: এণ্ড মিসেস আওয়েনের সঙ্গে দেখা করতে চাই।

- —তাতো সম্ভব নয়।
- **—কেন** ?
- —ওঁরা এখানে কেউ নেই। আজব জায়গার মাথামুণ্ড কিছুই বুরতে পারছি না।

ভাক্তার মিনিট খানেক অপেক্ষা করলেন। জ্বন্ধ সাহেব আর কোন কথা বলছেন না। হয়তো ঘুমিয়ে পড়েছেন। একে বুড়ো হয়েছেন, তার উপর মেজাজটাও বোধ হয় ঠিক নেই। তিনি হল ঘরের দিকে এগিয়ে যান।

9

স্থান্টনি মার্সটন স্নান করছে। বেশ স্থান্দর স্নান ঘরটা। এত দ্র পাড়ি দিয়ে এসে বেশ ক্লান্ত হয়ে পড়েছে। তবে পথের ক্লান্তি স্নানের পর আর থাকবে না। তারপর পাটভাঙা নতুন পোশাক, একট্ শাহ্দগোক্ত। এরপর এক কাপ গরম কফি। চমংকার!

জায়গাটা যেন কেমন অস্কুত। একটা যেন অজ্ঞানা রহস্ত এখানে লুকিয়ে রয়েছে। তবে ওসব ভয়ের কোন ব্যাপারে মার্সটন একবারে আমল দেয় না। আর 'ভয়' শব্দটা ভার অভিধান থেকে একবারে মুছে কেলেছে।

4

ব্লোর আরনার সামনে দাঁড়িয়ে টাইয়ের নটটা ঠিক মত বাঁধা হয়েছে কিনা দেখছে। হাঁা, ঠিক আছে। তারপর মাধায় চিক্লনি বুলিয়ে প্যাণ্টের ভাঁজ দেখে নিলো। হাঁা, সব ঠিক আছে। তবু আর একবার সে আয়নার দিকে তাকায়।

ব্লোর ভাবে, তার এমন স্থুন্দর পোশাক, তাকে দেখতে ভা**লো,** তবু এরা তার সঙ্গে কথা বলছে না কেন! এরা যেন কেমন। খার এরা একে অক্সের দিকে যেন কেমন করে তাকাছে।

রোর মনে পড়ে, ছোটবেলায় সে একবার এই দ্বীপে এসেছিল। তারপর ভাবতে পারেনি আবার তাকে এখানে আসতে হবে। সত্যি, মানুষ ভবিশ্বৎ দেখতে পায় না। পেলে কী হতো ?

দূর ! এসব কী ভাবছে ! তারপর টাইয়ের নটটা ব্লোর আর একবার দেখে নেয় ।

৯

ভিনারের ঘণ্টাটা এক নাগারে বেজে চলেছে। ঘণ্টা শুনে ফিলিপ লম্বার্ড থান্তে আন্তে ঘর খেকে বেরিয়ে ক্রত নিচে নেমে এল। ওর চলার মধ্যে যেন চিতা বাঘের ছাপ। কিন্তু কেন ? তারপর আবার নিজেই নিজের মনে হাসছে।

মাত্র তো এক সপ্তাহের ব্যাপার, লম্বার্ড ভাবে। খাই দাই আর ফুর্ভি করে কাটিয়ে দেবো।

20

মিস গম্ভীরাননা নিজের একটা বড় আকারের বাইবেল নিয়ে পড়ছিলেন। ডিনারের ঘন্টায় বাইবেল রেখে উঠে দাঁড়ালেন। একটা কথা তাঁর মনে পড়ে-পাপের শান্তি মৃত্যু।

ভাঁর পরনে কালো পোশাক, কিন্তু কেন ? কোন কি শোকের কারণ ঘটেছে ? আর না হলে পরতেই বা গেলেন কেন ?

ভাঁর ঠে টি ফুটো কাঁপছে। মুখ গম্ভীর। তারপর আন্তে আন্তে নিচে নামতে লাগলেন।

#### তিব

ভিনার বেশ ভালোই জমলো। রান্না, পরিবেশন সবই রজ্বার্সরা চমংকার ভাবে করেছে। ফলে অতিথিরা খুশী। একে অন্তের সঙ্গে গাল-গল্পে মেতেছে। একটু আগের গুমোট ভাবটা আর নেই। ওয়ার-গ্রেভ কথা বলছেন। আইনের নানা বিচিত্র ও জটিল কাহিনী। তাঁর শ্রোভা ডাক্টার এবং মার্সটন।

ওদিকে ডগলাস এবং ।মস গম্ভীরাননার মধ্যে বেশ আলাপ জমেছে। কথায় কথায় জানা গেল, উভয়ের কয়েকজন করে বন্ধু-বান্ধব আছে।

আর একদিকে ভেরা ক্লের্থন দক্ষিণ আফ্রিকার ব্যাপারে নানা কথা জিজ্ঞেন করছে ডেভিসকে।

লম্বার্ডও সব শুনছে। তবে মাঝে মাঝে এদিক ওদিক তাকাচ্ছে। হঠাৎ মার্সটন বললো, এগুলো কী ?

সবাই তার দিকে তাকালো, সত্যি তো!

—এ যে কতগুলো পুতৃল দেখছি! ভেরা উচ্ছুসিত। আর কী স্থানর পুতৃলগুলো।

ডাইনিং টেবিলের দক্ষিণ কোশে একটা টেবিল। তাতে একটা কাচের স্ট্যাগু। তার উপর স্থন্দর করে রঙীন পুতৃলগুলো সাজানো রয়েছে।

—কভগুলো পুতৃল দেখি। ভেরা বলে। এক, ছই, ডিন, চার...

এ বে দশটা দেখছি। জানেন, আমার শোবার ঘরে ছোটবেলার সেই ছড়াটা বাঁধানো আছে। সেই বে—দশটি হুটু ছেলে ঘোরে পাড়াময়—।

- —আরে। ও তো আমার ঘরেও আছে।
- --অামারও !
- —আমারও। সবাই বেন কোরাসে একই কথা জানালো।
- —অন্তুত ব্যাপার! একজন বললো।
- —এর মধ্যে অস্কৃত কিছু নেই, ওভারগ্রেভ বলেন। এসব হলো গিয়ে বডলোকদের সব এক একটা বিচিত্র খেয়ালের নমুনা।
  - —বা বলেছেন, গম্ভীরাননা এবং ডগলাস সায় জানায়।

ঘরে সবাই এখন চুপচাপ, হয়তো সবাই ভাবছে। শুধু ঘড়ির টিক-টিক শব্দ আর সমুম্বের গর্জন শোনা বাচ্ছে। এবং বাইরে বারালা দিয়ে এখানে বাতাস প্রবেশ করছে।

- —সমুদ্রের শব্দ আমার দারুণ ভালো লাগে, বললেন মিস গম্ভীরাননা অর্থাৎ এমিলি ত্রেন্ট।
  - —আমার উপ্টোটা, ভেরা বলে ওঠে।

এই কথা বলতে সবাই ভেরার দিকে তাকায়। তাতে সে লচ্ছা পেয়ে বায়। তারপর সে নিব্দের বক্তব্য পেশ করে। বলে, আমি ভেবেছিলাম, ঝড উঠবে। উঠলে কী আমাদের ভালো লাগবৈ ?

- —তা ঠিকই, এমিলি বললেন। শীতকালটা কষ্টকর হবে। আর আমার মনে হয় না, বাড়ির কাজের জন্ম লোক পাওয়া বাবে।
- —আপনার ধারণাই ঠিক, ডাক্তার মাথা নেড়ে ওঁর কথায় সায় জানালেন।
- —মিসেস ওলিভারের ভাগ্য ভালো বে, তিনি এমন ছটো কাজের লোক পেয়েছেন, এমিলি ঘাড় নেড়ে কথাটা স্বীকার করেন।

বয়স হলে মানুষরা লোকের নাম ওলটপালট করে ফেলে, মনে মনে বলে ওঠে ভেরা। মুখে বললো, এ ব্যাপারে ভাগ্য ভালো আওয়েনের।

—ক্ী বললে ভূমি ? সোজা হয়ে জ কুঁচকে তাকাল এমিলি

ভেরার দিকে। মিদেস আওয়েনের ? ঐ নামে তো আমি কোনদিন কারুর সঙ্গে পরিচিত হয়েছি বলে আদৌ মনে করতে পারছি না।

—কিন্তু আমি বতদূর জানি, ওঁদের ঐ নাম।

ওর কথা শেষ হবার আগেই কফির ট্রে নিয়ে রব্ধার্স চুকলো। তথনকার মতন আওয়েন প্রদক্ষ চাপ। পড়লো। সবাই কফির পেয়ালায় মন দিল। তৈরি করেছেও চমংকার।

জ্বন্ধ সাহেব আর এমিলি পাশাপাশি বসেছেন। অক্সমনস্কভাবে গোঁকে মোচড় দিচ্ছেন জেনারেল ডগলাস। ডাঃ আরম্ফ্রং তাকিয়ে আছেন সেই পুতৃলগুলোর দিকে। আর লম্বার্ড একটা সচিত্র পত্রিকার পাতা ওল্টাচ্ছে।

ঘড়িতে চং করে রাত সাড়ে ন'টা ঘোষণা করলো। তারপরই ঘড়ির টিক্টিক্ শব্দ, সমুদ্রের আওয়াব্দ এবং বাতাসের দাপাদাপি সহসা থেমে যায়। একটা ভয়ঙ্কর কিছু কী ঘটবে ! কে জানে ! আর অন্য সবাই বা চুপ করে গেছে কেন ! তারা কী কোন কিছু আশহা করছে !

নিস্তব্ধতা খান খান করে ভেঙে গেল। একটা আজ্বানা গন্তীর কণ্ঠস্বরে সবাই সচকিত হয়ে ওঠে— ভজ্জমহোদয় এবং ভজ্জমহিলাগণ,

শুরুন। আপনাদের সকলের বিরুদ্ধে গুরুতর অভিযোগ আছে। সেগুলো হলো—

- (১) এডওয়ার্ড জর্জ আর্মস্ট্রং, ১৪ই মার্চ ১৯.....আপনি লুইসা মেরি ক্লেসের মৃত্যুর কারণ ঘটিয়েছেন।
- (২) এমিলি ক্যারোলাইন ত্রেন্ট, ৫ই নভেম্বর.....বিয়াত্রিচে টেলর-এর মৃত্যুর জন্ম দায়ী আপনি।
- (৩) উইলিয়াম হেনরি ব্লোর, ১•ই অক্টোবর.....আপনি জেমস ব্লিফেন ল্যান্ডর-এর মৃত্যু ঘটিয়েছেন।
- (৪) ভেরা এলিজাবেও ক্লের্থন, ১১ই আগস্ট.....আপনি সিসিল অগিল্ভি হ্যামিলটনকে হত্যা করেছেন।

- (৫) ফিলিপ লম্বার্ড, ..... কেব্রুয়ারী, আপনি পূর্ব আফ্রিকার একুশন্তন লোকের মৃত্যুর জন্ম দায়ী।
- (৬) জ্বন গর্ডন ডগলাস, ৪ঠা জানুয়ারী.....আপনি আপনার জীর প্রণয়ী রিচমগুকে মৃত্যুর মূখে পাঠিয়েছেন।
- (৭) অ্যাণ্টনি কেমদ মার্সটন, ১৩ই নভেম্বর.....আপনি জন ও লুসি কোম্বের হত্যার অপরাধে আভযুক্ত।
- (৮) ও (৯) টমাস রজ্বার্স এবং এথেল রজ্বার্স, ৬ই মে..... তোমরা জেনিফার ব্রাডির মৃত্যুর কারণ।
- এবং (১০) লরেন্স জন ওয়ারগ্রেভ, ১০ই জুন.....আপনি এডওয়ার্ড সেটনকে হত্যার অপরাধে দোষী।

অভিযুক্ত ব্যক্তিগণ, আপনাদের আত্মপক্ষ সমর্থনে কোন বক্তব্য আছে কী ?

#### ঽ

হঠাংই বেমন কথাগুলো শোনা গেছিল, তেমনি হঠাং আবার কথা-গুলো থেমে বায়। তারপরই ঝনঝন একটা শব্দ। রন্ধার্স ধরথর করে কাঁপতে শুরু করে দিয়েছে। এবং অন্তদিকে ঘরের বাইরে একটা আর্তনাদ শোনা বায়, সেই সঙ্গে কিছু একটা পড়ে বাবার শব্দ।

লম্বার্ড দৌড়ে বাইরে একো। দেখলো অচেতন হয়ে পড়ে রয়েছে রক্ষার্সের স্ত্রী এথেল।

—মার্সটন ! তাড়াতাড়ি এদিকে এসো, লম্বার্ড ডাকলো।
ওরা হ'লেনে ধরাধরি করে একটা সোফায় এথেলকে শুইয়ে দিল।
তারপর ডাঃ আর্মস্ট্রং ওকে পরীক্ষা করে বললেন, ভয়ের কিছু নেই।
অজ্ঞান হয়ে গেছে। একটু পরেই ঠিক হয়ে বাবে।

এরপর লম্বার্ড রজার্সকে বললো, একটু ব্যাণ্ডি নিয়ে এসো। রজার্স কোন রকমে কাঁপতে কাঁপতে বললো, নিয়ে আসছি। বলে সে আন্তে বেরিয়ে যায়।

—কিন্তু ঐভাবে কে কথা বললো ? ভেরা এখনো চিন্তিভভাবে

কথাটা বললো। আর সে গেলোই বা কোথায় ?

—ঠাট্টা করেছে কেউ, ভগলাস বললেন। কিন্তু কী বিশ্রী ধরনের ঠাট্টা! জ্বোর গলায় বলতে চাইলেও তাঁর গলা কাঁপছে। আর মুখ দেখে মনে হয়, এ মুহুর্তে তাঁর বয়স যেন দশ বছর বেড়ে গেছে।

ব্লোর হাতে ধরা রুমাল দিয়ে কপালের ঘাম মুছলো, কিন্তু গরম কোথায় ? ভয়ে কী তার এই অবস্থা ? অক্সদেরও তাই। শুধু কিছুটা অবিচলিত রয়েছেন ওয়ারগ্রেভ এবং এমিলি। তবুও ওয়ারগ্রেভ ঘরের চারদিকে তাঁর সন্ধানী দৃষ্টি বোলাচ্ছেন।

এদিকে সাহসের পরিচয় দেয় লম্বার্ড। সে ঘর থেকে একাই বেরিয়ে যেতে বেতে বললো, ওর দেখা পেলে ছেড়ে কথা বলবো না।

প্রথমে সে বারান্দাটা তন্নতন্ন করে খুঁজলো। না, তেমন সন্দেহ করার মতন সে কিছুই পেলো না। ওদিকে একটা ঘরের কাছে এলো। ঘরটা বন্ধ। তারপর কি মনে করে একটানে সে দরজাটা খুলে ফেলে ভেতরে প্রাবেশ করে। আর তথনই রহস্মটা বেরিয়ে পড়লো।

- তাহলে এই ব্যাপারে ! আবিষ্ণারের আনন্দে মাতল লম্বার্ড। একমাত্র এমিলি ছাড়া সেখানে সকলে ছুটে যায়। তিনি তাঁর নিজের জায়গায় বসে রইলেন। একটা টেবিল। তার উপর চোঙা-ওয়ালা পুরনো একটা গ্রামোফোন। তাতে একটা রেকর্ড চাপানো আছে। চোঙাটার মুখ দেয়ালের দিকে। এই ঘর আর ছইংরুমের দেয়ালের মধ্যে বেশ কয়েকটা ফুটো রয়েছে। ব্যাপারটা এবার সকলে ব্রতে পারলো। পিনটা রেকর্ডের উপর রেখে চালাতেই সেই আগের কথাগুলো বেজে উঠলো।
- —বন্ধ করুন! বন্ধ করুন! ভেরা বলে ওঠে। কী সাংঘাতিক। লম্বার্ড সঙ্গে সঙ্গে বন্ধ করে দেয়।

ডাক্তার স্বস্তির নিশাস ফেলে বললেন, এটা একটা নিছক ম**জা** ছাড়া আর কিছুই নয়। তবে বিকৃত ক্রচির পরিচয়।

— তা नग्न श्रामा, मार्निन या । किन्न होनाता कि १

—ঠিক কথা, ওয়ারত্যেভ ওর কথায় সমর্থন জানান।

ওদিক রন্ধার্স ব্যাপ্তি নিয়ে ফিরে এসেছে। তার দ্বীকে সেবা করছেন এমিলি।

ইতিমধ্যে সবাই ডুইংক্সমে ফিরে এসেছে।

রঞ্জার্স তার স্ত্রীর কাছে মুখ নিয়ে ডাকে। এথেল, তুমি কেমন আছে। গু ভয় পাবার কি আছে। আমরা তো সবাই আছি।

এথেল একবাব চোখ খুলে তাকাল। ছ'চোখে তার স্পষ্ট ভয়ের চিহ্ন। তবু সকলের মুখের দিকে একবার সে তাকায়।

—এথেল, নিজের উপর বিশ্বাস রাখো, রজার্স বলে। এই সামান্ত ব্যাপারে ভয় পাবার কী আছে!

ডাক্তার এথেলকে সান্ধনা দিয়ে বলেন, তোমার কিছু হয়নি। তুমি এপুনি সুস্থ হয়ে উঠবে।

- —আমি—আমি অজ্ঞান হয়ে গেছিলাম! এথেল কাঁপা গলায় ডাক্তারের দিকে তাকায়।
  - -- हैंग ।
  - —কী ভয়ম্বর সেই স্বরটা…, বলে এপেল এলিয়ে পড়ে।

ব্যাণ্ডি! তাড়াতাড়ি, ডাক্টাব কোন রকমে একটু ব্যাণ্ডি এপেলের গলায় ঢেলে দেন। তারপর সে স্রস্থ হয়।

- —ঠিক হয়েছি আমি ? এথেলের জিজ্ঞাস্ত। আমার বেন মাধাটা কেমন করে ঘুরে গেছিল।
- সামারও, রজার্স জীর দিকে। তখন আমারও হাত খেকে ট্রেটা পড়ে বায়। আর তুমি বলো, কী সাংঘাতিক সব মিথ্যে কথা!
- —কিন্তু রেকর্ডটা কে চালালো ? ওয়ারত্যেত রজার্সের দিকে তীক্ষ দৃষ্টিতে তাকান। তুমি রজার্স ?

একটা ঝাড়ন দিয়ে রজার্স নিজের মুখ মুছে কিছুটা স্বাভাবিক হতে চাইলো। তারপর কাঁপা গলায় বললো, আমি একজনের ছুকুম তামিল করেছি।

- इक्म ? किन्न कात ?

- —মি: আওয়েনের।
- —ঠিক করে বলো, তিনি তোমায় কী আদেশ করেছেন ?
- —বলেছেন, প্রামাফোনে রেকর্ডটা বসিয়ে চালিয়ে দিতে। রেকর্ডটা থাকবে ডুয়ারে। আর চালাতে বলেছেন, বখন আপনারা কৃষ্ণি পান করবেন। এবং এ কাজের ভার দিয়েছিলেন থামার জ্বীকে।
  - --বাঃ, চমৎকার গল্প!
- —গল্প নয়। সব সত্যি। আমি ভেবেছিলাম, ওটা একটা গানের রেকর্ড। ওটায় একটা কি বেন নামও লেখা আছে।
- —লেখা আছে ? দেখুন তো মিঃ লম্বার্ড, ওর কথা ঠিক কী না! ওয়ারগ্রেভ ওকে অনুরোধ জানান।
- —হাা, আছে বলেই তো মনে হচ্ছে, বলেও আলোতে রেকর্ড-বানা তুলে ধরে।
  - —কী লেখা আছে ? সকলে বেন এক সঙ্গে কথা বলে উঠলো।
  - —বেলা শেষের গান।

#### 9

- —একবারে ডাহা মিথ্যে, ডগলাস বললেন। লোকটাকে শাস্তি দেবার জন্ম কিছু একটা করা দরকার। কি নাম যেন ওর। হাঁা, মনে পড়েছে। আওয়েন। ওকে উচিত শিক্ষা দেওয়া একান্ত প্রয়োজন। এবার এমিলির জিজ্ঞাস্থা, কিন্তু এই আওয়েন লোকটা কে ?
- —সেই কথা আমাদের জানতে হবে। তার জন্ম কিন্তু আলোচনার প্রয়োজন। বলে ওয়ারগ্রেভ রজার্সের দিকে তাকিয়ে বললেন, তুমি তোমার জ্বীকে শুইয়ে দিয়ে এসো। তোমার সঙ্গে কিছু কাজের কথা রয়েছে।
  - —আসছি আমি।
- —দাঁড়াও, আমি তোমায় সাহাব্য করছি, ডাক্তার বললেন। ভারপর ওদের ছ'জনের কাঁথে ভর দিয়ে এথেল আন্তে আন্তে চলে যায়।

- —একটু কফির ব্যক্তা কংলে মন্দ হয় না, মার্সটন বললো। তখন তো কফিটা খাওয়াই গেল না।
  - —কিন্তু রক্ষার্স তো এখন,... ভেরা অমুবিধের কথাটা বললো।
- —ক্ষি আমি করে আনছি, মার্সটন বলে। রজার্সের চেয়ে বোধহয় খারাপ করবো না।
  - —চলো, আমি তোমায় সাহায্য করি, লম্বার্ড বলে ওঠে।

কয়েক মিনিট পরে ওরা বেশ কয়েক কাপ কফি নিয়ে ফিরে এলো এবং তা পরিবেশনের ভার নেয় ভেরা।

ইতিমধ্যে ডাক্তার ফিবে এসেছেন, দেখছি, কফি তৈরি করে ফেলেছেন। আমাকেও এক কাপ দেবেন। আর এথেল ভালো আছে। চিন্তার কোন কারণ নেই। ওকে ঘুমের ওমুধ দিয়ে এসেছি।

এর একটু পরে রজার্স ঘরে ঢুকলো। সারা মুখে ওর একটা অস্বস্তিজনিত ভয়ের ভাব। ও যেন আসামী।

বয়স এবং পদমর্যাদায় সম্ভবত প্রধান মিঃ ওয়ারগ্রেভ। তিনি যেন সভা পরিচালনার ভাব নিলেন।

তিনি বললেন, আমাদের এই রহস্তের কিনারা করতে হবে। বলে তিনি সকলের দিক থেকে দৃষ্টি ফিরিয়ে রজার্সের দিকে তাকান। রক্ষার্স, এই আধ্যেন কে?

- -পাল্ল দ্বীপের মালিক।
- —তা আমরা জানি। তুমি কি জান তাই বলো।
- —আমি কিছুই জানি না।
- --कारना ना ?
- —না স্থার, আর আমি তাঁকে দেখিওনি।
- —দেখনি মানে ?
- —এখানে আমি এবং আমার জ্রী এক সপ্তাহ হল এসেছি। ধবরের কাগজে বন্ধ নাম্বার দেখে চাকরির দরখান্ত করেছি এবং একটা চিঠির মাধ্যমে আমাদের চাকরি দেওয়া হয়েছে।

- —সেই নিয়োগপত্রটা ভোমার কাছে আছে ?
- —**মানে**....।
- —আমতা আমতা করে। না ! ডগলাসের কড়া গলা। এক ছ'চোখে তাঁর একটা সন্দেহ ছায়া ঘনিয়ে ওঠে।
  - —মানে বে চিঠিটা আমাদের দেওয়া হয়েছিল ?
  - **一刻**1
  - —সেটা নেই স্থার।
  - —নেই ? আচ্ছা ঠিক আছে। তারপর ?
- —সেই চিঠি পেয়ে তো আমর। এখানে এসে সব বেড়েবুড়ে পরিকার করলাম। তারপর চিঠিতে হুকুম এলো, অথিতিরা আসবেন। তাঁদের বেন কোন রকম অস্থবিধে না হয়। আবার গতকাল বিকেলে একটা চিঠি পেলাম। তাতে লেখা ছিল, ওঁনারা আসতে পারছেন না। ডিনার, কফি এবং রেকর্ড সম্পর্কেও তাতে নির্দেশ ছিল।
  - —সেই চিঠি তুমি;নিশ্চয়ই তোমার কাছে রেখে দিয়েছো।
- —আজে ই্যা, রজার্স পকেট থেকে খামটা বার করে। এতে চিঠিটা আছে। বলে সে জজ সাহেবের দিকে ওটা বাড়িয়ে দেয়।

তিনি হাত বাড়িয়ে চিঠিটা নিয়ে সেদিকে তাকান। চিঠিটা টাইপ করা। এবং তাতে ঠিকানা লেখা রয়েছে—রিংস হোটেল।

- চিঠিট। একটু দেখতে দেবেন ? জজের কাছে ব্লোর এসে দাঁড়ায়। তারপর চিঠিটা দেখে বলে, করোনেশন টাইপরাইটারে ছাপা। তবে কাগজটা সাধারণ। না, তেমন কোন বিশেষত্ব নেই।
- —আমার মনে হয় আমরা এখানে কেন উপস্থিত হয়েছি, তা সকলকে জানানো দরকার, ওয়ারগ্রেভ এবার অন্য প্রসঙ্গে এলেন। এটা ঠিক আমরা সকলে আওয়েনের অতিথি। তিনি কে এ প্রসঙ্গে আলোচনা পুবই প্রয়োজন। তাঁর ব্যাপারে কে কভটুকু জানেন তা জানা এখন একান্ডভাবে দরকার।
- —আমি প্রথমে বলতে চাই, এমিলি বললেন। আমার কিন্ত ব্যাপারটা বেশ গোলমেলে বলে মনে হচ্ছে। আমি আমার এক

বান্ধবীর কাছ থেকে চিঠিটা পাই। চিঠির তলায় নামটা ছিল অস্পৃষ্ট। পড়তে বেশ অস্থবিধে হয়। প্রথমটা ভেবেছিলাম, ওলিভার বা ঐ জাতীয় কিছু। তবে আওয়েন বলে আমি কাউকে চিনি না।

- —চিঠিটা কি আপনার কাছে আছে **গ**
- —আছে। এক মিনিট। তিনি উপর থেকে চিঠিটা এনে ওঁর হাতে দেন।
- —ভেরা, এবার তোমার কথা বলো, ওয়ারগ্রেভ ওর দিকে ভাকান।

ভেরা জানায়, কি ভাবে সে এখানে সেক্রেটারির কাজ্বটা পেয়েছে।

- —এবার মার্সটন।
- —বার্কলি আমার এক বন্ধু। তার চিঠিতে এখানকার চাকরির ব্যাপারটা জানতে পারি। কিন্তু একটা জিনিস অন্তুত। আমার এই বন্ধু এখন থাকে নরওয়েতে।
  - —ডাক্তার ?
  - —আমার পেশার ব্যাপারেই আমি কল পেয়েছি।
  - —আওয়েনদের চিনতেন না ?
  - --ना ।

লম্বার্ড এক দৃষ্টিতে চেয়ে আছে ব্লোরের দিকে। হঠাৎ দে বলে উঠলো, আমার একটা কথা বলার আছে।

—অপেক্ষা করুন। একে একে সবাই বলবেন। তাকে বাধা দিলেন ওয়ারপ্রেভ। তাছাড়া, আমরা জ্বানতে চাইছি কেন এখানে সকলে এসেছি।

তারপর তিনি জেনারেলের দিকে চোখ ফিরিয়ে বললেন, জেনারেল ডগলাস, এবার আপনি বলুন।

- —আমি আওয়েনের কাছ থেকে একটা চিঠি পাই। তাতে লেশা ছিল—এখানে এলে পুরনো বন্ধুদের সঙ্গে দেখা করতে পারবেন।
  - —এবার মি: লম্বার্ড, বলুন আপনি কি বলতে চান।

লম্বার্ড একটু ভাবলো, সভ্যি বলবো, না অস্ত কিছু। তারপর সে বলে, আপনার কয়েকজন বন্ধু আসছেন। আপনিও আসতে পারেন।

- —সে চিঠিটা ?
- -- আমি সঙ্গে রাখিনি।

একটু চুপ করে থেকে ওয়ারগ্রেভ ব্লোরের দিকে তাকিয়ে বলছে লাগলেন, আমি এইমাত্র একটা বিচিত্র অভিজ্ঞতা অর্জন করলাম। একটা দেহহীন কণ্ঠস্বর আমাদের বিরুদ্ধে অভিযোগ এনেছে। সত্যি কি মিথ্যে সেটা যাচাইয়ের প্রশ্ন। কিন্তু একজনের বিরুদ্ধে সেই দোষারোপ নেই। সেই একজন হলেন উইলিয়াম হেনরি ব্লোর। এই নাম কিন্তু আমাদের মধ্যে কারুর নেই। আছেন মি: ডেভিস বলে একজন। এই অপরাধের তালিকায় এর কোন নাম নেই।

ব্লোর এ কথা রুক্ষ স্থরে প্রতিবাদ করে বললো, আমার নাম ডেভিস নয়।

- —আপনি তাহলে উইলিয়াম হেনরি ব্লোর ?
- ---হাা।
- —আমি এর সঙ্গে আরো কিছু যোগ করতে চাই, লম্বার্চ বললো। তারপর সে ব্লোর দিকে তাকিয়ে তীক্ষ্ণ গলায় জানায়, তুমি আগে বলেছিলে, দক্ষিণ আফ্রিকার তাটাল থেকে এসেছো। আমি দক্ষিণ আফ্রিকার গিয়েছি। আমার দৃঢ় বিশ্বাস, তাটাল বা দক্ষিণ আফ্রিকায় আদে জীবনে যাওনি।

এখন সকলের দৃষ্টি ব্লোরের দিকে। সে চাহনিতে একটা ক্রুদ্ধ ভাব। মার্সটন তো ওর দিকে ঘুঁষি পাকিয়ে এগিয়ে গেল।

- —তাহলে শুমুন আপনারা, ব্লোর সবার দিকে তাকায়। আমি আমার পরিচয়পত্র সঙ্গেই এনেছি। আমি আগে সি. আই. ডি-তে ছিলাম। এখন আমি প্রাইভেট গোয়েন্দা। আমার অফিসও আছে। আর এখানে সেই কাজ নিয়েই এসেছি।
  - —কে আপনাকে আসতে বলেছে **?**
  - —মি: আওয়েন। সঙ্গে মোটা টাকার মনি-অর্ডার পাঠিয়েছেন

এবং অমুরোধ করেছেন, আমি যেন আপনাদের উপর নঞ্জর রাখি।

- --- নজর রাখবেন গ
- —<u>ই</u>ग ।
- --কিন্তু কেন ?
- —কেন আবার, বাতে মিসেস আওয়েনের মূল্যবান গহনাগাঁটি না চুরি বায়, বলেই ব্লোর বলে। গহনা না ছাই। এ নামে এখানে কেউই নেই। আর আমি আপনাদের নামের একটা তালিকা আগেই পেয়েছি।
- —আর লোকটা বদি থাকেও তাহলেও একটা আন্ত পাগল, ভেরা ওদের মাঝে কথা বলে।
- —পাগল ? হতে পারে। গন্তীর গলায় বিচারপতি ওয়ারগ্রেভ বললেন। কিন্তু এ এমন পাগল বাকে ভয় করার বথেষ্ট কারন আছে। ভাই নয় কী ?

#### চার

কয়েকটি মানুষ নি:শব্দে বসে আছে। কারুর মুখে কোন কথা নেই। ওদের মধ্যে বেন একটা হতাশার ভাব ফুটে উঠেছে।

এবার বিচারপতি ওয়ারগ্রেভ সকলের দিকে তাকিয়ে বললেন, আমি নিজে কেন এখানে এসেছি তা প্রথমে বলি। তারপর তিনি পকেট থেকে একটা খাম বার করে টেবিলে রাখলেন। তার মধ্যে থেকে চিঠিটা হুতুলে নিলেন। আমি এই চিঠি কয়েকদিন আগে পাই। লিখেছেন লেডী কন্স্টান্স কালমিংটন। আমার বিশেষ পরিচিতা। তবে তাঁর সঙ্গে আমার বেশ কয়েক বছর যোগাবোগ নেই। শুনেছিলাম, তিনি নাকি বিদেশ ভ্রমণে বেরিয়েছেন। এই চিঠিটা তো আপনারাদেখতে পাছেছেন। এই রকম চিঠি আমরাপ্রত্যেকে পেয়েছি। এই চিঠিট ভূরো বলে প্রমাণিত হয়েছে। তবে যে বা বারা এই চিঠি

পাঠিয়েছে, তারা কিন্তু আমাদের ব্যাপারে অনেক খবরা-খবর বোগাড় করেছে। আমার নিজের কথাই ধরুন না। আমাকে বে চিঠি লিখেছে। তার সঙ্গে লেডী কন্স্টান্সের দারুণ পরিচয় না থাকলে এ ধরনের চিঠি লেখা কখনো সম্ভব নয়। কারণ হাতের লেখার দারুণ মিল। এইভাবে আমরা সবাই চিঠি পেয়েছি। এতেই বোঝা যাছে, চিঠি-প্রেরক অনেক খবর রেখেই তবে এ কাজ্টা করেছে।

তিনি একটু থেমে আবার বললেন, সে আমাদের সম্পর্কে অনেক কিছু জানে। তাই অপরাধগুলো আমাদের সবার ঘাড়ে একে একে চাপিয়েছে।

- —না, না, এসব মিথ্যে কথা, প্রতিবাদের ঝড় উঠলো। যিনি প্রথমে গর্জে উঠলেন তিনি হলেন জেনারেল।
- —একটা বাজে লোকের এসব কাজ। ভেরা চিংকার করে বলে, একটা অসভ্য বদমাশ লোক।
- —মিথ্যে কথা ! চেঁচিয়ে ওঠে র**ন্ধার্মও। আমরা কেউ কোন** অপরাধ করিনি।
- —ও চায় কী ? আর ওর মতলবই বা কী ? আগটনি জ্বোর গলায় চেঁচিয়ে কথাটা বলে।

মি: ওয়ারপ্রেভ একট। হাত তুলে সকলকে থামতে অমুরোধ করলেন। তারপর সবাই একটু শান্ত হতে তিনি একটু ভেবেচিন্তে বললেন, আমি প্রথমে নিজের কথা বলি, তাহলে বৃক্তে পারবেন আমি কি বলতে চেয়েছি।

একটু দম নিয়ে তিনি আবার বলতে শুরু করলেন, আমার এই অজ্ঞানা বন্ধুটি আমার বিরুদ্ধে অভিযোগ এনেছেন যে, আমি নাকি জনৈক এডওয়ার্ড সেটনকে.....। এবার আমি ঘটনাটা বলি। ১৯...এর জুন মাসে আমার এজ্ঞলাসে তার বিচার হয়। তার বিরুদ্ধে অভিযোগ ছিল, বয়স্কা এক নারীকে হত্যা করার। দারুণ ভাবে সে তার আত্মপক্ষ সমর্থন করে। তার বিরুতি শুরিদের মনেও বেশ প্রভাব বিস্তার করে। কিন্তু তার বিরুদ্ধে যে প্রমাণ পাওয়া গেছে। তাতে

সে যথেষ্ট অপরাধ করেছে। আমি চুল-চেরা বিচার করে ভাকে মৃত্যুদণ্ড দি। সে আপীল করে। সে আপীল খারিজ হয়ে যায়। ভারপর যথা সময়ে ভার মৃত্যুদণ্ড হয়।

তিনি সবার দিকে তাকিয়ে আবার বলেন, আপনারা বলুন এতে আমার অপরাধ কোথায় ? আমি ইচ্ছাকৃত ভাবে কিছুই করিনি। বা করেছি আইনের সাহায্যে। ফলে আমি বিবেকের কাছেও দায়মুক্ত। তাহলে আমার অপরাধ কোথায়। আমি বিচারকের আসনে বসে পবিত্র কর্তব্য পালন করেছি মাত্র।

এই সেটন মামলার কথা আর্মস্থায়ের মনে পড়ে। সবাই ভেবেছিল, রায়টা উপ্টো হবে। তাঁর এক আাডভোকেট বন্ধু মাাথুজ তাঁকে এই মামলার কথাটা বলেছিলেন। রেস্তোরীয় বসে হ' বন্ধুতে কথা হচ্ছিল। তখন ম্যাথুজ বলেছেন, দেখো আসামী বেকস্থর খালাস পেয়ে বাবে। কিন্তু তা হলো না। পরে বিশ্বিত হয়েছেন ম্যাথুজ। তাঁর ক্ষোভ আজও ডাক্ডারের মনে আছে। তিনি বলেছেন, আসামীর উপর জজের কোন গোপন রাগ ছিল। সেটা শ্বাজ তিনি স্বদে আসলে তুলে নিলেন। লোকটাকে কাঁসির দড়িকাঠে না ঝুলিয়ে বেন ওঁ স্বস্তি পাচ্ছিল না। তবে বুড়োকে কিছু বলা যাবে না। আইন রপ্ত করেছে ভালো।

ভাক্তারের এই দব কথাগুলো মনে পড়ে। তিনি আর চুপ কবে বদে থাকতে পারলেন না। বললেন, আপনি কি মামলার আপ্নে থাকতে দেটনকে চিনতেন ?

এ কথা শোনার সঙ্গে সঙ্গে ওয়ারপ্রেভের মুখ চোখ রাগে লাল হয়ে ওঠে। তবু নিজেকে শান্ত এবং সংযত করে বললেন, মামলার আগে ওকে চেনা তো দ্রের কথা, ওর নাম পর্যন্ত শুনিনি। সম্পূর্ণ অপরিচিত একজন।

আর্মস্ট্রং মনে মনে বলে উঠলেন, জ্বজ সাহেব, তুমি মিথ্যে বলছো। একবারে মিথো।

এবার ভেরার পালা। সে কাঁপা কাঁপা গলায় বললো, একটি শিশুর কথা আপনাদের বলছি। তার ডাক নাম সিরিল। আমি তার গভর্নেদ ছিলাম। ওর সারাদিনের শিক্ষিকা এবং বন্ধু তুই আমি। ও আমাকে খুব ভালোবাসতো। আর আমিও তাকে, বলতে বলতে দে কারায় ভেঙে পড়ে।

তারপর নিজেকে সামলে নিয়ে ভেরা আবার বলে, কী সুন্দর
মার চঞ্চল ছিল সে। এই চঞ্চলতাই ওর কাল হলো। ওকে তখন
মামি সাঁতার শেখাচ্ছিলাম। একলা জলে নামতে দিতাম না। এবং
দূরেও নয়। একদিন একটু অগ্রমনস্ক হয়ে পড়েছিলাম। তখন জলে
মামি নামিনি। সেই ফাকে ছুটুটা গিয়ে জলে নেমে পড়লো। টের
পেতেই আমি ঝাঁপিয়ে পড়ে ওকে জল থেকে তুলতে চেন্তা করলাম।
কিন্তু তখন অনেক দেরি হয়ে গেছে। আমার তো কোন দোৰ ছিল না।

ভেরা হাতের উপেটা পিঠ দিয়ে চোধের জ্বল মূছে ধরা গলায় ক্ষের বলে, তদন্তে আমি নির্দোষ প্রমাণিত হই। ওদের পরিবারের সকলে আমায় দারুণ ভালোবাসতো। বিশেষ করে বাচ্চাটির মা। ওরা আমার প্রতি খুব করুণা দেখিয়েছিল বাতে বিচারে আমার কোন সাজা না হয়।

ভেরা এবার নিজেকে সামলে নিয়ে বললো, কিন্তু আছে আমায় দোষারোপ করা হচ্ছে কেন ? এর মানে কী ? এসব তো আদৌ ভালো কথা নয়।

কথা শেষ করে ভেরা নিজেকে আর সামসাতে পারে না। বর-বার করে ফু"পিয়ে ফু"পিয়ে বাচ্চা মেয়েদের মত কাঁদতে থাকে।

—তুমি কেঁলো না, জেনারেল ডগলাস ভেরাকে সান্ধনা দিয়ে বলেন। ভোমার বিরুদ্ধে বে অভিযোগ আনা হয়েছে তা কেউ বিশাস করছে না। সব মিখ্যে। আসলে এটা একটা পাগলের কাণ্ড।

তারপর ভগলাস সোজা হয়ে দাঁড়িয়ে বুক টান করে বললেন,

এইসব আজেবাজে অভিযোগ সম্বন্ধে চুপ করে থাকাই শ্রেয়। তবে আর্থার রিচমণ্ডের সঙ্গে আমার ও আমার স্ত্রীর নাম জ্ডে যে সব বলা হয়েছে, তা সব মিথ্যে। রিচমণ্ড ছিল আমার বাহিনীর একজন নতুন অফিসার। যুদ্ধক্ষেত্রে তার মৃত্যু হয়, যা অনেকেরই হয়ে থাকে। সম্পূর্ণ স্বাভাবিক মৃত্যু। আর লড়াইতে তো ঐ সব হতেই পারে। এবং হয়েছিলও তাই। আর আমার স্ত্রী ছিল সতীসাধবী।

হঠাৎ জেনারেল বদে পড়লেন। একটা হাত দিয়ে নিজের চিবুকটা ধরে রয়েছেন। হাতটা তাঁর ঈষৎ কাঁপছে। মনে হয়, এই মাত্র দূঢ়কণ্ঠে যা বললেন তা বলতে গিয়ে প্রচণ্ড মানসিক শক্তি ব্যয় করতে হয়েছে। ভেতরে যেন গভীর ক্লান্তি ও অবসাদ।

এইবার লম্বার্ড কথা বললো। তার গ্র'চোখে কোতৃক। সে বলে, ও বে কালা আদমীগুলোর কথা বলা হয়েছে আমার বিরুদ্ধে, তা...।

- —তা কী ? মার্সটনের জিজ্ঞাসা।
- —সম্পূর্ণ সভ্যি, হাসলো লম্বার্ড। দলে আমরা তিনজন ইংরেজ ছিলাম। খাবার ফুরিয়ে এসেছিল। আবার আর এক বিপদ। বনের মধ্যে পথও হারিয়ে বসেছিলাম। সবার কাছে নিজের প্রাণ সব থেকে বড়। ফলে আমরা তিনজন ওদের ফেলে চম্পট দিয়েছিলাম।
- —তোমরা দলের লোকদের ফেলে পালালে ? ডগলাস ওকে ধিকার দিলেন। ভীরু, কাপুরুষের দল কোথাকার! নিজেদের প্রাণটাই সব চেয়ে বড় হলো। ওরা মানুষ নয়।
- এখন ব্রুতে পারছি, পাকা ইংরেজের মত কাজটা হয়নি, লম্বার্ড হাসলো। আসলে শাস্ত্রের কথা মেনে চলেছি। নিজে বাঁচলে বাপের নাম। আশা করি আমার তখনকার মনের অবস্থা আপনারা ব্রুতে পারছেন। আর তিনজন খেতাজের চেয়ে কুড়িটা জংলীর দাম কী বেশী।
- ওদের মরণের মুখে রেখে পালাতে পারলেন ? ভেরা বিশ্বয় প্রকাশ করলো। আপনার বিকেক আপনাকে বাধা দিল না ?

## —না, দিল না, লম্বার্ডের সাফ জবাব।

- —এবার আমি ভাবছি নিজের কথা, বললো আান্টনি মার্সটন।
  জন এবং লুসি কোম্বের হত্যার অপরাধে আমি নাকি অপরাধী।
  কিন্তু উপস্থিত সকলের কাছে আমার একটা প্রশ্ন, তারা কারা ? ও
  হ্যা, এখন মনে পড়েছে। কেম্ব্রিজের কাজে এক জোড়া বাচনা
  আমার গাড়ির তলায় চাপা পড়েছিল। পোড়া কপাল আর কী!
- —পোড়া কপাল কার ? ওয়ারগ্রেভ টিপ্পুনি কাটেন। তোমার না তাদের ?
- —নিজের কথা আমি বলছি। তবে আপনিও ভুল বলছেন না।
  ভাগ্য তাদের মন্দ বলতে হবে বই কি। এটা একটা ছুর্ঘটনাই বলা
  চলে। ওরা কাছের একটা বাড়ি থেকে দৌড়ে আমার গাড়ির তলায়
  এসে পড়েছিল। একটা মর্মাস্টিক ঘটনা।
- —তোমরা, মানে আজকালকার ছেলেরা বড় বেপরোয়া ভাবে গাড়ি চালাও, ডাক্তার বললেন। আর না হলে নাকি তোমাদের গাড়ি চালিয়ে স্থুখ হয় না। কিন্তু এটা উচিত নয়।
- কিন্তু দোষ কিসে বলুন! যুগের যা হাওয়া। আর ইংল্যাতের বাস্তায় কী জোরে গাড়ি চালানো যায়! তবে বাই হোক্, ঐ ঘটনার জন্ম আমি আদৌ দায়ী ছিলাম না।

#### Ð

- আমি বলছিলাম..., রজার্স গলা পরিষার করে বলে।
- —বলো কি বলছিলে ? লম্বার্ড প্রশ্ন করলো।
- —স্থার, আমাকে ও আমার জ্রীকে জড়িয়ে মিদেস ব্র্যাডি সম্বন্ধে বা বলা হয়েছে তা সম্পূর্ণ...
  - –তাকী গ
  - --- একবারে ভাহা মিথো।
  - --বলে বাও।

—তাঁর শরীর ভালো ছিল না। বিয়ে-থাও কোনদিন করেননি।
আমরা ছ'জনে মিলে তাঁর দেখাশোনা, সেবা-যত্ন সবই করতাম।
তিনিও আমাদের খুব ভালোবাসতেন। একদিন তাঁর শরীরটা খারাপ
হলো। রাতে আবার বেশী বাড়াবাড়ি। সেই সঙ্গে আবার প্রবল ঝড়
বৃষ্টি। পায়ে হেঁটে ডাক্ডারের বাড়ি গেলাম। তিনি এলেন। কিন্তু
তথন অনেক দেরী হয়ে গেছে। তিনি হার্টফেল করে মারা গেছেন।

রজাদ ভেজা গলায় আবার বলে, আমরা শেষ পর্যন্ত তাঁর সেব। করেছি। কর্তব্যে এতটুকু অবহেলা ছিল না। কেউ কোনদিন আমাদের দোষারোপ করতে পারেননি। আর শেষে কী না আমাদের নামেই.....।

লম্বার্ড স্থির দৃষ্টিতে রজার্দের দিকে তাকিয়ে রইলো। কিছু লিজেন করলোনা।

প্রশ্ন করলো ব্লোর। বললো, যাক্, তিনি তো গেলেন। সেই সঙ্গে তোমাদের কী পথে বসিয়ে গেলেন ? না, তোমাদের পকেটে কিছু এসেছে ?

- —তাঁকে সেবা করার পুরস্কার তিনি আমাদের দিয়ে গেছেন, রজাস জানায়। আর কেনই বা দেবেন না!
- —মি: ব্লোর, এবার নিজের কথা কিছু বলুন, লম্বার্ড ব্লোরের দিকে তাকিয়ে কথাটা বলে।
- —আমাব আবার কী কথা ! ব্লোর ষেন ধপাস করে এইমাত্র আকাশ থেকে পড়লো।
  - —কেন, আপনার নামও সেই তালিকার মধ্যে আছে।
- —ও, দেই ল্যাণ্ডরের কথা বলেছেন ! দেই ব্যান্ধ লুটের। আসামী !

একথা শুনে ওয়ারগ্রেভ একটু নড়ে চড়ে বসলেন। বললেন, মামলাটা অবশু আমার এজলাসে ওঠেনি। তবে ঐ মামলার কথা আমার বেশ মনে আছে। আপনার এজাহারের উপর ভিত্তি করে ল্যাণ্ডরের শাস্তি হয়, তাই না ? পুলিশের তরফ থেকে আপনিই মকদমার তদারক করছিলেন। ল্যাণ্ডরের কারাদণ্ড হয়। তার স্বাস্থ্য ভালো ছিল না। কয়েক বছর পরে জেল হাসপাতালে তার মৃত্যু হয়।

- জালিয়াত লোকটা রাতের পাহারাদারকে কাবু করে কাজ হাসিল করেছিল, ব্লোর বললো। তার অপরাধ স্পষ্টভাবে প্রমাণিত হয়েছে।
- —আর দক্ষতার সঙ্গে মামলা পরিচালনা করার জন্ম আপনি কোন পুরস্কার পাননি ?
- আমার পদোন্নতি হয়েছিল, ব্লোর জানায়। আসলে আমি তো আমার কর্তব্য সঠিক ভাবে পালন করেছিলাম।
  - —সভ্যি, কী কর্তব্যপরায়ণ, স্থায়নিষ্ঠ ! অবশ্য আমি বাদ।

ওয়ারত্রেভ এবার ডাঃ আর্মস্ট্রংকে তাঁর বক্তব্য পেশ করতে বললেন।
তা শুনে ডাক্তার বলেন, কী বলবো বলুন তো! বাক্, আপনারা
বখন শুনতে চেয়েছেন। ওর নামটা যেন কি ছিল! ক্লিস্ট্রা না ক্লোজ ?
স্বিত্যি কথা বলতে কি, ঐ রোগীর নাম আমার মনে নেই। কিংবা
মনে পড়ে না আমি কোন মৃত্যুর সঙ্গে জড়িত। সমস্ত ব্যাপারটা
আমার কাছে রহস্মজনক বলে মনে হচ্ছে। অনেক দিন আগের
কথা। হয়তো হাসপাতালে কোন অপরারেশন কেস। ওরা অনেকেই
আসে দেরিতে আর এ ক্লেত্রেও তাই হয়েছিল। তাতে দোষ হয়
ডাক্তারের।

তারপর মনে মনে ভাবলেন ডাক্তার, হ্যা, আমি মদ পান করেছিলাম। নেশা হয়েছিল। হাত কাঁপছিল। সেই অবস্থায় তাকে অপারেশন করি। হ্যা, তাকে আমিই মেরে ফেলি। আহা কতই বা মহিলাটির বয়স হয়েছিল! সামাশ্য আপারেশন। তবু গোলমাল করে কেলি। কিন্তু কেউ জানে না। শুধু একজন ছাড়া। সে হলো সিনিয়ার নার্স। সে কাউকে বলেনি। কিন্তু এতদিন পরে কে সে কথা জানলো, সেটাই দাকণ এক আশ্চর্যের কথা। এবার সকলে প্রস্তুত হলো এমিলি ত্রেন্টের বক্তব্য শোনবার জ্ঞা। সকলের দিকে তাকিয়ে তিনি বললেন, আপনারা কী আমার কাছে কিছু শুনবার জ্ঞা অধীর আগ্রহে অপেক্ষা করছেন ? তাহলে কিন্তু নিরাশ হবেন। আমার কিছুই বলাব নেই।

- —কিছু নেই ? জ্ঞাের প্রশ্ন।
- —না ৷
- —আত্মপক্ষ সমর্থন করতে চান না ?
- —তার তো কোন প্রশ্নই এক্ষেত্র উঠছে না, আর চিরদিন আমি আমার বিবেক দারা পরিচালিত হই। সে বিবেকের নির্দেশ শুভ। আত্মও এ ভাবে চলছি।

একটা অস্বস্থির আবহাওয়া ঘরের চাবদিকে ছড়িয়ে পড়েছে, কিন্তু অনত রইলেন এমিলি :

- —যাক্, আমার তদন্ত শেষ হলো, বিচারপতি ায়ারগ্রেভ গলাটা একটু কেশে পরিষ্কাব করে বললেন। তারপন ডিনি রক্ষাদেবি দিকে তাকিয়ে বললেন, আছ্যা রন্ধাস' ?
  - <u> বলুন।</u>
- —আমরা ক'জন, এবং তুমি ও তোমার স্ত্রী ছাড়া এই দ্বীপে আর কেউ আছে ?
  - —না স্থার।
  - जूमि ठिक जाता ?
  - —ইা। স্থার।
- —আমরা যার আমন্ত্রণে এখানে এসেছি সেই লোকটিকে মোটেই স্থবিধের বলে মনে হচ্ছে না। তার বে কী উদ্দেশ্য তাই বুঝতে পারছি না। তবে তার উদ্দেশ্য যে শুভ নয় এ কথা স্পষ্ট। শুধু তাই নয়, লোকটা আমাদের স্বার পক্ষেই ক্ষতিকর। তাই বত তাড়াতাড়ি সম্ভব আমাদের এই দ্বীপ ছেড়ে চলে বাওয়া উচিত। আমি প্রস্তাব করি,

## আজ রাতেই আমরা এই দ্বীপ ছেড়ে চলে বাই।

- —কিন্তু স্থার, বাবেন কি করে। এখন তো বোট নেই।
- —নেই ? কিন্তু তীরের সঙ্গে তোমরা যোগাযোগ রাখো কি করে ?
- —রোজ সকালে বোট নিয়ে আসে নারাকট। রুটি, ছুধ আব চিঠিপত্র দিয়ে যায়। আর বিছু ফরমাস থাকলে পরে তাব ব্যবস্থা কবে।
- —তাহলে কাল সকাল পর্যন্ত খামাদের এখানে অপেক্ষা করা ছাড়া উপায় নেই, ওয়ারগ্রেভ বেশ চিন্তিত ভাবে কথাগুলো উচ্চারণ করেন।

সবাই একমত যে, কাল সকালেই এই দ্বীপ ছেড়ে সবাই চলে বাবে শুধু একজন ছাড়া। সে হলো মাস চন। সে বললো, আমি রহস্তের সন্ধান পাচ্ছি। এব সমাধান করবো তথেই এখান থেকে বাবো। তাব আগে নয়। আব আমি বিপদে ভয় পাই না।

তারপর টেবিলের উপব থেকে একটা মদের গ্লাস সে তুলে নেয় এবং মুখে ঠেকাবার সঙ্গে সঙ্গে তাব মুখ কুঁচকে ওঠে। হাত থেকে তার গ্লাসটা পড়ে বায় নিজেও পড়ে গেল চেযাব থেকে টলে।

## পাচ

ঘটনাটা এত জ্ৰুত ঘটে গেল যাতে স্বাই হকচকিয়ে যায়। বিশ্বয়ে স্বাই যেন ই। হয়ে মাটিতে লুটিয়ে পড়া দেহটার দিকে তাকিয়ে থাকে।

সবার আগে ডাক্তার ছুটে থান এবং ই।টু গেডে বসে নাড়ী প্রীক্ষা করতে থাকেন। ভারপর গন্তীর গলায় জ্ঞানালেন, একী! এ যে আর বেঁচে নেই!

তাদের সেই বিশ্বয়ের ঘোর এখনো কার্টেনি। এরপর আবার এক চমক। না, না, এ যে তারা কিছুতেই বিশ্বাস করতে পাবছে না। গ্রীক দেবভার মত ফুন্দর এবং এমন স্বাস্থ্যকান্তি যুবক কখনো এভাবে মারা যেতে পারে! এ কী করে সম্ভব হলো ? এর পিছনে কার বা কাদের নোংরা কালো হাতের কারসাজি আছে ?

জেনারেল ডগলাস একটু করুণ ভাবে ডাক্তারের দিকে তাকিয়ে বললেন, বিষম লেগেই কি ছেলেটির মৃত্যু ঘটলো ?

—শ্বাসরোধ ? ই্যা, তা বলা বেতে পারে। তবে একটু পরীক্ষা করে দেখা একান্ত প্রয়োজন।

কথা শেষ করে ডাক্তার গ্লাসটা তুলে নিয়ে নাকের কাছে ধরলেন।
সামান্ত একটু তলানি পড়ে রয়েছে। তা আঙুলের ডগা দিয়ে তুলে
আলতাে করে জিভে ঠেকালেন। তারপর আবার তাকালেন মৃত
মার্সটনের মৃতদেহের দিকে। তার ঠে টি ছটো নীল হয়ে গেছে। একটু
বিক্বত।

ভাক্তারের যা বোঝার তা বোঝা হয়ে গেছে। তিনি চেঁচিয়ে বলেন, এ মৃত্যু স্বাভাবিক নয়। তাঁকে এখন যথেষ্ট উত্তেজিত দেখাছে।

ভেরা একটু ভয়ের সঙ্গে ফিস্ফিস করে জিজেস করে, গ্লাসটায কিছু ছিল নাকি ?

- —ইয়া। তবে কি তা এখন সঠিক ভাবে বলা যাচছে না। আমান দৃঢ় বিশ্বাস, পটাসিয়াম সায়নায়েড ছিল। ফলে সঙ্গে সঙ্গে কাজ করেছে। নইলে এমন কখনো…।
  - —গ্লাসে ? ভেরার সঙ্গে ওয়াবগ্রেছও বিশ্বিত।
  - žji I
- আপনার কি মনে হয়, ও নিজেই ওর গ্লাসে এমন বিষ মিশিয়েছিল ? লম্বার্ডের জিজ্ঞাস্ত।
  - —আত্মহত্যা ? ব্লোর হতবাক। আশ্চর্য ! এ কী করে সম্ভব !

ডাক্তার জবাব দিতে পারছেন না। ভেরা আস্তে আস্তে কথা বলে ওঠে, না, না, আত্মহত্যা, তা হতে পারে না। এমন সতেজ মামুষ সে চল গেল। এ ভাবতে পারছি না। সন্ধ্যেবেলা বখন গাড়ি চালিয়ে এলো তখন থকে দারুল দেখাছিল। এই দেবতার মত মামুষ্টিকে তার অমর বলে মনে হচ্ছিল। তবে কী ঈশ্বরের কোন কোপে সে মাটিতে এমন করে লুটিয়ে পড়ে আছে।

—মনে হয় আত্মহত্যাই, ডাক্তার বলেন। এ ছাড়া আর কী হতে পারে।

অশু সবাই মাথা নাড়ে। হাা, আত্মহত্যাই হবে।

ইতিমধ্যে অস্তু গ্লাসগুলো পরীক্ষা করা হলো। তাতে সন্দেহ করার মত কিছু পাওয়া গেল না। তাছাড়া, মার্সটন ওদিকের টেবিল থেকে নিজেই একটা গ্লাস তুলে নিয়েছিল। তবু কেন সে এমন আত্মহত্যা করতে যাবে ? কেন ? কেন ?

- —আমার মনে হচ্ছে র মধ্যে কোন অজ্ঞানা রহস্ত লুকিয়ে আছে, ব্লোর বলে। আত্মহত্যা করার মতো ও ছিল না।
- আমি আপনাব সঙ্গে সম্পূর্ণ এক মত, ডাক্তার চিস্তিত মুখে মাথা নাডেন।

### ঽ

ডাক্টার আর দুম্বার্ড ধরাধরি করে মার্সটনের মৃতদেহ নিয়ে গিয়ে তার ঘরে শুইয়ে দিল। তারপর একটা সাদা চাদর দিয়ে তার মৃতদেহটা চেকে দেয়। এই ঘরে তার বিশ্রাম নেবার কথা ছিল। আর সেই মানুষ কী না এখন নিস্তেজ হয়ে পড়ে রয়েছে। কোনদিন জাগবে না।

ওরা নিচে নেমে এলো। সকলে ওদের জন্ম অপেক্ষা করছিল। এখন বেন সকলেই সবার সান্নিধ্য চায়। আসলে সকলে একটা নিরাপত্তার অভাব বোধ করছে।

- রাত অনেক হলো, এমিলি বললেন, এবার শুতে গেলে হয়। হ্যা, রাত বারোটা এখন। প্রস্তাবটা উত্তমই। তবু সবাই একটা দ্বিধা আর দ্বন্থে ভূগছে।
  - —হাা, একটু ঘুম দরকার, ওভারত্রেভ বললেন।
- —খাওয়ার টেবিল এখনো পরিষ্কার করতে পারিনি, রজার্স কাঁপা গলায় কথাটা বলে।

- —কাল করো, লম্বার্ড বলে।
- —তা তোমার স্ত্রী এখন কেমন আছে ? ডাক্তার জ্ঞানতে চান।
- একটু দেখে এসে বলছি।
- ও হু' মিনিট পরে ফিরে এসে জানায়, খুমচ্ছে।
- —ওকে এখন আর জাগিও না।
- —না স্থার। এবার খাওয়ার ঘরটা একটু ভদ্রস্ত করে তাঙ্গা ঙ্গাগিয়ে আমি শুতে যাবো।
  - —হ্যা, তাই করে।।

তারপর রজাদ' চলে গেলে ওরা উপরে উঠে গেল। যেন কতগুলো মৌন মানুষ মিছিল করে চলেছে।

#### **e**

ঘরে ক্লান্থ ভাবে প্রবেশ করে ওয়ারত্রেভ নৈশ পোশাক পরে শুতে বাবার জন্ম প্রস্তুত হল। হঠাৎ তাঁর এডওয়ার্ড সেটনেব কথা মনে পড়ে বায়। স্থানর ভাবে সেদিন কথাগুলো সে বলেছিল। ওর উকিল ম্যাথুসও চমৎকার সভয়াল করেছিলেন। সত্যি অন্তুত। বেমন অকাট্য যুক্তি, তেমন ভাষার বাধুনি।

সরকার পক্ষে উকিলটা একবারে অপদার্থ ছিল। খুব বাজে ভাবে সওয়াল করছিল।

তারপর ওয়ারগ্রেভ টেবিলের উপর থেকে ঘড়িটা তুলে নিলেন। এরপর দম দিয়ে আবার ওখানেই রাখলেন।

হাা, সেটনকে একের পর এক জেরা করা হয়েছিল। সে স্থলর ভাবে উত্তর দিয়ে গেছিল। এতটুকু উত্তেজিত, বা ভয়ে থতমত খেয়ে বায়নি। ফলে জুরিরা ওর প্রতি প্রভাবিত হয়েছিল। ও বেকসুর খালাস পাবে এ কথাই বোধ হয় সবাই জানতো।

তারপর ওয়ারগ্রেভ বাধানো দাঁত ছটো খুলে একটা গ্লাদের মধ্যে জলে ডুবিয়ে রাখলেন। দাঁত খোলার পর তাঁর গাল চুপদে গেরে। তাঁকে এখন কিছুটা অন্য রকম দেখাছে। না, সেটন মুক্তি পায়নি। তাঁর রায়েই ওর দফারফা সব শেষ। আলোটা বেন আর ওয়ারগ্রেভ সহ্য করতে পারছেন না। তিনি বাঁ হাত দিয়ে আলোটা নিবিয়ে দিলেন। আলোর মুখোমুখি তিনি দাঁড়াতে কী ভয় পাচ্ছেন!

8

রজ্বার্স তার কাজে ব্যস্ত হয়ে পড়েছে। ঘর পরিষ্কার করে সে চার-দিকটা একবার ভালো করে দেখে, আর তখনই ঘটনাটা তার চোখে পড়ে ষেতে সে আঁতিকে ওঠে।

না, না, এমনটা তো হতে পারে না। একটু আগেও সে ওখানে দশটা পুতৃস দেখেছে। এখন তার জায়গায় 'রয়েছে ন'টা পুতৃস। একী করে সম্ভব ? কী করে ?

6

ঘুম আসছে না জেনারেল ডগলাসের। তিনি শুবু বিছানায় এপাশ ওপাশ করছেন। ঘর অন্ধকার। তাতেও তিনি যেন স্পষ্ট অর্থার রিচমণ্ডের মুখখানা দেখতে পাচ্ছেন।

তিনি নিজে ঐ তরুণ অফিসারটিকে পছন্দ করতেন, আর ওকে দেখে তাঁর স্ত্রী লেসলিও খুশী হয়েছিল। অথচ অন্তদের দেখলে বলতো, দ্র! ওটা একটা বোকা। চাহনি দেখছো না! অর্থাৎ কাউকে দেখলে গার সম্বন্ধে কিছু না কিছু বিরূপ মন্তব্য করবেই। এমন নাক উচু মেয়ে মাতুব ছিল। কিন্তু সেই ব্যতিক্রম ঘটলো রিচমণ্ডের ক্ষেত্রে।

তারপর খুব ভাব হয়ে গেশ হ' জনের মধ্যে। এক সঙ্গে গল্প করান আলোচনা হত খেলা, গান বা কোন ছবি নিয়ে। আবার মাঝে মাঝে লেসলি ইচ্ছে করে রিচমগুকে রাগিয়ে দিয়ে আনন্দ পেত। তবে এর মধ্যে স্নেহের ভাবটাই বেশী ছিল। পরে আবার লেসলি তার মান ভাঙাতো। এ সব দেখে তিনি খুশী হতেন।

किन्ध त्यर ना, हारे। प्रणि, त्यपिन की ज्यपेशि ना करत्रहित्यनः।

ওদের অবাধে মেলামেশার স্থ্যোগ দিয়েছিলেন। ওদের বয়সের পার্থ্যকটা তিনি ভূলে গেছিলেন। তখন লেসলির বয়স ছিল উনত্রিশ, আর রিচমণ্ডের আঠাশ।

তিনি ভালোবাসতেন লেসলিকে। ও সুন্দরী ছিল। ওর মাথায় এক রাশ সোনালী চুল ছিল। নীল চোখে ওকে দারুণ লাগতো। আর ওকে তিনি দারুণ বিশ্বাস করতেন।

হ্যা, সেই বিশ্বাসের প্রতিদান তিনি পেয়েছেন, কিন্তু এমন ভাবে বে পাবেন তা তিনি আদৌ ভাবতে পারেন নি। এক সময় তিনি সব জানতে পার্লেন।

কিন্তু ওরা ? তা জানতে পারলো না। ওরা মেতে রইলো নিজেদের নিয়ে। সে এক বিচিত্র উন্মাদনা ওদের।

উ:, সে সময় তিনি কী এক মানসিক বস্ত্রণায় ভূগছিলেন। তখন তিনি ফ্রান্সে ছিলেন। রিচমগুও সেখানে। মাঝে মাঝে সে বেত দেশে —ইংল্যাণ্ডে। লেসলিও ছিল ওখানে। দেশের প্রতি টানের ব্যাপারটা তার কাছে ধরা পড়লো। হঠাৎ রিচমগুকে লেখা লেসলির একটা চিঠি তাঁর হাতে এসে যায়।

তিনি সব জানতে পারলেন। ওদের গোপন অভিসারের কথা। তারপর তিনি রিচমগুকে মৃত্যুর মুখে পাঠালেন। তখন লড়াই প্রায় শেষ হয়ে এসেছে। তবু ফ্রান্সে কয়েকটা স্কুরক্ষিত ঘ**াটি** ছিল শক্র-পক্ষের। তারই একটায় আক্রমণ করার নেতৃত্ব দিলেন রিচমগুকে। ও আরু ফেরেনি।

রিচমণ্ডের মৃত্যু সংবাদ তিনি লেসলিকে জানিয়েছিলেন। লেসলি নিশ্চয়ই কেঁদেছিল। কাঁছক। তখন তিনি বাননি। গেছেন দেরি করে।

যুদ্ধ শেষ হলো। তারপর দেশে ফিরলেন তিনি। ফিরে তিনি লেসলিকে ব্যাপারটা জানতে দেননি। চমৎকার অভিনয় করে গেছেন।

এর চার বছর পরে লেসলি নিউমোনিয়ায় মারা বায়। তিনি

ভেবে দেখলেন, তারপর আজ যোল বছর পার হয়ে গেছে।

কিন্তু এত দিন পরে আজ্ঞ কে রিচমণ্ডের কথা জানালো ? তিনি তো কাউকে এ কথা বলেননি। তবে ?

বাইরে সমুদ্রে ঢেউ ওঠার গর্জন। এখন সেই শব্দটা আরো জ্লোরে শোনা যাচ্ছে।

তাঁর হঠাৎ মনে হলো, তিনি এখান ছেড়ে আর কোথাও যেতে পারবেন না। তিনি রণ ক্লান্ত। আর যেতেও চান না। এখানে তাঁর শাস্তি। চির শাস্তি।

P

বুম আসছে না ভেরার চোখেও। সে চুপ করে শুয়ে আছে। তার চোখ ঘোলা। ঘরের ছোট আলোটা জলছে। সে অন্ধকার ঘরে শুয়ে ভয় পাচ্ছিল। মনের মধ্যে নানা চিস্তা তার ঘুরপাক খাচ্ছে।

হঠাৎ তার হুগোর কথা মনে পড়ে যায়। মনে মনে দে বলে ওঠে, হুগো, আজ তুমি কোথায়। তবে আমার কি মনে হচ্ছে জানো, তুমি আমার খুব কাছে রয়েছো। খুব কাছে।

কিন্তু সে কিছুতেই আর হুগোর কথা ভাববে না। তবু কী ওর কথা দে না ভেবেথাকতেপারছে! মনকে দখলে রাখা বড় শক্ত ব্যাপার মনের বেন পাখা রয়েছে। কথন কোন ডালে গিয়ে বাস।বাধবে তা কে জানে। কর্নওয়াল...।

কালো কালো পাহাড়ে ঘেরা জায়গা। চারদিকে রাশি রাশি নরম হলুদ বালি। নীল আকাশ। সামনে সমুজ।

ছোট আর মিষ্টি ছুষ্টু ছেলে সিরিল। শ্রীমতী হামিলটন তার মা।
সেদিন সন্ধ্যোয় ভেরা সিরিলকে ঘুম পাড়িয়ে নিজের ঘরে ফিরে
বাচ্ছিল। তার ফেরা হলো না। সে বাধা পায়। নিচু গলায় পিছন
থেকে ডাক এলো, ভেরা।

- —কে ? ভেরা পিছন ফিরে তাকায়। ও হুগো, তুমি ?
- —**চলো**, এक्ট्र বেরিয়ে আসি। বাবে ?

### <u>— চলো।</u>

নির্জন সমুদ্র তীর। হ'জমে পাশাপাশি বসেছে। ওদের মধ্যে টুকরো টুকরো কথাবার্তা চলছে।

- —ভেরা।
- —বলো।
- —ভেরা, আমি তোমায় ভালোবাসি।
- আমি কি তা জানি না!
- —এমন কথাও তো আছে যা তুমি জানো না!
- --কি কথা গ
- —আমি খুব গরীব। তাই তোমার আমার মাঝে ব্যবধান চির-দিনই থাকবে।
- কি বা তা বলছো ! আর তুমি যদি গরীব হও তাতে কী এসে যায় ! গরীব যদি বলতে হয় তো আমাকে ।
- —ভেরা, তুমি জানো না। সমস্ত সম্পত্তির অধিকার দাদার। অবশ্য আমি সম্পত্তির মালিক হতে পারতাম বদি…।
  - -यिन की ?
- —কিছু না। এমনি বলছি। দাদার তো অনেক বয়স হলো।
  সবাই ধরে নিয়েছিল দাদার আর ছেলেপুলে কিছুই হবে না। আমিই
  সমস্ত সম্পত্তির মালিক হবো। তারপর হলো সিরিল। সে বদি ছেলে
  না হয়ে মেয়ে হতো তবে ভালো হতো। যাক্, সিরিল বেঁচে থাকুক।
  আমি ওকে খুব ভালোবাসি।

ভেরা মুখে কিছু বললো না। সে জানতে পারলো ছগোর মনের কথা। সে সত্যিই ভালোবাসতো তার ভাইপোকে।

তার পরের দিন ব্যাপারটা ঘটে গেল। শেষ ছ্টুমি করে গেল দিরিল। কিন্তু সভ্যিই কী সেদিন ভেরা দিরিলকে বাঁচাতে পারতো না! সে জানে, সে বাঁচাতে পারতো। কিন্তু তখন তার অশান্ত মনে কী যে হয়েছিল! সে পারেনি। অর্থাৎ তার অশুভ মন তাহতে দেয়নি! ছে ঈশ্বর, ক্ষমা করো। ভগবান কী তাকে ক্ষমা করেছেন ? তা সে জানে না। কিন্তু একঞ্জন ক্ষমা করেনি। সে হলো ছগো। ঐ ঘটনার পর সে ওর মুখোদর্শন পর্যন্ত করেনি।

তবু সে হুগোকে বোঝাতে চেয়েছে। বলেছে, হুগো, তুমি আমায় ভুল বুঝো না। আমি যে তোমায় প্রাণ দিয়ে ভালোবাসি। তা তুমি বুঝতে পারছো না কেন ? কেন ?

সে আর বিছানায় শুয়ে থাকতে পারছে না। বিছানা ছেড়ে উঠে একটা ঘুমের ওষ্ধ খেলো। তারপর আয়নার কাছে গিয়ে দাড়ায়। বেশীক্ষণ দাড়াতে পারে না। সরে আসে। আয়নায় নাকি অপরাধীর মুখ স্পষ্ট হয়ে ওঠে। এরপর টেবিলের উপর হাত ছটো রেখে মুখ শুজৈ বসে থাকে।

রাত একটু একটু করে ভোরের দিকে এগিয়ে চলে।

### **ड्य**

ডা: আৰ্মন্ত্ৰং স্বপ্ন দেখছেন। কে যেন তাঁকে ডাকছে।

না, না, স্থপ নয়। কে বেন তাঁকে সত্যি ডাকছে। তাঁর তব্দা ভাবটা কেটে যায়। দরজায় কে যেন মৃত্ ধাকা দিচ্ছে। তিনি ধড়কড় করে বিছানায় উঠে বসলেন।

দরজা খুলে ডাক্তার রজার্সকে দেখতে পান, কে ? ও রজার্স ? কি বলছো ? তোমার কি হয়েছে ? এ কী ? তুমি কাঁদছো কেন ?

- —আমার জ্রী...।
- —কী তোমার **জী**র ?
- —আমার ডাকে আর সে সাড়া দিছেে না। আমার দিকে ফিরেও ডাকাচ্ছে না।
- —চলো, দেখি গিয়ে ব্যাপারটা, বলে ডাক্তার ড্রেসিং গাউন জড়িয়ে রজার্সের ঘরে উপস্থিত হলেন।

বিছানার পাশে গিয়ে বসলেন ডাক্তার। তারপর আন্তে রজার্সের স্ত্রীর হাতটা তুলে নিলেন। সে হাত ঠাগু। তবু তিনি চোখের পাতা আঙ্লুল দিয়ে দেখলেন। এরপর সোজা হয়ে বসে মুখটা অক্যদিকে ঘুরিয়ে নিলেন।

রজার্স শুকনো ঠে টে একবার জিভটা বুলিয়ে নিয়ে বললো, ও কী আর বেঁচে নেই ?

—হ্যা, ও মারা গেছে।

কিছুক্ষণ চুপচাপ কাটালো। ডাক্তার এক দৃষ্টিতে রজার্সের স্ত্রীর দিকে চেয়ে আছেন। ভাবছেন, কেমন করে এর মৃত্যু ঘটলো? এর পিছনেও কী মার্সটনের মত কোন রহস্ত রয়েছে?

রক্তার্স কোন কথা বলতে পারছে না। তার ছু'চোখে জল। সে মুখ নিচু করে মৃতা স্ত্রীর দিকে তাকিয়ে রয়েছে।

ডাক্তার আর একবার মৃতদেহ পবীক্ষণ কবসেন। তারপর বিছানা, বিছানার পাশের টেবিলটা, ওয়াশস্ট্যাণ্ড ইত্যাদি সব একে একে দেখলেন।

- —স্থার ! রজাদ' আস্তে আস্তে ডাকে।
- —বলো।
- ও कि शाँरिकन कः त्ना ?

ডাক্তার প্রথমটা এ প্রশ্নের জ্বাব দিলেন না। তারপর জিজ্ঞেদ করেন, তোমার স্ত্রীর স্বাস্থ্য কেমন ছিল ?

- —একটু বাতের ধাত ছিল।
- —কোন ডাক্তার ওকে দেখিয়েছিলে ?
- --- a1 I
- —তবে ওর হার্টের অস্থুখ ছিল একথা কেন তোমার মনে হলে। !
- —আত্তে না, এমনি বললাম, রঞ্জার্স একটু থতমত খেয়ে বায।
- —র**জাস', তোমার স্ত্রীর ঘুম কেমন হতে**। ?
- —এমনিতে ওর ভালো একটা বুম হতো না।
- এমনিতে মানে ? ঘুমের জন্ম ও কী কোন ওষ্ধ খেতো ?

ওয়াশস্ট্যাণ্ড ডাক্টার আর একবার ভালো করে পরীক্ষা করলেন। সেখানে সাবান, পাউডার, ক্রৌম, চুল বাঁধার ফিতে, আর সব মেয়েলি টুকিটাকি জিনিস রয়েছে। ঘুমের কোন ওয়ুধ সেখানে পেলেন না। সারা ঘর তয়তয় কবে খুঁজেও ঘুমের ওয়ুধের কোন ছদিস মিললো না।

- —ও গত কয়েক বছরের মধ্যে ঘুমের ওর্ধ খায়নি, রজার্স জানায়।
  ভশু গতকাল রাতে...।
  - —থামলে কেন ? বলো ? গতকাল রাতে কী ?
- —গতকাল রাতে আপনি যে ওকে ঘুমের ওষ্ধ দিয়েছেন তাছাড়া আর কোন ওষ্ধ ও খায়নি।

-- 1

### ঽ

প্রাতরাশের ঘণ্টা পড়তেই সকলে খাবার ঘরে এসে হাজির হয়। এই ঘণ্টার আওয়াজ শুনবার জন্ত সবাই ব্যস্ত হয়ে উঠেছিল।

একট্ আগে বারান্দায় ডগলাস এবং ওয়ারগ্রেভ পায়চারি করছিলেন এবং ছ'জনে রাজনীতি পরিস্থিতি নিয়ে আলোচনায় ব্যস্ত ছিলেন।

বাড়ির পিছনে একটা উচু টিলা। সেইটাই দ্বীপের মধ্যে সব চেয়ে উচু জ্বায়গা। ওধানে সকালে বেড়াতে গিয়েছিল ভেরা আর লম্বাঙ। সেখানে গিয়ে তারা আবিষ্কার করলো ব্লোরকে। সে সমুজ্বের দিকে এক দৃষ্টিতে তাকিয়ে বেন কি দেখছিল।

তারপর ওদের দেখতে পেয়ে ব্লোর বলে, এখনো মোটরবোটের কোন চিহ্ন নেই।

—ডেভন জায়গাটা বেন কেমন, ভেরা বলে। এখানে সকাল বোধ হয় খুব দেরি করে হয়। তবে একটু বেলা হলে হয়তো বোটটা শাসবে। একটু এদিক ওদিক তাকিয়ে লম্বার্ড বললো, আবহাওয়া কেমন মনে হচ্ছে ?

- —ভালোই। কেন?
- —দিন শেষ হওয়ার আগেই বাড উঠবে।
- —তাই বুঝি!

প্রাতরাশের ঘন্টা শুনে ওরা নেমে আসে। লম্বার্ড বলে, বেশ ক্লিদে পেয়েছে।

- —কাল থেকে একটা কথা বার বার মনে হচ্ছে। মার্সটন কেন আত্মহত্যা করলো, ব্লোর বলে।
- —আত্মহত্যা ছাড়া আপনার আর বিছু মনে হচ্ছে না **? ভে**রা রোর দিকে তাকায়।
- শুধু মনে হলে চলবে না। আত্মহত্যা ছাড়া খুন হলে তার প্রমাণ চাই। তেমনি জানা দরকার এর পিছনে কি উদ্দেশ্য ছিল।

ওরা তিনজনে বাড়ির কাছে পৌছলে এমিলি জানলা দিয়ে ওদের দেখে বললেন, বোট আসছে ?

—না, কিছু দেখলাম না, ভেরা জানায়।

খাওয়ার ঘরের দরজ্ঞার কাছে দাঁড়িয়ে আছে রজ্ঞার্স। ওরা সবাই প্রবেশ করতে সে ঘরের দরজা ভেজিয়ে দিয়ে খাবার আনভে গেল।

—লোকটার কি হয়েছে আব্দ ? ভেরা বলে। কেমন যেন ওকে বিষয় দেখাছে । অথচ কাল তো এমন দেখাছিল না।

ডাক্তার জানলাব কাছে দাঁড়িয়ে ছিলেন। তিনি একটু এাগয়ে এসে সবার দিকে তাকিয়ে বললেন, রজাসের ক্রটি আজ মার্জনা করবেন। হয়েছে কি…। আজ ওকে একাই সব করতে হচ্ছে। ওর স্ত্রী ওকে আজ সাহায্য করতে পারেনি।

- —কেন ? কী হয়েছে তার ? এমিলি জানতে চান।
- —আহ্ন, তার আগে খাওয়াটা সেরে নেওয়া যাক্, ডাক্তার স**হক**

ভাবে কথাটা বললেন। তারপর আপনাদের সকলের সঙ্গে একটু আলোচনা আছে।

প্রাতরাশের পাঠ চুকতে ডাক্তার কথাটা বললেন। জ্ঞানালেন, একটা ছ:সংবাদ আছে। রজার্সের স্ত্রী ঘুমস্ত অবস্থায় মারা গেছে।

একটা আর্ডনাদ ভেরার কণ্ঠস্বর থেকে বেরিয়ে এলো, উ:, কী সাংঘাতিক খবর!

চোখ আধবোজা, কিন্তু স্পষ্ট কণ্ঠে ওয়ারগ্রেভ জিল্পেসা করেন, ভার মৃত্যুর কারণ কি ?

- চট্ করে বলা একটু মুশকিল আছে।
- —ময়না তদস্ত হবে নিশ্চয় ?
- —হওয়া তো উচিত। অন্তত আমি তোনা জেনে কোন রকম সাটিফিকেট দিতে পারবো না। ওর স্বাস্থ্য সম্পর্কে কোন কথাই আমার জানা নেই।

ভেরা বললো, গতকাল ওকে দারুণ নার্ভাস লাগছিল। তারপর সন্ধ্যেবেলা একটা মানসিক আঘাত পেলো। হয়তো সেটা সহ্য করতে না পেরে হার্টফেল...।

—হার্ট বে ফেল করেছে তা নয় বুবলাম, ডাক্তার বলেন। কিন্তু কি জন্ম এবং কোন কারণে তা ফেল করলো তা জানা দরকার। স্পষ্ট ও কর্কণ গলায় এমিলি বললেন, বিবেকের আঘাতে। ডাক্তার তাঁর দিকে দৃষ্টি ফিরিয়ে জিজ্জেদ করেন, আপনি ঠিক কি বলতে চাইছেন ?

কঠিন মূখে এমলি বললো, গতকাল ওর এবং ওর স্বামীর বিরুদ্ধে বে অভিযোগ আনা হয়েছে তা নিশ্চয়ই সবাই আপনারা শুনেছেন।

- —কিন্তু আপনি কি মনে করেন সেই অভিযোগ শুনে…।
- হাা, আমি অন্তত তাই মনে করি। গতকাল দেখেননি ওকে ? ও কেমন করে কাঁদছিল। তারপুর অজ্ঞান হয়ে গেল। ওর ভয় করছিল। ওটা হলো গিয়ে পাপের ভয়।

- —আপনার কথার মধ্যে অবৌক্তিকতা দেখছি না। সত্যি, ও পুব ভয় পেয়েছিল, কিন্তু ওর স্বাস্থ্য কেমন ছিল তা তো জানা বায়নি। হার্টের প্রবলতায় যদি কিছু হয়ে থাকে।
  - —তাকেই আমি বলছি ঈশ্বরের অভিশাপ।
  - —আপনি একটু বাড়াবাড়ি করে ফেলছেন না কী।
- —মোটেই না। ভগবানের এভিশাপে কারুর মৃত্যু হতে পারে এ কথা আপনারা না মানলেও আমি মানি।

এবার বিচারপতি একটু ব্যক্তের হুরে বলেন। পাপাকে ঈশ্বর শান্তি দেন না। দেন আমাদের মতন সাধারণ মানুষ। আর সে শান্তি দেওয়া সহজ্ব নয়। অনেক কাঠখড় পোড়াতে হয়। শেষের দিকে তাঁর গলা ভারী হয়ে ওঠে।

- —আমি একটা কথা জিজেন করতে পারি ? ব্লোরের প্রশ্ন।
- —করুন, ডাক্তার সায় জানান।
- —গতকাল শুতে বাবার সময় রাজর্সের স্ত্রী কিছু খেয়েছিল **?**
- —কিছু না।
- —কিছু **না** ?
- -- ना ।
- একেবারেই কিছু না ? যেমন ধক্রন, এক কাপ চা, এক গ্লাস্
- —রজার্স আমায় ঠিক ভাবে বলেছে, ওর দ্রী শুভে বাবার আগে কিছু খায়নি।
  - —হাঁা, রন্ধার্স ও কথাটা বলতে পারে। ইঙ্গিভটা স্পষ্ট। ডাক্তার ব্লোরের দিকে তাকান। লম্বাঁড ব্লোরেকে বলে, তুমি বুঝি তাই ভাবছো ?

রোর দৃঢ়ভাবে জানায়, না ভাববার কী আছে। কাল রাজে আভিবোগ ভো শুনলাম। এখন ব্যাপারটা পাগলামো হতে পারে, আবার নাও 'হতে পারে। ধরা যাক্, অভিবোগটা সভ্য। রজার্স আর ভার জ্বী সেই বন্ধা মহিলাটিকে স্বর্গে বাওয়ার ব্যবস্থা করে

# भित्रारह। এতদিন বেশ দিবা সুখে ছিল। इठार काल...।

—রজাসে'র বউ কিন্তু মোটেই অস্বন্তি বোধ করেনি, ভেরা কথার বেশ জোর দিয়ে বলে। এ কথা আমি হলপ করে বলতে পারি।

রোর তাকালো ভেরার দিকে। তার কথার মধ্যে কথা বলতে ভালো লাগছে না। সে তার বক্তব্য পেশ করে, ওদের মনে কোন বিপদের সম্ভবনা ছিল না। অন্তত ওরা তাই ভাবতো। শুধু গত কাল রাতের ঘটনা ছাড়া ঐ কথা শোনার পর ওর স্ত্রী ভয়ে অজ্ঞান হয়ে যায়। কিন্তু তা দেখে রক্তার্ম দারুণ একটা অস্বস্তি বোধ করতে থাকে। তা ওর স্ত্রীর অজ্ঞান হওয়া দেখে নয়। তা হয়তো আপনারা লক্ষ্য করে থাকবেন। পাছে ওর স্ত্রী অজ্ঞান অবস্থায় সব কথা বলে বসে। তাহলে ও পাঁচি পড়ে যাবে।

একটু থেমে ব্লোর আবার বলতে আরম্ভ করে, তাহলে ব্যাপারটা দাঁড়ালো যে, ওর স্বামীই এ কাল করেছে। জ্রী বদি অতিমাত্রায় নার্ভাস হয়ে সব কিছু অকপটে স্বীকার করে ফেলে তাহলেই বিপদ। ভার চেয়ে জ্রীকে সরিয়ে দেওয়াই বৃদ্ধিমানের কাল। তাই তার জ্রী এখন চিরনিজায় ঘূমিয়ে আছে।

- —সব কথা ব্ৰবাম, কিন্তু ওর বিছানার পাশে কাপটাপ গোছের কিছু তো পাইনি।
- —পাবে কী করে ! পেলে যে অত্বিধে আছে । আর বে এমন জিনিস খাওয়ায় সে কী আর প্রমাণ স্বরূপ ওখানে কিছু রাখবে । রাখলে যে ধরা পড়ে যাবে । সে সরিয়ে ফেলেছে ।
- —কিন্তু জ্রীকে নিজের হাতে হত্যা করা কী সম্ভব ? আন্তে জিজ্ঞেস করলেন জেনারেল ডগলাস।
- —সেন্টিমেন্ট সব সময় বড় কথা নয়, আরো বিশেষ করে নিজের জীবন বখন বিপন্ন হয়। আর আপনি বয়সে বৃদ্ধিতে সব দিক দিয়ে অভিজ্ঞ। আপনি কী কখনো শোনেননি, কেউ তার জীকে নিজের হাতে গলা টিপে হত্যা করেছে, অথবা অগুভাবে চিরদিনের জ্যু পৃথিবী থেকে সরিয়ে দিয়েছে।

অক্স সবাই চুপ করে আছে। ইতিমধ্যে ভেজানো দরজা ঠেলে রজার্স ঘরে ঢুকলো।

চেয়ারে তিনি একটুনড়ে চড়ে বসলেন। তারপর ওর দিকে তাাকয়ে জিজেন করলেন, মোটরবোট এসেছে ?

—না স্থার। তবে সকাল সাতটা পেকে আটটার মধ্যে সাধারণত আসে। কিন্তু আজ দেখছি বড্ড দেরি করে ফেলছে।

ঘরের দেয়াল ঘড়িতে ঢং ঢং করে দশটা ঘোষণা করলো।

#### 9

বারান্দায় ওরা ছ'ব্দন দাঁড়িয়ে। ব্লোর আর লম্বার্ড।

লম্বার্ড বললো, আমি ভাবছি, এই মে টরবোটের ব্যাপারটা।

- তুমি কি ভাবছো তা আমি জানি না। আমি ভাবছি, মোটর-বোটটা আসবার সময় ছু'ঘন্টা পার হয়ে গেছে। কিন্তু এখনো আসছে না কেন ?
  - —উত্তর পেলে ?
- —পেয়েছি। ওটা আসবে না। এটা কোন ঘটনা নয়। পূর্ব-পরিকল্পিত।
- —তুমি বলতে চাইছো, এটা আগেভাগেই ঠিক করা আছে বে, মোটরবোটটা আসবে না, লম্বার্ড একটু চিন্তিত ভাবে কথাটা বললো।

ওদের পেছন থেকে কে বেন হঠাৎ কথা বলে উঠলো, আসবে না। কোনদিনই আরু আসবে না।

ওরা চমকে পিছন ফিরে তাকায়। তাকিয়ে দেখতে পার ডগলাসকে।

—ও! আপনি, লম্বার্ড বলে। জেনারেল, আপনি কী সঞ্জি স্তিয় ও কথা ভাবছেন ?

তীক্ষ কঠে জেনারেল বলেন, হাা, ভাবছি বই কী। আমরা ভাবছি মোটরবোট আসবে। আমাদের উদ্ধার করবে। মঁকটি প্রধানেই। এই দ্বীপ ছেড়ে আমরা কেউ বেতে পারবো না। কেউ নয়।
বুকতে পারছো তোমরা ? এখানেই আমাদের জ্বন্ত অপেক্ষা করছে
সমাধি। চিরশান্তি। শান্তি।

হঠাৎ কথা শেষ করে ফিরে দাঁড়ালেন জেনারেল। তারপর ক্রন্ড বারান্দা অভিক্রম করে বাগানে নেমে দরজার দিকে এগিয়ে গেলেন। ওখান থেকে সমুস্তার দিকে। এরপর তাঁকে আর দেখা গেল না।

তাঁকে দেখে বড় উদ্ভাস্ত মনে হচ্ছে। তিনি যেন তাঁর ফো**জী** মেজাজ হারিয়ে ফেলেছেন।

8

বারান্দায় বেরিয়ে এলেন ডা: আর্মস্ট্রং। এক মুহূর্ত দ্বিধা করলেন। তারা ওঁর বাঁ দিকে নিচু গলায় কথা বলে চলেছে। ওরা বলতে সেই ব্লোর এবং লম্বার্ড। আর ডান দিকে অন্থিরভাবে পায়চারি করছেন ওয়ারগ্রেভ। তাঁর মাথা সামনের দিকে ঝুঁকে পড়েছে। সারা মুশে একটা চিন্তার ছাপ।

এক মুহূর্ত কি যেন ভাবলেন। তারপর ওয়ারগ্রেভের দিকে আন্তে আন্তে এগিয়ে যান।

ঠিক সেই সময় রজার্স ক্রত ডাক্তারের কাছে এসে বলে, স্থার!

- —কী ণ ডাক্তার একট চমকে পিছন ফিরলেন।
- —একটা কথা ছিল।
- —বলো ?

রজার্সের মূখ ফ্যাকাসে। তার হাত ছটো ধরথর করে<sub>,</sub> কাঁপছে। কোথায় যেন মিলিয়ে গেছে তার স্বাভাবিক দীপ্তি।

- —স্থার, একটু দয়া করে শুরুন।
- —কী হয়েছে তোমার রন্ধার্ম ? এত ভয় পাচ্ছো কেন ?
- —স্থার, আমার সঙ্গে দয়া করে একটু ভেডরে আস্তুন।
- —কেন ? ঠিক আছে চলো। রকার্স ডাক্টারকে বসার ঘরে নিয়ে আসে, স্থার, এখানে ।"

### —এখানে কী ?

রঞ্জার্দের গলার শিরাগুলো আর পেশীগুলো দপ দপ করছে এবং কাঁপছে। সে কোন রকমে বললো, ব্যাপারটা বিছুই ব্রুছে পারছি না।

- —রজার্স। বা বলবে বলো। অমন ধীধায় রেখো না। বজার্স একটা ঢোক গিলে একটা হাত তুলে ইঙ্গিত করলো, ওখানের ঐ পুতুলগুলো ...।
  - —হাা, পুত্ৰগুলো কী হয়েছে ?
  - —দিব্যি করে বলছি কাল সকালে ওখানে দশটা পুতুল ছিল।
- —হাঁা, আমিও তা দেখেছি। কাল রাতে খাওয়ার আগে আমরা গুনেছিলাম। তা আমার বেশ স্পষ্ট মনে আছে।
- —কাল খাওয়ার পর ঘর পরিষ্কার করতে গিয়ে দেখি দশটা নেই। ভাবলাম বৃঝি, ঘুমের চোখে ঠিক গুনতে পারিনি। ভারপর আবার গুনে দেখলাম ন'টা।
  - —এরপর কী কিছু হয়েছে ?
  - । দুহুঁ —
  - -- an ?
  - —এখন সেই ন'টার জায়গায় কটা আছে জানেন ?
  - —ক'টা **?**
  - --- আটটা।
  - —আটটা १
  - --हैंग।

ভাক্তর মনে মনে বিভ্বিভ় করতে থাকে, ছ'জন মারা গেছে। সঙ্গে সঙ্গে তুটো পুত্র কম। কিন্তু কমালো কে । সেই দেহহীন মার্ষটা এর পিছনে কাজ করছে । না, আমাদের মধ্যে কেউ ।

### সাত

প্রাতরাশের পর এমিলি ভেরাকে বললো, চলো, আমার ছ'লনে গিয়ে

## बे টিলাটার উপরে বসি।

च्छता नाग्न कानित्य वरन, हनून।

একট্ বাতাস উঠেছে। তবু বেশ ভালো লাগছে। সমুস্ত্রের ঢেউ-শুলো চঞ্চল হয়ে উঠেছে। একটাও জেলে নৌকো দেখা যাচ্ছে না। আর মোটরবোটেরও কোন চিহ্ন নেই।

এমিলি বললেন, গতকাল যে আমাদের এখানে পৌছে দিয়েছিল তখন তাকে বেশ নির্ভরযোগ্য বলে মনে হয়েছিল। আজ লোকটার আসবার নাম নেই। কি হয়েছে বলতো ?

ভেরা এ কথার কোন জবাব দেয় না। সে রীতিমতন একটু ভর পেয়ে গেছে। তারপর সে নিজেই নিজেকে বলে, ছিঃ ভেরা, তুমি এই সামান্ত ব্যাপারেই ভয় পেয়ে গেলে। তোমার না সাহসী হিসেবে বথেষ্ট স্থনান আছে!

মিনিট ছয়েক চুপ করে থেকে ভেরা বললো, আমার এখানে একটুও ভালো লাগছে না। আমি চলে যেতে চাই।

—কে তোমায় এখানে থাকতে বলেছে। আর এখানে কারই বা
ভালো লাগছে বলো।

আরো কিছুক্ষণ চুপচাপ কাটলো। ওরা টিলার উপর চুপ করে বসে আছে। উভয়ের দৃষ্টি দূরে। সমূদ্রের দিকে। চ্'জনেরই আলা, যদি মোটরবোটটা দেখা যায়।

হঠাৎ ভেরা কথা বললো, আপনাকে একটা কথা জিজ্ঞেস করতে পারি ?

- —কি কথা <u>?</u>
- —প্রাতরাশের সময় আপনি যে কথা বললেন সে কথা কী সত্যি বিশ্বাস করেন !
  - —কোন্ কথা ? তুমি স্পষ্ট করে বলো।
- —রঞ্জার্স আর তার স্ত্রী সেই ভন্তমহিলাকে মেরে ফেলেছে। এ
  কথা কি আপনি বিশ্বাস করেন ?

এমিলি সমুদ্রের দিকে তাকিয়েই আন্তে আন্তে উত্তর দেন, হাা,

আমি বিশ্বাস করি। আর একট্ তলিয়ে দেখলেই ব্যাপারটা বোঝা যায়। এ কথা শোনার পর রজার্সের হাত থেকে ট্রে পড়ে গেল। ওর জী অজ্ঞান হয়ে পড়লো। এ থেকে স্পষ্ট বোঝা 'যায়। ওরা সেই মহা-পাপ করেছে। এতে কোন আর সন্দেহ নেই।

- —সত্যি রজ্বার্সের স্ত্রী ভয় পেয়েছিল, ভেরা বলে। এত ভয় পেতে আমি কোনদিন কাউকে দেখিনি। ওর মূখে কী দারুণ এক আতঙ্কের চিহ্ন।
- —পাপ করলে শাস্তি পেতেই হবে। এ নিয়মের ব্যতিক্রম নেই।
  কথায় বলে, ধর্মের কল বাতাদে নাড়ে।
  - কিন্তু সে ক্ষেত্ৰে…।
  - -বলো? পামলে কেন?
  - —অক্তদের সম্পর্কে কী বলবেন আপনি ?
  - —তুমি কাঁ বলতে চাইছো ?
- —সকলের নামেই তে। একটা একটা অভিযোগের কথা শোনা গেল। সবাই আমরা বলছি, ওটা নিছক একটা বাজে কথা। আর আপনি শুর্রজার্সদেরটা বললেন, ওরা মহাপাপ করেছে।

এতক্ষণ ভুরু কুঁচকে এমিলি ভেরার কথাগুলো শুনে বাচ্ছিলেন।
এবার তাঁর মুখে আর কোঁচকানো ভাবটা নেই। তিনি বলেন, আমি
বুবতে পারছি, তুমি কি বলতে চাইছো। এই ধরো না কেন
লাম্বার্ডের কথা। সে তো সত্যি কুড়িজন লোককে মৃত্যুর মুখে ফেলে
পালিয়ে এসেছিল, ওদের প্রতি সেদিন সে কী অবজ্ঞার পরিচয়
দিয়েছিল। বিপদে মার্মুষই তো মানুষের বন্ধু। সে বে কোন দেশের
লোক হোক না কেন। তাদের গায়ের রং কি তাতে কিছু যায় আসে

একট্ থেমে এমিলি আবার বলেন, কিন্তু কভগুলে। অভিবোপ একবারে ভিত্তিহীন। এই যেমন ওয়ারগ্রেভের কথা ধরে। না কেন। উনি শুধু তাঁর পবিত্র কর্তব্য পালন করেছেন। আর ব্লোর এককালে পুলিশ অফিনার ছিলেন। তাঁর সম্পর্কেও একই কথা থাটে। আর

## আমার নিজের ব্যাপারেও তাই।

একটু চুপ করে থেকে এমিলি আবার বলেন, সব কথাই কী
আর পুরুষদের সামনে বলা চলে ! তাই কাল আমি চুপ করে ছিলাম।
আজ ভোমায় আমি বলি ।

- —বলুন, ভেরা মন দিয়ে এমিলির কথা শুনছে।
- —কিছুদিন আগে আমার বাড়িতে একটি মেয়ে কাজ করতো।
  মেয়েটির নাম বিয়াত্রিচে—বিয়াচিত্রে টেলার। বেশ কেতাছ্রস্ত,
  পরিষ্কার-পরিচ্ছয়, পরিপাটি সাজ-পোশাক। ওমা! পরে জানতে
  পারলাম, মেয়েটির স্বভাব চরিত্র মোটেই স্থবিধের নয়। তুমিই
  বলো, বিয়ের আগে কোন মেয়ের পুরুষকে সব কিছু বিলিয়ে দেওয়া
  উচিত! আর মেয়েটা কি না তাই করেছিল। ছেলেটি ছিল নাকি
  কোন এক বড় ঘরের। ঐ কাণ্ড ঘটার পর মেয়েটাকে এড়িয়ে যেতে
  চাইলো। তারপর ছেলেটির এক সময় বড় ঘরের একটি মেয়ের সঙ্গে
  বিয়ে হয়ে যায়। তথন বিয়াত্রিচের শুধু কালা আর কালা। ওদিকে
  তখন সে আবার মা হতে বসেছে। ব্যাপারটা জানতে পেরে ওকে দ্র
  দূর করে তাড়িয়ে দিলাম। আর এই স্বভাবের জন্ম নাকি ওর বাবা
  মার সঙ্গে ওর বনেনি।
  - —ভারপর কি হলো ? ভেরা নিচু গলায় জানতে চায়।
- —সে কথা আর জিজ্ঞেস করো না। এক মহাপাপ সে করে 
  কলো।
  - —কি মহাপাপ **?**
- —আত্মহত্যা করলো। আত্মহত্যা মহাপাপ। নদীতে বাঁপ দিয়ে ও আত্মহত্যা করেছে। খুব বাহাছরি করলো আর কী। ওর বুড়ো বাবা মায়ের কথা কী একবারও ভাবলো। আত্মঘাতীর কোন গভি হয় বলে শুনেছো।
- —মেয়েটিকে বাড়ি থেকে তাড়িয়ে দেওয়া বা ওর ঐ শোচনীয় পরিণতি হওয়ারজন্ত আপনার কোন ত্বংখ বাকোন অমুশোচনা হয়নি? ডেরা কথাটা বলে এক দৃষ্টিতে ওঁর দিকে তাকায়, বা নিজেকে ওর

। মৃত্যুর জন্ম দায়ী বলে মনে হয়নি ?

— হ:খ ? অনুশোচনা ? দায়ী ? এর কোনটাই আমার মনে হয়নি, এমিলির স্পষ্ট জ্বাব। এ সব হতে বাবে কেন। আমি তো কোন অস্থায় করিনি। কাল-সাপকে বাড়িতে ত্থ কলা দিয়ে পুষবো!

এরপর এমিলি আবার বলে, সবই তার কর্মফল। সে তার পাপের শান্তি পেয়েছে। আর এই পাপকে প্রশ্রায় দেওয়ার শিক্ষা আমি কোনদিন পাইনি ভেরা।

কথা শেষ করে এমিলি গম্ভীর মূখে টিলার উপরে বলে থাকেন। সেই মূখ নিষ্ঠুর, হিংস্র বলে ভেরার মনে হয়।

Ş

ভাক্তার আর্মস্ট্রং বারান্দায় এসে দাঁড়ালেন। একটু তফাতে বসে আছেন বিচারপতি ওয়ারগ্রেভ। মুখ গন্তীর। চোখ ছটি বোলা। তিনি কি ভাবছেন কিছু ? ন। ঘুমোচ্ছেন ? আর অনুরে নিজেদের মধ্যে নিচু গলায় কথা বলছে লম্বার্ড এবং রোর।

সহসা কি যেন ভাবলেন ডাক্তার। একবার তাকালেন বিচার-পতির দিকে। সন্দেহ নেই অভিশয় বিচক্ষণ ব্যক্তি তিনি। কিছ ডিনি বৃদ্ধ। তাঁকে নিয়ে ডাক্তারের চলবে না। তাঁর চাই একটু কর্ম-পটু লোক। মন স্থির করে ফেললেন তিনি। তিনি এগিয়ে গেলেন।

- লম্বার্ড, তোমার সঙ্গে একটা কথা ছিল, ডাক্তার বলেন। লম্বার্ড চমকে ডাক্তারের দিকে তাকায়, কি কথা বলুন।
- —আমি একটু ভোমার সঙ্গে পরামর্শ করতে চাই।
- —পরামর্শ ? লম্বার্ড অবাক হয়। আমার স**লে** ?
- —হাা।
- —কিন্তু আমি তো ডাক্তার নই।
- --- ना, ना, त्म कथा नय़। मार्थात्र वाांभाति।
- —ভাহলে অবশ্য স্বতম্ব.কথা। বলুন কি বলবেন।

- —সত্যি করে বলতো তোমার পরিস্থিতিটা কেমন মনে হচ্ছে ?
  একটু চুপ করে থেকে লম্বার্ড বলে, জ্বটিল এবং রহস্তময়।
  কথাটা ডাক্তারের বেশ পছন্দ হয়। ভাবেন, লম্বার্ড বেশ
  বৃদ্ধিমান। তিনি বলেন, আচ্ছা, তোমার কি মনে হয় রজার্সের জীর
  সম্পর্কে রোর যা বলেছে তা সত্যি।
  - —আমার তো মনে হয় ঠিকই বলেছে।
  - —ঠিক বলেছো।
- —আছা, বদি ধরে নেওয়া বায়, রক্ষার্সরা ঐ ভক্ষমহিলাকে হত্যা করেছিল। কিন্তু কী ভাবে ? বিষ প্রয়োগে ?
- —আরো সহজে ব্যাপারটা ঘটতে পারে, ডাক্তার আন্তে আন্তে বলেন। কথাটা ভোমায় আমি বুঝিয়ে বলছি।
  - —বলুন।
- —আমি ঐ ভদ্ধমহিলার মৃতু সম্পর্কে ওদের সঙ্গে কথা বলেছি:।
  ভাতে বা জেনেছি এবং এই সঙ্গে আমার অভিজ্ঞতার কথাও ভোমার
  বলচি।
  - —হাঁ। বলুন, লম্বার্ড একট্ উত্তেজিত।
- ঐ ভদ্রমহিলার হার্টের অস্ত্রখ ছিল। অস্তন্থ বোধ করলেই এক ধরনের ক্যাপস্থল খেতে হয়। ওটা সব সময় হাতের কাছে রাখা একান্ত প্রয়োজন। দেরী হলে বিপদ অনিবার্য। সময় মত না খাওয়াতে পারলে মৃত্যু ঘটা আশ্চর্যের কিছু নয়।
  - —এবার আমি কিছুটা আন্দাব্দ করতে পারছি।
- —পারছো তো ? বখন ও অমুস্থ হয়ে পড়লো তখন রক্ষার্স ওবৃধ না দিয়ে ডাক্তার আনার ক্ষম্ম ছুটোছুটি করতে থাকে। তাতে ওকে সন্দেহ করার কিছু রইলো না। ফলে বিপদ বা ঘটার তা ঘটে

একটু চুপ করে থেকে লম্বার্ড বললো, এবার আমি সব ব্রুডে পারছি।

—কি বুৰতে পার**ছো** !

- —ব্ৰুডে পারছি মিঃ আওয়েনের আমন্ত্রণের অর্থ। এই নির্জন শীপে এনে রাধার অর্থ।
  - —অৰ্থ কী গ
- —এমন অনেক ঘটনা আছে যার বিচার আইন করতে পারে না। আইনের চোখে সে সব অপরাধী সাজা পায় না। বেমন রঙ্গার্সের অপরাধ। এ তালিকায় বিচারপতিও বাদ যাবেন না।
  - —দে কথা তুমি বিখাদ করে। १
- বিশ্বাস করি। এডওয়ার্ড সেটনকে খুন করেছেন ওয়ারগ্রেভ। অথচ তা সম্পূর্ণ আইনের আশ্রয় নিয়ে করেছেন। তথন ডিনি বিচারক।

চকিতে ডাক্তারের মনে পড়ে যায়, অপারেশন টেবিলে হত্যার কথা। তাও তো একান্ত গোপনীয় এবং তা ধরা-ছোঁয়ার বাইরে।

- —তাই এই আৎয়েনের সৃষ্টি এবং তার দোসর যেন এই পান্না দ্বীপ। এটা যেন একটা জেলখানা। পালাবার সমস্ত পথ বন্ধ।
- —আছা, কী উদ্দেশ্যে আমাদের স্বাইকে এখানে আমন্ত্রণ জানিয়ে এনেছেন ! ডাক্তার সঙ্গে সঙ্গে কথাটা ঘ্রিয়ে নিলেন। বললেন, রজার্সের স্ত্রীর কথাটা একটু ভেবে দেখা যাক। তার মৃত্যুর ছুটো কারণ থাকতে পারে। এক, গোপন কথা সে ফাঁস করে দিতে পারে, এই আশহায় তাকে মেরে ফেলা হয়েছে। আর দ্বিভীয়ত, নার্ভাস হয়ে পড়ে সে আত্মহত্যা করেছে।
  - —আত্মহত্যা গ
  - —কেন, তোমার কী মনে হয় <u>!</u>
- —আত্মহত্যা ? হাঁ। মনে হতে পারে। এই প্রসঙ্গে মার্সটনের মৃত্যুর কথাটাও কিন্তু ভূলে গেলে চলবে না। বারো ঘণ্টার মধ্যে ছু' ছুটো আত্মহত্যায় মন ঠিক মেনে নিতে চায় না। তবে…।
  - —তবে কী ?
- —আমি বিশ্বাস করি না যে, মার্সটন আত্মহত্যা করেছে। বা ঐ ধরনের কিছু একটা করার ইচ্ছে ছিল।

—কথাটা ঠিক, ডাক্তার সায় জানান। তবে পটাসিয়াম সায়নায়েড ওর গ্লাসে গেল কেমন করে ? হয় ওটা ও নিজে সঙ্গে করে এনেছিল আত্মহত্যা করবার জন্ম আর না হলে…।

ডাক্তার লম্বার্ডকে উস্কে দিতে চান, আর না হলে কী ?

ডাক্তারের কথায় লম্বার্ড হাসে, আমায় দিয়ে কেন আপনি বলাতে চান। উত্তর ভো আপনার জিভের ডগায় রয়েছে। মার্সটনকে হত্যা করা হয়েছে, তাই না ?

9

একটা দীর্ঘনিশ্বাস ফেলে ডাক্তার বললেন, আর রন্ধার্সের জ্রী ? তার ব্যাপারটা কী ?

লম্বার্ড একটু ভেবে আন্তে আন্তে বলে, রজার্সের স্ত্রী যদি মারা না বেত তাহলে মার্সটনের মৃত্যুটাকে আত্মহত্যা বলে মনে করতে পারতাম। আবার যদি মার্সটন মারা না যেত তাহলে রজার্সের স্ত্রীর মৃত্যুটাকে আত্মহত্যা বলে ভাবতে পারতাম। মার্সটনের মৃত্যু না ঘটলে রজার্সের স্ত্রীকেও সরিয়ে ফেলার ঘটনা ঘটতো না। আসলে এই ছটো মৃত্যুর মধ্যে সঙ্গত কারণ খুঁজে বার করতে হবে।

—এ সম্পর্কে আমার একটা কথা মনে পড়ছে। তারপর ভাক্তার ছটো পুতুল নিথোঁজ হওয়ার কথাটা জানালেন।

লম্বার্ড কি ছুক্ষণ ভাবলো, তারপর সিগারেটটা দূরে ফেলে দিয়ে বললো, গ্রন্ধন লোক মারা গেল। সঙ্গে সঙ্গে ছটো পুত্ল যেন উপে গেল। এর পিছনে নিশ্চয়ই ঐ পাগল আওয়েন রয়েছে। একটা বিপদ-জনক লোক!

- —কিন্তু লম্বার্ড, রজার্স যে বলেছে, এই দ্বীপে আমরা ছাড়া অক্স কোন লোক নেই। তাই আওয়েন…।
  - —রক্সার্স হয় মিথ্যে কথা বলেছে, নয় সে ভুল করেছে।
  - —আমার মনে হয় ভয় পেয়ে মিথ্যে বলেছে।
  - —আর এদিকে মোটরবোটেরও কোন পাত্তা নেই। এ সবই

## আওয়েনের কারসাজি।

এ কথা শুনে ডাক্তার বিবর্ণ হয়ে গেলেন।

একটা নতুন কথা শোনালো লম্বার্ড। বললো, আওয়েন একটা কথা ভেবে দেখেনি।

- —দেটা কী ?
- —এই দ্বীপটা খ্ব ছোট এবং নির্জন। কারুর পক্ষে এখানে বেশীক্ষণ লুকিয়ে থাকা সম্ভব নয়। একটু চেষ্টা করলেই আমরা সেই লোকটাকে খুঁজে বার করতে পারবো।
- —কিন্তু লোকটাকে যে ভয় পাবার কারণ আছে। ওটা একটা শ্নে।
- —ভর ? ওটা একটা শেয়াল। লম্বার্ড হাসলে। ওর দেখা পেলে ও আমায় ভয় করবে। তারপর সে বলে, চলুন ডাক্তার, আমরা ব্লোরকে দলে নিয়ে বাই। লোকটা ভালো। আর এ ব্যাপারে মেয়েদের কিছু বলে কাজ নেই। জেনারেল এবং জজ্ঞ সাহেব তো ভয়ে কাত হয়ে পড়েছেন। তাছাড়া, বয়স্ক। অপর্ব বলা চলে। আমরা তিন জনেই কাজটা করতে পারবো।

### वाक

গুদের কথায় ব্লোর রাজি হয়ে গেল। ঠিক করা হলো সকলে মিলে দ্বীপটা তন্নতন্ন করে প্রুজবে।

ব্লোর বললো, খুব ভালো হতো আমাদের কারুর কাছে যদি একটা রিভলবার পাকতো। কিন্তু এখন আর তা কি করে সম্ভব !

—আমার কাছে একটা আছে, লম্বার্ড প্যান্টের পকেটের উপর চাপ দিয়ে দেখায়।

সকলে একটু চমকে উঠে লম্বার্ডের দিকে তাকায়। সেই ভাকানোর মধ্যে একটা খেন অণ্ডভ ইঙ্গিত রয়েছে। ব্লোর বললো, তুমি কী সব সময় রিভলবার নিয়ে বের হও ?

- —প্রায়। কারণ অনেক গোলমেলে জায়গায় যেতে তো হয়।
- --যাক্, ভালোই হয়েছে। এর চেয়ে গোলমেলে জায়গায় নিশ্চয়ই কথনো যাওনি। আব আওয়েনেত কাছে ছোরাছুরি নেই তো ?

ডাক্তার একটু কেশে বগাগেন, আমার মনে হয় তা থাকবে না। এ ধরনের মান্ত্র্যরা সাধাবণক দেখতে স্থল্দর হয়। মান্ত্র হিসেবে এমনিতে তারা খুব ভাবেন হতে পারে।

ব্লোর ডাক্তাবের ক্যায় বাধা দিয়ে বলে, খাবার নাও হতে পারে।

#### 5

িনজন মানুষের একটা দল সারা দ্বীপময় ঘুরে বেড়াচ্ছে। কাজটা খুব একটা কঠিন নয়। দ্বীপটার এক দিকে সেই ছোট্ট টিলা। টিলার উপরটা বেশ চওড়া এবং সমত্র। এখানে গাছপালা কিছু নেই। আ ঢ়াল-আবভালও নেই। এবং গুহা-টুহাও কিছু নেই। ফলে ওদের খুঁজতে কোন অমুবিধে হচ্ছে না।

ওরা এক জায়গায় জলেব ধারে জেনারেস ডগলাসকে চুপ করে বিশে থাকতে দেখলো। তিনি দূব আকাশের দিকে তাকিয়ে চুপ করে বিশে আছেন। জায়গাটা থুব নিবাল। এবং শুন্দব। তিনি ওদের দিকে একটি বাবেব জন্মও ফিলে দেখনেন না।

রোব মনে মনে ভাবলো, জেনাবেশের ভাব সমাধি হলো নাকি। একটু এ গে সিলে গ্রাটা একট ঝেন্ডে সে মালাপের ভঙ্গিতে বলে, জায়গাটা খুব চমৎকার, তাই না ং

একথায় জেনারেঙ্গ আদৌ খুশী হলেন না, তাঁর ভুঞ কুঁচকে ওঠে। তিনি অশান্ত ভাবে বলেন, মামি এখন একট্ একলা পাকতে চাই। আর সময় নেই, সময় নেই।

— কিছু মনে করবেন না, ব্লোর একটু লজ্জা পেয়ে বললো। আমি
আপনাকে বিরক্ত করতে চাই না। এখানে কোন লোক গা ঢাকা
দিয়ে আছে কি না, তাই আমরা তিনজনে খুঁজতে বেরিয়েছি।

আপনার সঙ্গে দেখা হলো, তাই কথাটা আপনাকে বল্লাম।

- —তোমরা কিছুই ব্বতে পারছো না। কিছু না। তোমরা এসো।
  রোর আন্তে আন্তে দলের সঙ্গে মিশে বললো, লোকটা একটা
  আন্ত পাগল।
  - —কেন, ওঁ তোমায় কী বললো ? লম্বার্ড জানতে চায়।
- —একটু একলা থাকতে চায়। বলে, সময় নেই, সময় নেই। কথার মাথা মুণ্ডু কিছুই বুঝলাম না।

ডাক্তার কথাটা শুনে নিচু গলায় বিড়বিড় করে বলেন, তাই তো! এবার আমাদের কি করা দরকার!

#### 9

সারা দ্বীপ খুঁজে দেখা শেষ হলো। তিনজনে ক্লান্ত হয়ে ডেভনের দিকে চেয়ে থাকে। একটাও নৌকো নেই। তবে বাতাস একটু জোরে বইছে।

—ঝড় আসছে, লম্বার্ড বললো। আমাদের এখান থেকে কেউ দেখতে পেলে ইশারা করতাম। তারও কিছু উপায় দেখছি না।

ব্লোর বললো, রাতে আগুন জালালে কেমন হয় ?

—আমার ধারণা তাতে কোন ফল হবে না। হয়তো আওয়েন আশেপাশে গ্রামের লোকদের বুঝিয়ে বলে রেখেছে, ওখানে কিছু লোক আমোদ প্রমোদ করতে গেছে। ওরা বদি আগুন জ্ঞালে ভাহলে ভাববে, হয়তো ওখানে বসে কোন কাজ করছে।

রোর জ্বলের দিকে তাকিয়ে হঠাৎ বললো, আচ্ছা, এই পাড়ে কেউ লুকিয়ে নেই তো ?

—না, তা হয় না, ডাক্তার মাথা নাড়েন। খাড়া পাড় নিচে নেমে গেছে। ওখানে কারুর পক্ষে লুকিয়ে থাকা সম্ভব নয়।

ব্লোর বলে, ওখানে কোন গর্ভ থাকতেও ভো পারে।

শম্বার্ড বলে, একটা নোকো থাকলে দ্বীপের চারপাশটা একবার দ্বুরে দেখা যেত। ডাক্তার হেসে বলেন, নোকো পাওয়া গেলে তো কোন কথাই ছিল না। আমরা অতি সহক্ষেই এখান থেকে চলে যেতে পারতাম।

—কথাটা সভ্যি, সমবার্ড হেসে বলে। কথাটা আমার আদৌ মনে হয়নি। তবে কিনারায় একটা জ্বায়গা আছে, বেখানে একটা লোক অভি সহজেই লুকিয়ে থাকতে পারে। একটা মোটা দড়ি পেলে আমি নিচে নেমে একবার দেখে আসতে পারতাম।

ব্লোর বললো, মনে হয় ওখানে কেউ নেই। তবু সন্দেহ মিটিয়ে নেওয়া ভালো। আমি একটু আসছি। দেখি বদি দড়ি পাই।

রোর চলে বায়। ডাক্তার বেন কি ভেবে চলেছেন। **তাঁকে** চিন্তিত দেখে লম্বার্ড বলে, ডাক্তার, কি ভাবছেন ?

—ভাবছি, ডগলাসের মাথা কতটা খারাপ হয়েছে।

তারপর আকাশের দিকে তাকিয়ে লম্বার্ড বলে, আকাশে আবার মেঘ জমেছে। অন্ধকার হয়ে আসছে।

8

সারাটা সকাল একটা অস্বস্তির মধ্যে কেটেছে ভেরার। সে যভটা সম্ভব এমিলিকে এড়িয়ে চলেছে সেই কথাবার্তার পর থেকে।

ওদিকে বারান্দায় তিনখানা চেয়ারে তিনজনে বসে আছে। তাদের মধ্যে দূরত্ব থানিকটা করে। তারা হলো ওয়ারগ্রেভ, এমিলি এবং ভেরা।

একটা বড় চেয়ারে বসে আছেন ওয়ারগ্রেভ। মাথাটা সামনের দিকে কিছুটা ঝুঁকে পড়েছে।

ভেরার মনে হলো, ওয়ারগ্রেভের সামনে কাঠগোড়ায় দাঁড়িয়ে আছে সেই তরুণ এডওয়ার্ড সেটন। আর মাধায় কালো টুপি পরে যেন তার মৃত্যুদগুদেশ উচ্চারণ করছেন বিচারপতি। তাঁর দিক থেকে চোখ ফিরিয়ে নিলো ভেরা।

ওদিকে আর একটা চেয়ারে বসে উল বুনছেন এমিলি। তাঁর দিকে তাকিয়ে ভেরা ভাবে, এই মুখ কোনদিন স্থলর, কোমল এবং মমতা মাধানো ছিল। আজ বেন এ মূখ নিষ্ঠুর, রুক্ষ এবং করুণাহীন হয়ে উঠেছে।

এখানে বসে থাকতে আর ভেরার ভালো লাগছে না। সে চেয়ার থেকে উঠে চলতে আবস্তু কলে দেয়। এবং গেল সে সমুদ্রের দিকে।

- —লেদলো। ভুমি এসেছে।
- —কে । চমকে ওঠে ভেরা।
- —ও ! তুফি ভেরা, জেনাবেল ডগলাদ কাতব ভাবে কথাটা বলেন। তুমি কিছু মতে কমোনা। আমি ভাবছিলাম লেদলিত কথা।

ভগলাস সমুদ্রের ধানে বাসে খাদ্রে। তাঁক নিষ্ট সমুদ্রেক নিকে। ভেবা তাকে প্রথমটা দেখতে পার্মনি।

ভেবাৰ মুখ দিফে একটা কলা বেৰিজে কলা সে জিজাসা কৰলো, লেসলি মাপনার কে ২য় গ

- —লেসলি গ সে একদিন থামাৰ সব ছিল।
- ---- १९२' खो वृदि '
- —হাঁ খামা স্ত্রা কা দলর আব প্রাণোভল ছিন। ওকে অ'মি দাকণ ভালোবাসভাম। ওকে নিয়ে খামাব গবেব শেষ ছিল না।
  - —ভারপ্র গ
- এংপর আর লু িয়ে লাভ নেই। হাা, হাং, আমি! বিচমগুকে পাঠিয়েছিলাম মৃত্যু মুখে। এক 'দক দিয়ে বিচাব কবলে লাব মৃত্যুর কাবণ আনি। অবগ্য কথন ত'।কন্তু আমার মনে আদাে ত মনে হয়নি। সারাজাবন আইন মেনে চলেছি। আইন ও শৃষ্মলাব বাইরে এতটুকু যাইনে না, না. আমাব কোন খেদ. বা গ্লান নেই। কিন্তু...।
  - —কিন্তু কা :
- —লেসলি কন্ত এ কথা জানতো না। তার সঙ্গে একটা দিনের তবে খারাপ বাবহার করেনি। কিন্তু সবচেয়ে ছংখের ব্যাপার, সে বেন দিনের পর দিন কেমন বদলে গেল। আমার কাছ থেকে থেন

ব্দনেক দূবে প:ড়ি দিল। এবপর সে আমার ধরা-ছোয়ার বাইরে চলে গেল। আজ আমি একলা। একবারে নি:সঙ্গ হয়ে পড়েছি।

ছ'জনের কেউ আর কোন কথা বলছে না। তারপর নীরবতা ভঙ্গ করে ভেরা বলে, আপনার এখানে বসে থাকতে ভালো লাগছে ?

- —দারুণ, দারুণ ভালো লাগছে। খুব স্তুন্দ্ব শান্ত <sup>†</sup>নরালা স্থান। অপেক্ষা ক্যাব মত আদর্শ স্থান।
  - মপেকা ? কিসেন্ ? বা কাৰ জ্বন্ত ?
  - —জীবনের শেষ ডাকের জন্ম।
  - —না, না, এসব আপনি আনে) ভাববেন না।
- ঠিকই ভাবছি। এই দ্বীপ ছেড়ে আমাব যাওবা হবে না। শুধু আমাব কেন হয়তো কেউই যেতে পা বে না। স্থান আমি এখানে চিরবিদায়েব প্রতীক্ষায় বদে আছে।

এবপ্র জেনাবেল একটু হেলে বলেন, ভেবা, ত্যুম আমার কথা ঠিক বুঝতে পার্বে না। তুমি তেলে মাগুর। কাশান্তি এই অবসানে!

--- myfr. 9

—হ 'শাহি, ন ছং। া চিচা: াঝ ওছ ভার।
আব বোলাই প্র প্রাথন চ । বাব গুল এনার প্রাথন
ও প্রথ মান্ত্রটি। কন্ত সে তে নাই বছ দূরে। ওবু আমার সেই
বোঝা না মা দেবাৰ সময় এই বি নাই কী শান্তি! কী আনন্দ।
ভাবতে স্থিতি সুন্দ্র লাগে!

ভেরাব কেমন যেন এয় কবং লাগলো ডগলনকে। সে ওঁর দিকে তাকায়। তাব দৃষ্টি দিগছেব দাকে। ঠে টি ছটো কাঁপছে। ওয়ে এখানে আছে তা তিনি যেন ১কবানেই ভূলে গেছেন।

তাবপর ডগলাস নিচু গ্লার খেন কৈন ফস করে বলতে থাকেন, লেসলি ! লেসলি ! প্রিয়া, সাড়া াদছে। না কেন ! কেন আমার কাছে আসছো না ! আমি বে তোমায় একান্ত করে কাছে পেতে চাই । তুমি আমায় নিরাশ করো না । তুমি আমায় তোমার কাছে নিয়ে চলো । লেসলি ! ও লেসলি ! আমাব কথা শুনতে পাছে। ?

# ভেরা পা টিপে টিপে ওখান থেকে চলে আসে।

6

ইতিমধ্যে ক্লোর দড়ি নিয়ে এসে দেখে ডাক্তার পাহাড়ের নিচের দিকে ডাকিয়ে কি বেন ভাবছে ৷ তাঁকে দেখে সে জিজ্ঞেস করে, লম্বার্ড কোথায় ?

- আ: ও লম্বার্ড ? কোথায় যেন গেছে। এথুনি আসবে। আর আমি একটু চিস্তার মধ্যে আছি।
- চিন্তা ? ব্লোর হাদে। আমাদের মধ্যে কেই বা চিন্তার মধ্যে নেই!
- —তা ঠিকই, ডাক্তার একটু লজ্জিত হলেন। কিন্তু আমি ভাব-ছিলাম একটি বিশেষ লোকের কথা। আমরা তো একটা পাগলাকে খুঁজি বেড়াচ্ছি, তাই না ?
  - --ह्या।
  - —আচ্ছা, ডগলাস লোকটি কেমন ?
- —আপনি কি বলতে চাইছেন, তিনি জিঘাংস্ত প্রকৃতির মানুষ কী না!
- —না, না, আমি ঠিক তা বলতে চাইছি না। অথচ আমি মানসিক রোগের বিশেষজ্ঞ নই এবং ওঁর সঙ্গে তেমন আমার আলাপ পরিচয়ও হয়ে ওঠেনি, বা থেকে কোন সিদ্ধান্তে পৌছতে পারি।
- —হাঁ, ঠিক বলেছেন, ব্লোর বলেই ভাবে। উনি কী যেন একটা আন্দাক করছেন। সেটা জানা দরকার।
- —থাক্, ওসৰ কথা, ডাঙার বলেন। এই বে লমবার্ড এসে গেছে।
  লমবার্ড এসে দড়িটা একবার ভালো করে দেখে নেয়। তারপর
  একটা দিক নিজের কোমরে বেঁধে অন্ত দিকটা ভাক্তার এবং ব্যোরকে
  ধরতে বলে, আমার জন্ম ভাববার কিছু নেই। দড়িতে টান পড়লে
  শক্ত করে ধরবেন। আমি যাচিছ। বলেই পাড় বেয়ে তরতর করে
  সে নিচের দিকে নেমে চললো।

রোর নিচু গলায় ভাক্তারকে বললো, নামতে ওর এতটুকু অস্থবিধে হচ্ছে না। বেড়ালের মত নেমে চলেছে। আর ও কথা বলার মধ্যে বেন একটা কিসের ইঙ্গিত রেখে গেল।

- —বোঝা বায়, এককালে হয়তো পাহাড়ে ওঠা নামার ব্যাপারে বেশ বন্ধ নিয়েছিল, ডাক্তার বেশ সহজ্ঞ ভাবে কথাটা বলেন।
  - —হাঁা, তা হতে পারে, কিন্তু আমি অন্য কথা ভাবছি।
  - —কি কথা ?
- —কিছু মনে করবেন না, আমি কিন্তু ওকে বিশ্বাস করতে পারছি না।
- —না, না, অমন ভাবার কোন সঙ্গত কারণ নেই, ডাক্তার হেসে বলেন। ওর জীবনটা কেটেছে নানা রকম অ্যাডভেঞ্চারের মধ্যে। ও ঠিক আর পাঁচজনের মতন নয়।
- —আমি আপনার কথা অস্বীকার করছি না, ব্লোর পাণ্টা জ্বাব দেয়। কিন্তু এমন কিছু আডিভেঞ্চার ওর জীবনে ঘটেছে, বার কথা ও বলতে নারাজ। গোলমালটা সেখানেই।

একটু থেমে ব্লোর আবার বলে, আচ্ছা ডাক্তার, আপনি সব সময় রিভলবার সঙ্গে নিয়ে ঘুরে বেড়ান ?

- ---না, তা করতে বাবো কেন।
- —তবেই বুঝুন। সব সময় ওটা সঙ্গে রাখেন কেন ?
- —একটা বাতিক আর কি!
- —না, না, ডাক্তার, আপনি এ ভাবে কথাটা এড়িয়ে বাবেন না।

ইতিমধ্যে দড়িতে টান লাগতে ছ'জনের কথা বন্ধ হয়ে গেল। একটু পরে দাড়িতে আর টান নেই।

রোর আবার কথায় ফিরে আসে। বলে, বাতিক ? বাতিক তো মামুষের নানা রকম হতে পারে। সব ছেড়ে এ বাতিক কেন। আমি দেখেছি ওর ব্যাগে স্লিপিং ব্যাগ, ছারপোকা মারার পাউডার, জলের বোতল, ফাস্ট'-এড বক্স ইত্যাদি আছে। এখানে আমরা সবাই বেড়াতে বা ছুটি কাটাতে এসেছি। আমাদের কারুর কাছে এসব জ্বিন্য তো নেই।

ডাক্তারের মুখে দেখে মনে হলো, তিনি ওর কথায় প্রতিবাদ না করলেও অস্বীকার করতে পারছেন না।

একট্ পরে লম্বার্ড ফিরে এলো। ওর বৃক ওঠা নামা করছে। ও কপালের ঘাম মুছে বললো, না, কেউ কোথাও নেই। যদি থেকে থাকে তো আমাদের মধ্যেই আছে। বাইবে নেই।

#### હ

সারা বাড়ি ভন্ন-ভন্ন কবে খোজা হলো। কেউ কোথাও লুকিয়ে নেই। কোন গুপ্ত স্থানও বাদ যায়নি। ভাছাড়া, এখানে খুঁজতে কোন অস্ত্রিখেও নেই। প্রক্ষাব ঝকঝকে ভকতকে আধুনিক বাড়ি। আশেপাশেটাও তাই। প্রথমে একডলাটা প্রীক্ষা করা হলো। এরপর দোভলা।

বজার্স ট্রেডে করে কিছু পানীব নিয়ে আসছে। ভাকে দেখে লম্বার্ড বলে, আশ্চর্য মাথুষ এই রজার্স। হাছিল কাটার মত সব কিছ করে চলেছে।

- —স্বা, পরিচারক হিনেবে এব ভুলনা মেলা ভার, ডাক্তাবও এ মন্তব্য কৰে।
- এব বউ বড় ভালো মানুষ তিল। বালা করতোও চমংকাবা গত রাতেব থাবারের স্বাদ যেন এখনো মুখে গোগে আছে। কথা বলে রোর যেন একটু লজ্জায় পড়লো। এখন ব্যাটা না বললেই বোধ হয় ভালো হতো।

তারপর দোতলার ঘনগুলো ভালো বরে দেখা হলো। দক্ষিণ দিক দিয়ে তেতলার ছাদে ওঠান সি<sup>\*</sup>ড়ি। তা দেখে ব্লো, বলে, একবান ছাদটা দেখলে মন্দ হতো না।

এ কথার পরই একটা শব্দ। তবে শব্দটা বেন কোন ছে:ট ছেলে বল নিয়ে থেলা করার মতন। ওদিকের ঘর থেকে আসছে eथात्न त्रक्षार्मित खीत मृज्याहरू तराहरू। ঐ घत्र है। পत्रीका करत प्रयो इसनि !

ব্লোর পা টিপে টিপে এগিয়ে গেল নির্দিষ্ট ঘরটার দিকে। বাকীরা ভাকে অনুসরণ করে।

মাস্তে রোর এগিয়ে বার। তারপর এক টানে হট করে দরজাটা খুলে ফেলে। তাতে তিনজনই হকচকিয়ে বায়। দেখতে পায়, রজার্স কতগুলো জামা-কাপড় হাতে নিয়ে দাড়িয়ে আছে।

#### 9

প্রথমে ব্লোর কথা বলে, রজার্স, কিছু মনে করে। না। মনে হচ্ছিল এই ঘর থেকে যেন...। তার কথা বলার মধ্যে একটা লচ্জার ভাব ফুটে উঠলো।

- না, না, আমি কিছু মনে করিনি, রজার্স ধরা গলায় ভারপর বলো। আমি আর এ ঘণে কিচুতেই থাকতে পারবো না। ভাই হুঁ চারটে জিনিস নিয়ে ভাবছি ঐ দিকের ছোট ঘরটায় থাকবো।
  - —গ্যা, ভূমি তাই করে।, ডান্ডার নায় জানাল ওকে।

আন্তে আন্তে ওর। ঘর থেকে তিন্দনে বেরিয়ে এলো। বে খাটের উপর রজার্সের স্ত্রা সাদা চাদর চাকা এবস্থায় চিরনিজায় নিজিত সেদিকে কেউই চেয়ে দেখলো না। সম্ভবত ভয়ে।

এবার ছাদ দেখার কথা। জনের ট্যাঙ্কের নিচ ও ভেতরটা দেখা হলো। কিছুই পাওয়া গেল না। এ বাড়িব মধ্যে ছাদটাই যা একট্র অপরিফার। ঝাট-পাট অনেক দিন পড়েনি।

থোঁ জার পালা শেষ। ছাদেব উপব একে এপরের দিকে তাকিয়ে চুপচাপ দাঁড়িয়ে আছে। একটা া লবাৰ কাছেই ধরা পড়েছে বে, আটজন জীবিত এবং ছ্'জন মৃত। এ চাড়া আর কোন লোক এখানে নেই। তবু মুখ ফুটে সে কথা কেউ বলছে না।

শম্বার্ড ওদের দিকে তাকিয়ে আন্তে আন্তে কথাটা বলে, এখন দেখছি, আমরা সবাই ভূল করেছি। অবশ্য ভূল করার যে কারণ একবারে ছিল তা নয়। এখানে পর পর ছটো মৃত্যু ঘটলো। এ ছটো মৃত্যুর মধ্যে কোন রহস্থ নেই। আর সত্যি, এখানে আমরা ছাড়া অস্থ লোক নেই।

একথার প্রতিবাদ জানিয়ে ডাক্তার বললেন, ভূল করেছি, একথা অন্তত আমি বলতে পারি না। আত্মহত্যার কেস নিয়ে আমি অনেক নাড়াচাড়া করেছি। আরো বেখানে আমি একজন ডাক্তার। তাই আমার দৃঢ় বিশ্বাস, মার্সটন আথ্মহত্যা করার মত মানুষ ছিল না। 'সুইসাইডাল টাইপের' মানুষ সে আদৌ নয়।

লম্বার্ড বলে,ভাহলে মার্সটনের ব্যাপারটা একটা অ্যাক্সিডেন্ট নয় ?

—নিশ্চয়ই একটা অ্যাক্সিডেন্ট, ব্লোর তার কথায় বেশ জ্বোর দিয়ে জ্বানায়, তাছাড়া। আর কী হতে পারে ?

একট থেমে ব্লোর আবার বলে, তাহলে রজার্সের স্ত্রীর ঘটনাটা কী ? সেটাকে তো আর একটা অ্যাক্সিডেন্ট বলতে পারি না। নাকি সেটাও একটা অ্যাকসিডেন্ট ?

— অ্যাকসিতেত ? সম্বার্ড প্রশ্ন করে। কিন্তু কী ভাবে ?

ব্রোর এ কথার কোন জবাব দেয় না, চুপ করে থাকে। ভাবে, এ কথার উত্তর দেওয়া ঠিক হবে কি না। অথচ দে কিছু বলতে চায়। ভারপর বলে, একটা কথা বলবো ডাঃ আর্মস্ট্রং ?

- —বলো।
- —গতকাল রাতে আপনি রজার্সের জ্রীকে কোন কিছু খেতে দিয়েছিলেন ?
  - —হাঁ একটা ঘুমের ওমুধ !
  - —মাত্রাটা একটু বেশী হয়ে বায়নি তে। ?

- —মানে ? তুমি কী বলতে চাইছে। ?
- মানে কিছু না। এ ব্যাপারে আপনার ভুলও তে। হতে পারে।
- —তোমার কথার কোন মানে হয় না, ডাক্তার প্রতিবাদ জানায়।
  এমন ভূল হলে কখনো চলে না। এ সব ভূল অন্তদের হতে পারে কিন্তু
  ডাক্তাদের কখনো হয় না।
- —কিন্তু গ্রামাকোনের কথাটা তো আমরা অবিশ্বাস করতে পারছি না। সেখানে আপনাকেও দোষারোপ করা হয়েছে। তাই না ডাক্তার ? ব্লোর চিবিবে চিবিয়ে কথাগুলো উচ্চারণ করে।

ডাক্তারের মত লম্বার্ডও প্রতিবাদ জানিয়ে বলে, এভাবে নিজেদের মধ্যে ঝগড়া করে কোন লাভ আছে ? এটা এখন একটা বিপদের সময় সবার কাছে। আমাদের দেখতে হবে, কি করে আমরা উদ্ধার পাই। তা নয় তুমি প্রামোফোনের কথা তুলছো। তাতে তুমিও বাদ গেছিলে নাকি।

- —রেথে দাও এসব কথা! আমি একেবারে বিশ্বাস করি না। ভাহা মিথ্যে কথা। এসব বলে তুমি আমায় চুপ করিয়ে রাখতে পারবে না। বলে সে সম্বার্ডের দিকে ঘূষি পাকিয়ে এগিয়ে বায়। আর আমি ভোমার সম্পর্কেও জানতে চাই।
  - —আমার ? নিজেকে দেখিয়ে লম্বার্ড জিজ্ঞেদ করে।
- —হাা, আর আমি জানতে চাই, তুমি কেন সঙ্গে রিভলবার এনেছো ? অহা কেউ তো আনেনি।
  - --জানতে চাও ?
  - ---ই্যা।
  - —<u>রোর</u>…।
  - **—कौ** ?
- —ভোমাকে যভটা বোকা ভেবেছিলাম, সভিত তুমি তভটা বোকা নাকি ?
- —তা না হয় নাই হলাম। তাই বলে রিভলবারের কথাটা এড়িয়ে বেও না।

- —এড়িয়ে থেতে চাই। এখানে কোন রকম বিপদ হতে পারে বলে ওটা আমি সঙ্গে এনেছি।
- —ভাহলে ঘটনাটা আমি খুলে বলি। অশু সকলে জাতুক যে, ভাবা যেমন আমন্ত্রণ পেয়ে এখানে এসেছে, আমিও ভেমনি। ভবে আমার সঙ্গে ভাদেন ভফাং বে, ভারা চিঠি মারফং আমন্ত্রণ পেয়েছেন কিন্তু আমারটা একটু অশু ধরনের। মবিস নামের একটি লোক বললো, আপনি ওখানে গেলে একটা কাক্ত পাবেন। কাক্ষটা নাকি সাহসের। আমাব নাকি সাহস আছে। আর আমি রাজি হয়ে যেতে ও আমায় কিছু টাকা দেয়।

কথা শেষ কবে ব্লোর লম্বার্ডেব দিকে তাকিয়ে বলে. তোমাব এ ব্যাপাবে কিছু বলাব আছে গ

- —না নেই, লম্বার্ড হাসে।
- —মি নি-চংই তোমায় আবে। কিছু বলেছিল গ ডাক্তাব বলেন।
- —না, খাব িকছু বলেনি। তবে এ বাাপাৰে আমি আৰও কিছু জানতে সে ছেলাম। কন্তুনে এখ খোলেনি। আৰু আমাৰ টাকাৰ প্ৰয়োজন ছিল। আই আমি কথা না বাজিয়ে বাজি হয়ে গেছিলাম। ভবে ো এ কথা বলে হিল, কাজটা নেওয়া না নেওয়া ভোমার মর্জি।

তাৰপৰ ব্লোৰ লম্বাৰ্ডকে বলে, গতকাল বাতে তুমি এ কথাটা চেপে গেলে কেন।

- খামি চেপে থেতে চাইনি, লম্বার্ড বলে। আসলে আমি আদে বুকতে পাবিনি যে, এ রকম একটা পবিস্থিতির উদ্ভব হবে।
- —কিন্তু এখন ্থ ডাক্তাবেব জিজ্ঞাস্ত । নিশ্চয়ই তুমি এখন অক্ত রকম ভাবছো ?

ুখের ভাব বদলায় লম্বার্ডের। সে মুখ এখন কঠিন দেখাতে থাকে। সে বলে, এখন আমি সবার সঙ্গে একই নোকোর যাত্রী! জানি না সে নোকো ভাসবে না ডুববে। আমিও আওয়েনের ফাঁদে পড়েছি।

একটু থেমে দে আবাব বলে, মার্সটন এবং রজার্সের জীর

মত্যু ঘটলো। সঙ্গে সঙ্গে তুটো পুতৃল উধাও। এসব ঐ পাগল সাওয়েনের কারসাজি। কিন্তু সেই শয়তানটা গেল কোধায় ? ইতিমধ্যে লাঞ্চের ঘণ্টা বেজে উঠলো।

5

াওয়ার ঘরের কাছে অপেক্ষা করতে রক্ষার্স। প্রথমে একো লম্বার্ড। জড়ের করে, বশার্স ভোমার রান্না করতে অস্তবিধে হযনি ?

- —না। তেমন কিছু হয়নি। প্রচ্ব টিন ফুড ছিল। তা **দিয়ে** দালিচ্ছেডি গেবে নারাকটির বোট নিবেনা আসাটা আমার মোটেই ভালো লাগছেন। কেমন যেন একটা গলুক্ষণে ভাব।
  - শ্লুক্ষণে ? ই্যা, লোমার ধাণণাই হয়তো ঠিক।

একটু এরে ঘরে দুক্ষেন এমিলি। তাঁর হাতে কাঁটা আর পশম।
তিনি চেলাকে বসতে বসতে বললেন, আবহাওয়া কেমন বদলে গৈছে।
সম্ভার তাওৰ ক্রমণ বাচছে। হয়েশে বাড উঠাবে।

এবাদ আমে আন্তে গরে প্রবেশ করলেন বিচারপতি ওয়ারগ্রেভ।

সারা ঘরটা একবার দেখে নিয়ে বললেন, সারাটা সকাল বোধহয়

সকলে খুব ব্যান্ত ছিলেন। তার কথার মধ্যে কেমন যেন একটা খুশীর
ভাব।

একট্ট পবে হাপাতে হাপাতে ভেন এলো, আমি একট্ট্ দেরি করে ফেলনামন আমাব জন্ম আপনার। নিশ্চয় অপেক্ষা করছিলেন

দেরি করেছো ঠিকই, এমিসি বলেন। তবে জেনারেল এখনো আসেন নি।

সকলে খাওয়ার টেবিলে বসং বজার্ম বলে, আপনারা খেতে শুরু করে দেবেন, না জেনারেলের জন্ম অপেক্ষা করবেন ?

এ কথার উত্তরে ভেরা জানায়, উনি সমুদ্রের তীরে বদে আছেন, আজ তাঁকে বড়ড অক্সমনস্ক দেখাছেছ। ঘন্টার শব্দ বোধহয় উনি শুনতেই পাননি। রন্ধার্স জানায়, আমি তাহলে তাঁকে গিয়ে জানাই, যে, লাঞ্চ তৈরি।

—তুমি পরিবেশন করো সকলকে, ডাক্তার উঠে দাঁড়ান। আমি ওনাকে সঙ্গে করে নিয়ে আসছি।

9

সমুক্তের গর্জন শুরু হয়ে গেছে। সেই সঙ্গে বাড়াস। আলাপ বেন জমতে দিছে না।

ব্লোর বললো, কাল যখন ট্রেনে করে আসছিলাম, তখন এক বুড়ো নাবিক বলছিল, ঝড় আসছে। ও কী করে বুঝলো ?

সবাইকে মাংস দিচ্ছিল রন্ধার্ম। হঠাৎ সে থেমে গেল। বললো, কে বেন দৌডে আসছেন।

হাঁ। তাই তো। পায়ের আওয়াকটা ক্রমশ স্পষ্ট হলো।

মুখে কেউ কোন কথা বললো না। সবাই যেন আর একটা গু:সংবাদের জন্ম মনে মনে তৈরি হচ্ছে। সবার দৃষ্টি দরজার দিকে।

ডাক্তার হাঁপাতে হাঁপাতে এসে বললেন, জেনারেল !

- —জেনারেল কী ? ভেরা জিজ্ঞেস করে। মারা গেছেন ?
- <u>—शा ।</u>

আঁয়া ! সবাই চমকে উঠে সবার দিকে তাকায়। কারু মুখে কোন কথা নেই। শুধু সমুদ্রের দাপাদাপি আর বাতাসের শব্দ শোনা বেতে থাকে।

8

বড় শুরু হলো। ওদিকে সবাই মিলে ধরাধরি করে জেনারেলের দেহটা বয়ে নিয়ে এলো। তারপর খাবার ঘরের পাশ দিয়ে দোতশায় ওঠবার জন্ম সবাই এগিয়ে গেল। ভেরা গিয়ে খাবার ঘরের দরজার কাছে দাঁড়ায়। খাবারের প্লেট সাজানো রয়েছে। কিন্তু কেউ স্পর্শ করেনি। একট্ পরে রজার্স ভেরার কাছে এসে দাড়ায়। বলে, দেখতে এলাম ক'টা পুতুল রয়েছে।

- ---তা বুৰতে পেয়েছি। দেখো ক'টা আছে।
- —সাতটা।

6

জেনারেলের দেহ তার ঘরে শুইয়ে দেওয়া হয়েছে। তাঁকে ডাক্তার শেষ বারের মত পরীক্ষা করলেন। তারপর নেমে এলেন এক তলার ঘরে। সেখানে সবাই অপেক্ষা করছে।

এমিলি বসে আছে। তাঁর কোলের উপর উল আর কাঁটা।
তিনি বুনছেন না। ভেরা জানলার কাছে দাঁড়িয়ে বাইরেটা দেখছে।
রোর বসে আছে। হাঁটুর উপর করুই। আর হাত রেখেছে মাথায়।
অন্তির ভাবে পারচারি করছে লম্বার্ড। ঘরের এক কোণে রাখা একটা
বড় আরাম কেদারায় ওয়ারগ্রেভ বসে আছেন। চোথ ছটো ভাঁর
বোজা।

তারপর ডাক্তার ঘরে প্রবেশ করতে ওয়ারগ্রেভ জিজ্ঞেদ করলেন, কি বুঝলেন ডাক্তার ?

—হার্টফেল বা ঐ জ্বাতীয় কিছু নয়। ভারি কিছু জ্বিনিস দিয়ে মাধায় আঘাত করা হয়েছে, আর তাতেই মৃত্যু ঘটেছে।

ঘরে একটা চাপা ফিসফিসানি উঠলে।।

- —যে জিনিস দিয়ে আঘাত করেছে সেটা কী আপনি দেখেছেন ?
- --- ना ।
- —ভাহলেও আপনি মনে করেন যে, আপনার সিদ্ধান্তই সভান্ত।
- —žǐ 1

ওয়ারগ্রেভকে এবার কেবল গম্ভীর দেখাতে থাকে। তিনি বলেন, আমরা যে কী পরিস্থিতির মধ্যে আছি বোধহয় সবাই বুঝতে পারছেন।

ওয়ারগ্রেভ সারাজীবন মর্যাদার সঙ্গে বিচার করে এসেছেন। আছ জটিল রহস্তময় পরিবেশে কয়েকটি মানুষের নেতৃত্বের ভার বভাবভ ভার উপর এসে পড়ে। তিনি যেন এদের সভাপতি নিযুক্ত হলেন।
তিনি গলাটা কেশে একটু পরিষার করে বললেন, আজ সকালে
আপনারা যথন সবাই ব্যস্ত ছিলেন তখন আমি বাবানদায় চুপ করে
বনে ছিলাম। বসে বসে লক্ষ্য কবভিশাম, আপনাদেব কার্যকলাপ।
আপনারা কেন ব্যস্ত ছিলেন তা বুঝতে অস্কাবিধে হয়নি। আপনারা
ে ওপ্তঘাতকেই সন্ধানে সারা দ্বীপময় খুঁজে বেড়াচ্ছিলেন, তাই নয় ?
লম্বার্ড সায় জানায়, ইয়া।

বিচাবণতি বলেন, আমার দক্ষে আপনাক নিশ্চয়ই এক মত থে, রজ্ঞার্দের স্থাব এক মার্সিটনের মৃথ্য স্বাভাবিক নহ। আর আমাদের সক্সকে এবানে আমন্ত্রণ জানানোর উদ্দেশ্যও আওকানের মহৎ নয়।

- --- এ: ওমেন ? কক্ষ কণ্ঠে বোৰ কলে। একটা বিপক্ষনক পাগল।
- হা ফে পাগল তো ঠিকই। তাব পাগনামে। নিবে আন আলো-চনা কবে লাভ নেই। এখন আমবা এই বিপদের হাত থেকে কেমন কবে উদ্ধাৰ পাবো সেটা ভাবা তকাস্থ ৮াবে প্রযোজন।
  - —কিন্তু এই দ্বীপে আমবা ছাডা আা কেন্ট্ৰ নেই,ভাত চ জানাস।
- —বে অর্থে আপনি বললেন 'কেউ নেই', তা ঠিকই। তা আমি আজ সকালেই ব্যতে পেকেছি। তবু আমি আপনাদেব বারণ করিনি, কবলে আপনারা হয়তো শুনকেন না।

ওয়াকপ্রেভ একটু থেমে আবাব বলেন, আমাব ধাবণা আননাদের কাছে বছ'ছ, শাওমেন একটা প্রিকল্পনা নিয়েছে, এমন কভন্তলো লোককে শান্তি দেবে যাতে আহন কিছু কক্তেপাবেনি। আর এই প্রকল্পনা বাস্তবে ক্লানিত কন্তে সে বদ্ধপ্রিকাব। ভার উদাহরণ মার্সটন, ব্জার্সেব স্ত্রী এবং ভগ্যাদ। মঙ্গে সঙ্গে দশটি পুত্রের মধ্যে ভিন্টি পুতুল উধাও।

ওয়ারত্রেভ সবাব দিকে ভাকিয়ে বলেন,পনিকল্পনা কাষকর করতে হলে তাকে এখানে থাকতে হবে, আর আমার দৃঢ় বিশ্বাস, সে এখানেই আছে। এবং তা একটি উপায়ে সম্ভব। এবাব ব্যপারটা শ্বই ম্পন্থ, সে আমাদেব মধ্যেই একজন। —না! না! তা হতে পারে না, ভেরা কাল্লা মেশানো গলায় চিংকার করে ওঠে।

বিচারপতি ভেরার দিকে তাকিয়ে বললেন, ভেরা, তোমার বয়স অল্প, কিন্তু এড়িয়ে চলে তো লাভ নেই। তাতে বিপদ বাড়বে বই কমবে না। নিশ্চয়ই আমাদের মধ্যে একজন আওয়েন। দশজন ছিল তার মধ্যে তিন মৃত। ফলে এরা আমাদের সন্দেহের বাইরে। আর এই বাকী সাতজনের মধ্যে যে কেউ একজন হবে।

একটু থেনে তিনি আবার বললেন, আশা করি এ ব্যাপারে সকলে আমার সঙ্গে এক মত।

ডাক্তার মৃত্ প্রতিবাদ জানিয়ে বলেন, আপনার সিদ্ধান্ত মেনে নিতে মন চায় না। ভাবতে খারাপ লাগে। তবু আবার না ভেবেও থাকতে পারছি না। হয়তো আপনার কথাই ঠিক।

ব্লোর বলে, এর মধ্যে থার কোন দ্বিধা নেই। একবারে সত্যি কথা। তবে এই ব্যাপারে আমি কিছু বলতে চাই। তা হলো...।

বিচারপতি হাত তুলে থামতে বললেন, অন্ত কথায় পরে আসছি। আপাতত জানা দরকার, এ ব্যাপারে স্বাই এক মত কিনা।

এমিগি বলেন, আপনার কথাই ঠিক। সন্দেহ নেই আমাদের কারুর মধ্যে শয়তান ভর করেছে।

ওয়ারগ্রেভ এবার লম্বার্ডের দিকে তাকিয়ে বললেন, তোমার মত কি?

- —আমি আপনার দঙ্গে সম্পূর্ণ একমত।
- —তবে আমি ও কথা বিশ্বাস কৃষি না, ভেরা প্রতিবাদ জানায়।
- আচ্ছা, এবার সাক্ষ্য-প্রমাণাদি একটু বাচাই করে নেওয়া যাক্, বললেন বিচারপতি। তা ব্লোর, তুমি যেন একটু আগে কি বলতে চাইছিলে ?

জ্ঞত নিশ্বাস পড়ছে ব্লোরের। অর্থাৎ সে দারুণ উত্তেজিত হয়ে

পড়েছে। সে বললো, লম্বার্ডের কাছে একটা রিভলবার রয়েছে। অথচ গতকাল তা দে স্বীকার করেনি। অবশ্য পরে তা নিজেই স্বীকার করেছে।

মৃত্ হেসে এর জবাবে লম্বার্ড বলে, ব্যাপারটা আমি ডাক্তার এবং রোরকে বৃঝিয়ে বলেছি। আর আপনাদের সকলের কাছেও বৃঝিয়ে বলা প্রয়োজন। আরো বিশেষ দরকার এই কারণে যে, বন্ধুবর রোর এখনো আমার উপর থেকে সন্দেহ দূর করতে পারেনি। তারপর সে তার বক্তব্য পেশ করে।

তা শুনে রোর বলে, এটা যে তোমার সাজানো গল্প নয় সে বিষয়ে কী প্রমাণ আছে। প্রমাণ ছাড়া আমাদের পক্ষে বোঝা অসম্ভব। অস্তত আমি তাই মনে করি।

তাকে থামিয়ে বিচারপতি বললেন, আমাদের সকলের পক্ষেই কোন প্রমাণ নেই। পরস্পর পরস্পরকে মেনে নেওয়া ছাড়া উপায় নেই।

একটু থেমে বিচারপতি আবার বললেন, সকলেই বুঝতে পারছেন, আমরা একটা চরম সংকটের মুখোমুখি এসে দাঁড়িয়েছি। তার মোকা-বিলা করা আমাদের পক্ষে একান্ত কর্তব্য। তবে তার আগে একটা কথা জেনে নেওয়া দরকার, আমাদের মধ্যে একজন নেই যাকে আমরা পুরোপুরি বিশ্বাস করতে পারি!

একথা শুনে ডাক্তার বলে উঠলেন, স্থনাম, মর্যাদা এবং সম্মানের কথা যদি বলেন ভাহলে আমার দাবী উপেক্ষণীয় নয়।

একটু হেসে বিচারপতি বললেন, মর্যাদা এবং সম্মান বোধ হয় আমারও কিছু আছে। তবে মুশকিল কি জ্ঞানেন, ডাক্তার ও বিচারপতির অনেক সময় 'পাগল' বলে আখ্যা কপালে জোটে। আর পুলিশের লোকদেরও যে এমন অপবাদ জোটে না তা নয়।

—তবে মহিলারা হয়তো আপনাকে এ অপবাদ দেবেন না, লম্বার্ড খুব আন্তরিকভার সঙ্গে কথাটা জানায়।

তা শুনে বিচারপতি,একটু ভুক কুঁচকে বললেন, মানে ভূমি বলতে চাও, মেয়েদের মধ্যে অস্বাভাবিক জিঘাংসর্ত্তি কথনো দেখা যায় না।

- —তা হয়তো চাই না, কিন্তু তা সম্ভব যে…।
- তুমি থাম, পরক্ষণে বিচারপতি নিজেকে সংযত করে বললেন। আচ্ছা ডাক্তার, যে জিনিস দিয়ে জেনারেল ডগলাসকে আঘাত করা হয়েছে, তা কী কোন মেয়ের পক্ষে সম্ভব ?
  - —খুবই সম্ভব।
  - —খুব বেশী জোরের প্রয়োজন হয়নি ?
  - -- आफी नय।
- —তাহলে বুঝুন, মেয়েরা ও কাজটা করতে পারেন। আর রজার্স এবং মার্সটনকে বিষপ্রয়োগে হত্যা করা হয়েছে। এ কাজটা মেয়েরা অনায়াসেই করতে পারে। ফলে মেয়েরা সন্দেহের বাইরে নয়।
  - মাপনি উন্মান! ভেরা চেঁচিয়ে ওঠে। বদ্ধ উন্মান!

বিচারপতি ভেরার দিকে তাকিয়ে শাস্ত ভাবে বললেন, ভেরা, আশা করি নিজেকে সংযত রাখবে। তাবপর সেই দৃষ্টি এমিলির দিকে ফিরিয়ে বলেন, আশা করি আপনি আমায় ভুল বুঝবেন না।

মেঝের দিকে তাকিয়ে এমিলি বসে আছেন। সেই ভাবেই তিনি জবাব দেন, আমি যে আপনার কথা একবারে বুঝতে পারছি না তা নয়। কাউকে হত্যা করা আমার পক্ষে আদৌ সম্ভব নয়। আর এই তিনটে খুনের ক্ষেত্রে তো নয়ই। তবে এখন যে পরিস্থিতি দাঁড়িয়েছে, তাতে আমরা প্রত্যেকে প্রত্যেককে সন্দেহ করছি। এবং আমি তো আগেই বলেছি, আমাদের একজনের কাঁধে শয়তান ভর করেছে।

তারপর বিচারপতি বললেন, তাহলে আমরা একমত হলাম 'যে, আমরা স্বাই সন্দেহের তালিকায় রয়েছি।

লম্বার্ড সহসা রজার্সের দিকে তাকিয়ে বলে, আচ্ছা রজার্সকে...। লম্বার্ডের মুখের কথা বিচারপতি কেড়ে নিয়ে জিজ্ঞেদ করেন, হাা, রজার্সের ব্যাপারে তোমার কী মনে হয় ?

- —আমার মনে হয়, রজার্সকে এ তালিক। থেকে সহজ্জেই বাদ দিতে পারি।
  - -পারি ? কিন্তু কেন ?

—প্রথমত, ওর মাথায় এত প্যাঁচালো বৃদ্ধি নেই, দিতীয়ত,
আওয়েনের হাতে ওর স্ত্রী শিকার হয়েছে।

বিচারপতি তাঁর অভিজ্ঞতা থেকে জানালেন, এ সব ব্যাপারে তোমার অভিজ্ঞতা একবারে সীমিত দেখছি। আমার এজলাসে বছ ব্যক্তি ন্ত্রী হত্যার অভিযোগে অভিযুক্ত হয়েছে। এবং তাদের দোষও প্রমাণিত হয়েছিল।

লম্বার্ড বলে, আপনি আমার কথা ঠিক ব্রবেন না। আমি বলতে চাইছি যে, জ্রীকে কেউ যে হত্যা করে না তা নয়। ওদের গোপন চক্রান্তের কথা পাছে ওর স্ত্রী ফাঁস করে দেয়, তাই রজার্স ওর জ্রীকে হত্যা করেছে, এ কথা অসম্ভব নাও হতে পারে।

বিচাপতি বললেন, তুমি রেকর্ডের কথা শুনেই ওদের দোষারোপ করতে চাইছো। ওরা সত্যি কোন ষড়যন্ত্রে লিপ্ত হয়েছিল কী না তার তো কোন প্রমাণ আমাদের হাতে নেই। আর এমনও হতে পারে বে. গতকাল রাতে ওর স্ত্রী ব্রেছে, ওর স্বামীর মাধা থারাপ হয়েছে এবং কোন একটা সাংঘাতিক কাজ করতে পারে। আর তা জেনে হয়তো ওর স্ত্রী এমন ভয় পেয়েছিল।

- —ঠিক আছে, আপনার কথাই মেনে নিলাম, লম্বার্ড বলে। আমাদের মধ্যে একজনই আওয়েন এবং আমরা সবাই সবাইকে সন্দেহের চোখে দেখছি।
- —মান, সম্মান, যশ, প্রতিপত্তির কথা বাদ দিয়ে আমরা কাউকেই সন্দেহের তালিকা থেকে বাদ দেবো না। এবার একটা কথা হলো, আমাদের মধ্যে কে বা কাদের পক্ষে মার্সটন, ডগলাস এবং রজ্ঞার্সের জ্রীকে হত্যা করা সম্ভব হতে পারে।

রোর বথা বলার জন্ম ছটফট করছিল এবং তা বলে সে নিজের বৃদ্ধি জাহির করতে চায়। বলে, ঘটনাগুলো একটু তালিয়ে দেখা যাক্। মার্সটনের ব্যাপারটা সত্যি রহস্তময়। কী হয়েছিল তা বলা বেশ মুশকিল। তবে রঞ্জার্সের জীর মৃত্যুর ব্যাপারে হ'জনকে সন্দেহ করা চলে। তার মুধ্যে একজন হলো রঞ্জার্স স্থাং এবং অক্সন্ধন ডাক্তার।

- · ডাক্তার চেয়ার ছেড়ে উঠে তীব্র প্রতিবাদ জানিয়ে বলেন, আমি এ কথার আপত্তি জানাচ্ছি।
- —ডা: আরম্ট্রং! বিচারপতির কথার মধ্যে যেন কি ছিল। তাতে ডাক্তার আর কথা বাড়ান না। চুপ করে যান।

বিচারপতি বলেন, আপনার বিরক্তি এবং আপত্তির কারণ আমি বুরতে পারছি। কিন্তু তথ্যের মুখোমুখি তো আপনাকে দাঁড়াতেই হবে। একথা সত্যি, আপনার এবং রজার্সের পক্ষে তার জ্রীকে কিছু খাইয়ে দেওয়া সবচয়ে সহজ্ঞ কাজ ছিল।

তিনি আরো বলেন, এই ব্যাপারে অক্তদের কি ভূমিকা ছিল তাও বিচার করে দেখা উচিত। আমরা কী সকলেই সন্দেহের বাইরে? সম্ভবত নয়, তাই না?

ভেরা অ'গের মত রেগে উঠে বলে, রজার্দের স্ত্রীর তিসীমানার মধ্যে আমি ছিলাম না।

একটু চুপ করে থেকে বিচারপতি বলেন, আমার যথেষ্ট বয়েস হয়েছে। স্মৃতির উপরও বেশী নির্ভর করতে পারি না। তবু সাধ্যমত আমি ঘটনাগুলো সাজাতে চেষ্টা করছি। ভুল হলে দয়া করে শুধরে দিলে বাধিত হবো। সকলের প্রতি এটা আমার অনুরোধ বলতে পারেন।

তিনি নারে। বলেন, রজার্সের স্থা পড়ে যাবার পর মার্সটন এবং লম্বার্ড তাকে গিয়ে সাহায্য করলো। ডাক্তার তাকে পরীক্ষা করে ব্রাণ্ডি আনতে বললেন। তারপর কথা উঠলো ঐ কণ্ঠস্বর কোথা থেকে ভেসে এলো। এরপর আমরা সকলে পাশের ঘরে গেলাম, শুধু মিস এমিলি ছাড়া।

একথা শুনে এমিলির মুখ লাল হয়ে ওঠে। আপনি কী বলতে চাইছেন !

তাঁর কথার কোন জবাব না দিয়ে বিচারপতি আবার বলেন, তারপর আমরা ফের এ ঘরে এসে দেখি, মিদ এমিলি রজার্সের স্ত্রীর কাছে বুঁকে দাঁড়িয়ে আছেন।

- —মান্থবের প্রতি একটু দয়া দেখানোও কী অপরাধ! এমিলি বেন বালসে ওঠেন।
- —আমি শুধু একের পর এক তথ্যগুলো সাজিয়ে যাচছি। তারপর রজার্স ব্রাণ্ডি নিয়ে ঘরে ঢুকলো। আর এক্ষেত্রে বলা দরকার, রজার্স তাতে কিছু মিশিয়ে ছিল কী না কে জানে! এর কিছুক্ষণ পরে রজার্স ও ডাক্তার ধরাধরি করে ওকে ওর ঘরে শুইয়ে দিলো। তারপর ডাক্তার তাকে ঘুমের ওযুধ দেন।

রোর বলে, আপনার কথাই ঠিক। এ রকমই ঘটনাটা ঘটেছিল। তবে ঐ ঘটনায় তিনজনের পক্ষে জ্ঞড়িয়ে থাকা অসম্ভব। ঐ তিনজন হলো আমি, লম্বার্ড এবং মিস ভেরা ক্লেথন।

বিচারপতি বললেন, কিন্তু তাই কী ? সমস্ত রকমের সম্ভবনাকে হিসেবের মধ্যে ধরতে হবে।

—আপনার কথা আমি কিছুই বুঝতে পারছি না, রোর বলে।

বিচারপতি সকলের দিকে তাকিয়ে বললেন, এখন উপরে তার ঘরে রজার্স স্ত্রী শুয়ে আছে। একবারে ঘুমে অচৈত্ত নয়। এমন সময় আমাদের সবার অলক্ষে পা টিপে টিপে রজার্স ট্যাবলেট অথবা মিক্সচার নিয়ে ওর স্ত্রীর কাছে গিয়ে বললো, এটা খেয়ে নাও! তাহলে স্থান্থ বোধ করবে। ডাক্তারবাবু দিয়েছেন। তাকে সে খাইয়ে গোপনে ফিরে এলো।

সবাই কিছুক্ষণ কোন কথা বলছে না। তারপর লম্বার্ড বলে, আপনার কথা আমি এক বর্ণও বিশ্বাস করতে পারছি না। কারণ তখন আমরা কেউ ঘরে যহিনি। মার্সটনের ব্যাপার নিয়ে আলোচনা করছি।

- —তখন কেউ বায়নি, কিন্তু তারপর আমরা বে বার ঘরে গিয়ে শুয়ে পড়িনি ? এরপর ও কিছু করে থাকতে পারে।
- তখন ওদের ঘরে কেউ ঢুকলে তারজ্বার্স দেখতে পেত। কারণ তখন তোও ঘরে ছিল।
- —না, তা পেতো তা। কারণ খাওয়ার গোছ-গাছ করার জন্ম ও অনেকক্ষণ নিচে ব্যস্ত ছিল।

ইতিমধ্যে এমিলি ডাক্তারকে জিজ্ঞেদ করেন, ডাক্তার, আপনার দেওয়া ওষ্ধ খেয়ে রজার্সের স্ত্রী নিশ্চয়ই ঘুমিয়ে পড়েছিল। তারপর কেউ যদি তথন ওর ঘরে গিয়ে থাকে তাহলে দে তো তথন ওকে ঘুমস্থ অবস্থার মধ্যে দেখেছে, তাই না ডাক্তার ?

—তা অবশ্য সব সময় সম্ভব নয়, ডাক্তার জানান। কারণ এক একটা ওযুধ এক একজনের ক্ষেত্রে এক একরকম কাজ করে। সেটা পরীক্ষা ছাড়া সঠিক ভাবে বলা মুশকিল। আবার এও দেখা গেছে ঘুমের ওযুধ হলেও কাজ হতে কিছু সময় নিয়েছে।

আপনি তো এখন একথা বলবেনই ! লম্বার্ড ঝাঝালো গলায় কথাটা বলে । ভাতে যে আপনার স্থবিধে হবে ।

ডাক্তার এর জবাবে কিছু বলতে বাচ্ছিলেন। তাঁকে বিচারপতি বাধা দিলেন। বললেন, এভাবে পরস্পারকে হেনন্তা করে লাভ নেই। একটু আগে আমি যে সম্ভবনার কথা বললাম তার মধ্যে অনেকটা সম্ভবনা আছে। আশা করি এটা আপনারা মেনে নেবেন।

ব্লোর বললো, তা নয় মেনে নেওয়া গেল। এরপর ?

9

—এখন আমরা জেনারেল ডগলাসের মৃত্যুর ব্যাপার নিয়ে কিছু আলোচনা করতে চাই, বিচারপতি জানান। অবশ্য আমি এ ব্যাপারে কিছুই জানি না। আমি সকাল থেকে বারান্দায় বসে ছিলাম। কিন্তু তখন কেউই আমার উপর কোন নজ্জর রাখেনি। তখন আমি সমূজ্র-তীরে গিয়ে থাকতে পারি। তবে আপনাদের জ্ঞাতার্থে জানাচ্ছি, আমি ঐ বারান্দায়ই ছিলাম। আমার এজাহারে এ ছাড়া আর কিছুই বলার নেই।

রোর বলে, সকালটা আমি লম্বার্ড এবং ডাক্তারের সঙ্গে কাটিয়েছি। আশা করি তারা আমার হয়ে সাক্ষ্য দেবে।

—তা ঠিকই, ডাক্তার বললেন। তবে তুমি একবার দড়ির খোঁচ্ছে বাড়ি গিয়েছিলে।

- —হাা, গিয়ে সঙ্গে সঙ্গে আবার দড়ি নিয়ে ফিরে এসেছি।
- —না, কিছুটা সময় তুমি নিয়েছিলে।
- দড়িটা কী আমার নাকের ডগায় ঝুলছিল। খুঁজতে কিছুটা সময় লেগেছিল। আর নিলেও সেটা অস্বাভাবিক কিছু ?

বিচারপতি এবার ডাক্তারের দিকে ঘুরে তাকান, ব্লোর যখন দড়ির সন্ধানে গেল তখন আপনি আর লম্বার্ড কি একসঙ্গে ছিলেন ?

- —হাঁা, তবে লম্বার্ড একটু সময়ের জন্ম বেন কোথায় গেছিল। কিন্তু আমি ওখানেই ছিলাম।
- —ইাা, গিয়েছিলাম ঠিকই, লম্বার্ড সায় জানায়। এই দ্বীপ থেকে ওপারে কি রকম করে খবর পাঠানো যায়, কিংবা কোন জায়গা থেকে পাঠালে হুবিধে হয়, তাই খোঁজ করছিলাম। আর তা তো ছু'এক মিনিটের জন্ম।
  - —তা ঠিকই, আর ওটুকু সময় একটা হত্যার পক্ষে যথেষ্ট নয়।
  - —তখন কি ঘড়ি দেখেছিলেন ? বিচারপতি বলেন।
  - --না।
- —তাহলে আন্দাজ করে বলেছেন, এমিলি বলেন। এতে সঠিক ভাবে কিছু জানা যায় না। এখন ওদের কথা থাক্। এবার আপনার নিজের কথা বলুন।
- —সকালে ভেরাকে নিয়ে একটু বেড়াতে গেছিলাম। তারপর গিয়ে বারন্দায় বসি।
  - —বারান্দায় ? কই, আমি তো আসনাকে দেখতে পাইনি ?
- আমি পুব দিকটায় ছিলাম। ওদিক দিয়ে তখন বাতাস আসছিল।
  - —ও গ্রাচ্ছা। লাঞ্চ পর্যন্ত আপনি ওখানেই ছিলেন ?
  - **—**हॅग।
  - —ভেরা, তুমি ?
- —সকালে আমি মিস এমিলির সঙ্গে বেড়াতে গেছিলাম। তারপর একা এদিক ওদিক কিছুটা সময় ঘুরে বেড়াই। সে সময় আমি

# জেনারেলকে দেখেছিলাম।

- —দেটা কখন ?
- —কখন ? ভেরা একটু ভেবে বলে। সম্ভবত লাঞ্চের আধ ঘণ্টা আগে। এর একটু কম বেশী হতে পারে।

ব্লোর জিজেন করে, দেট। কি আমাদের দঙ্গে তাঁর দেখা হবার আগে না পরে গ

- —তা আমি কেমন করে বলবো! তবে তখন তাঁকে কিছুটা অস্বাভাবিক দেখাচ্ছিল।
  - —অস্বাভাবিক ? বিচারপতি ভেরার দিকে তাকায়। কি রকম ?
- —তিনি বলছিলেন, তিনি শেষের জন্ম অপেক্ষা করছেন। আরো জানিয়েছিলেন, আমরা কেউ বাঁচবো না। উ:, শুনে কী ভয় করছিল!
  - —তারপর তুমি কি করলে ?
- এরপর আমি বাড়ি ফিরে এলাম এবং লাঞ্চের একটু আগে বাড়ির পিছনের বাগানে ঘ্রতে গেছিলাম। কারণ সারাটা দিন মনটা অস্থির অস্থির করছিল।

এবার বিচারপাত বললেন, বাকী রইলো রজার্সের সাক্ষ্য। তা শুনে খুব একটা লাভ হবে বলে মনে হয় না।

এরপর রজার্সকে ডাকা হলো। সে বললো, আমি সারা সকাল রামা-বামার কাজে ব্যস্ত ছিলাম। তারপর লাঞ্চের আগে একবার পানীয় পরিবেশন করি। কিন্তু জেনারেলের ব্যাপারে কিছু জানি না। তবে এটা ঠিক, তথন আমি আটটা পুতৃল দেখেছিলাম।

- এবার বিচারপতি, আপনি শুনানি সংক্ষেপে বলুন, লম্বার্ড বলে।
- আমরা তিনজন মানুষের মৃত্যুর ব্যাপার নিয়ে এতক্ষণ আলোচনা করেছি। তাতে কারুর উপর সন্দেহ করা হয়নি। তবে একথা ঠিক, আমরা কেউই সন্দেহ মুক্ত নই। আমাদের মধ্যেই একজন শয়তান রয়েছে। এখন আমাদের কর্তব্য উপকূলের সঙ্গে বাতে কোন রকম বোগাবোগ করা যায়। তবে এখন অপরাধী কিন্তু খুব সাবধান হয়ে

বাবে। ফলে আমাদেরও যথেষ্ট সচেতন হয়ে উঠতে হবে। অথবা কেউ কোন রকম বুঁঝি নেবেন না।

লম্বার্ড বলে। আজকের মত অধিবেশন এখানেই সমাপ্ত হলো।

#### कुम

ওরা ছ'জনে বসে ঘরে কথা বলছে। ওরা বলতে, লম্বার্ড আর ভেরা। ঘরটা নির্জন। বাইরে বৃষ্টি হচ্ছে। ঘরের শার্সি বন্ধ।

- —আপনি বিশ্বাস করেন ? ভেরার প্রশ্ন।
- —কি বিশ্বাসের কথা, মানে বা বিচারপতি বললেন ?
- —-ই্যা I
- —বলা শক্ত। কিন্তু...।
- —তবুও আমি তা বিশ্বাস করি না।
- —সত্যি, সমস্ত ব্যাপারটাই অবিশ্বাস্থ লাগছে। অম্থ ছুটো মৃত্যুর ব্যাপারে সঠিক ভাবে কিছু বলতে পারছি না, কিন্তু জেনারেলের মৃত্যুর ব্যাপারে তো কোন আর সন্দেহ নেই। একটা হত্যাবাণ্ড।
- —এমন যে এখানে ঘটবে তা যেন এখনো ভাবতে পারছি না। মনে হয় যেন স্বপ্ন দেখছি।
  - —আমারও তাই মনে হয়। এই হঃস্বপ্নের শেষ হলে যেন বাঁচি।
  - —ঠিক বলেছেন।
- —কিন্তু তা তো হবার নয়। আমরা একবারে বাস্তবের মধ্যে আছি, আমাদের সব সময় সাবধান থাকতে হবে। না হলেই বিপদ।
- —আচ্ছা, হত্যাকারী বদি ওদের মধ্যে একজন হয় তাহলে কে হতে পারে ?
- —একথা বললেও আমাকে ওদের দলেই ফেলছেন, তাই না ? আমি হত্যাকারী নই। তারপর লম্বার্ড ভেরার দিকে মুগ্ধ দৃষ্টিতে ভাকিয়ে বলে। আপনাকে আমি শ্রন্ধা করি ভেরা দেবী। আপনার

মত বৃদ্ধিমতী মেয়ে আর দেখিনি। এবং আপনার সততার জন্ম আমি বাজী রাখতে পর্যন্ত প্রস্তুত।

- —ধন্তবাদ! ভেরা নত মুখে বলে।
- —আর এই অধমের ব্যাপারে আপনার কিছু বলার আছে! লম্বার্ড হেদে ভেরার দিকে তাকায়।
- মানুষের প্রতি আপনার শ্রন্ধা আছে। সে কথা আপনি এই-মাত্র বললেন। ভবে ঐ গ্রামোফোন রেবর্ডে যে অপরাধের কথা আপনার বিরুদ্ধে বলা হয়েছে, ভাতে আপনি যুক্ত নন বলেই আমার ধারণা।
- ভূল বলেননি। আমি খুব বাস্তববাদী মানুষ। প্রয়োজনে আমি হত্যা করতেও রাজি আছি। তার আগে লাভ-লোকসানের কথা ভেবে নেবো। তবে এরকম হত্যা কখনো আমার পক্ষে সম্ভব নয়।

একটু থেমে সম্বার্ড আবার বলে, বাকী পাঁচজনের মধ্যে আপনি কাকে সন্দেহ করেন ? তবে আমি করি কাকে জানেন ?

- --কাকে ?
- —বুড়ো ওয়ারগ্রেভকে।
- —সে কী ! কেন !
- এ বুড়ো জীবনে আই অনেক কিছু দেখেছে। একদিন বিচারক হিসেবে বিচার করে এসেছে। ভেবেছে, তাঁর ইচ্ছের উপর লোকের বাঁচন মরণ নির্ভর করে। আছও সেটা হয়তো ভূলতে পারেনি। তাই এখন হয়তো স্বয়ং ভগবান হতে চাইছে।
  - —আশ্চর্য কিছু নয়।
  - —তা আপনি কাকে সন্দেহ করছেন ?
  - —ডাক্তারকে, ভেরা সঙ্গে সঙ্গে বলে ওঠে।
  - —কেন ? আমি তো ওঁকে একটও সন্দেহ করছি না।
- তার কারণ হচ্ছে, প্রথম হুটে। মৃত্যুর কারণ ছিল বিষ। সেই বিষ যোগাড় করা সবচেয়ে সহজ ভাক্তারের পক্ষে। আর রজার্সের বউকে সে ঘুমের ওমুধ দিয়েছিল।

- —তা অবশ্য ঠিক।
- আর ডাক্তার পাগল হলে চট করে ধরা বায় না, আর ওঁদের বা খাটুনি হয় তাতে ওধরনের কিছু একটা ঘটতে পারে বই কী!
- —কথাটা মিথ্যে নয়। তবে জেনারেলের হত্যার ব্যাপারে আপনি বোধ হয় ওঁকে দায়ী করবেন না। কারণ উনি সারাক্ষণ আমাদের সঙ্গে সঙ্গে ছিলেন। অবশ্য আমি একটু সময়ের জন্ম অন্যত্র গেছিলাম। সে সময় ওঁর পক্ষে কিছু করা সম্ভব নয়।
  - —তখন কিছু না করলেও পরে তো পারে!
  - -পরে ? কখন ?
- —লাঞ্চের সময়। তথন জেনারেল না থাকায় উনি উঠে গেছিলেন তাঁকে ডাকবার জন্ম। এটা বোধ হয় আপনার মনে আছে গ
  - —হাঁা, কিন্ত<u>ু</u>…।
- এর মধ্যে আর কোন কিন্তু বা কেন নেই। ডাজার এ কাঞ্চ করেছে। আবার কি রকম বললে, মৃতদেহ পরীক্ষা করে দেখেছি, এক ঘন্টা আগে মারা গেছে। কে যাবে তাঁর কথার প্রতিবাদ করতে!
  - —আপনার কথার যুক্তি আমি অস্বীকার করছি 🗓 । তবে...।

#### Ş

- আচ্ছা মি: ব্লোর, আপনি ব্যাপারটা কিছু বুঝতে পারছেম কী! ব্লোরকে জিজেদ করে রজার্স।
  - —না, কিছু বুৰতে পারছি না।
- —জজনাহেবের কথাটাই কী ঠিক ! আমাদের মধ্যে একজন। ভাহ**লে** সেই লোকটি কে !
  - —রজার্স, আমরা সকলেই তো সেই কথাই ভাবছি।
  - —কিন্তু স্থার, আপনি নিশ্চয়ই কিছু আন্দা**ল** করছেন, তাই না ?
- —কিছু একটা আন্দাব্ধ করছি ঠিকই, কিন্তু দেটাই যে ঠিক সে ব্যাপারে নি\*চয় হবার কোন পথ নেই। ভবে সে যেই হোক, সে বেমন

বৃদ্ধিমান, তেমনি নিষ্ঠুর। একটার পর একটা খুন ঠাও। মাথায় করে চলেছে।

—স্থার, আমার মাধায় কিছুই আসছে না। তাই সব সময় ভয়ে কুঁকড়ে আছি।

Ø

—আমাদের এখান থেকে চলে যেতেই হবে, ডা: আরম্ট্রং বলেন। তা সে যে কোন ভাবেই হোক।

জানলার ধারে বসে আছেন বিচারপতি। তাঁর দৃষ্টি বাইরের দিকে। চশমাটা বাঁ হাতে নিয়ে নাড়াচাড়া করছেন এবং বাইরের দিকে তাকিয়েই বললেন, আদালতের সামান্ত কিছু অভিজ্ঞতা আমার আছে, কিন্তু আবহাওয়া অফিসের কাণ্ডকারখানা আমার একবারে অজানা। তবে আকাশের অবস্থা দেখে মনে হচ্ছে, আগামী চকিব ঘন্টার মধ্যে এ বাড় জল থামবে না। আর না থামলে বোটের আসার কোন সন্তবনা নেই।

- —তার মধ্যে হয়তো আমরা শেষ হয়ে যাবো।
- —না, হবো না, বিচারপতি দৃঢ়তার সঙ্গে জ্ঞানান। আমি সব রকম সাবধানতা অবলম্বন করছি।

ডাক্তার ভাবেন, এই বৃদ্ধ বিচারপতির বাঁচবার আগ্রহ খুব বেশী। অথচ তিনি ওঁর চেয়ে কম করে কুড়ি বছরের ছোট হবেন। কিন্তু তিনি বাঁচবার কথা এত দৃঢ়তার সঙ্গে বলতে পারছেন না।

তারপর ডাক্তার বিচারপতিকে জিজ্ঞেস করেন, আপনি কি কিছু আন্দাজ করতে পারছেন, কার দ্বারা এ কাজ হতে পারে ?

— আদালতে যেমন কিছু প্রমাণ করতে গেলে কিছু তথ্যের প্রয়োজন, বিচারপতি বেশ ভেবে উত্তর দেন। আমি এখনো তেমন কিছু সংগ্রহ করতে পারিনি। তবে আমার দৃঢ় বিশ্বাদ, এসবের মূলে একজন রয়েছেন।

ডাক্তার কিছুট। অবাক হয়ে ওঁর দিকে তাকালেন, আমি কিন্তু

একটা বড় আকারের বাইবেল এমিলি কোলে নিয়ে বসে আছেন। তাঁর মন বড় অশান্ত। তাই পড়ায় কিছুতেই মন বসাতে পারছেন না। তারপর বাইবেলটা রেখে ড্রয়ার থেকে একটা কালো ডায়েরি বার করেন। একটু ভেবে তাতে লিখতে থাকেন—

একটা সাংঘাতিক ব্যাপার এখানে চলছে। জেনারেল ডগলাস মারা গেছেন। তাঁর মৃত্যু স্বাভাবিক নয়। অর্থাৎ তাঁকে হত্যা করা হয়েছে। এ ব্যাপারে আজ হুপুরে খাওয়া-দাওয়ার পর বিচারপতি স্থানর একটা বক্তৃতা দেন। তার বিশ্বাস যে, আমাদের মধ্যে কেউ এমন কাণ্ড করে চলেছে। অর্থাৎ আমাদের কারুর মধ্যে শয়তান এসে বাসা বেঁধেছে। এটা আমি আগেই ভেবেছিলাম।

এমিলির বোধ হয় ঘুম আসছে। এই পর্যন্ত লিখে টেবিলে মাথা দিয়ে ঘুমে এলিয়ে পড়েন। ভায়েরিটা খোলা রইলো। হাতে ধরা কলম হাতেই রয়ে গেল।

একটু পরে তাঁর তন্ত্রা ভাবটা কেটে বায় এবং তিনি সেই ভাবেই আবার লেখেন—

প্রত্যেকেই প্রত্যেকের সঙ্গে আলোচনা করে জানতে চান বে হত্যাকারী কে হতে পারে। এই প্রশ্নের সঠিক উত্তর কারুরই জানা নেই। কিপ্ত আমি জানি। সেই হত্যাকারীর নাম হলো বিয়াত্রিচে টেলার।

হঠাৎ চমকে ওঠেন এমিলি। ঘুমের রেশটা তাঁর কেটে যায়। ভায়েরির পাতার শেষের অংশটুকু পড়তে থাকেন।

ভাবেন, এ আমি কী লিখেছি ? আমি কী পাগল হয়ে গেলাম ? নিজের মুখে বিড়বিড় করতে থাকেন। তারপর শেষের ছুটো লাইন (কিন্তু আমি জানি। সেই হত্যাকারীর নাম হলো বিয়াত্রিচে টেলার) এমন ভাবে কেটে দিলেন বাতে পড়া না বায়।

6

বাড় ক্রমেই বাড়ছে। সেই সঙ্গে জোরালো হয়েছে হাওয়ার গর্জন। ঘরের মধ্যে সকলেই আছে। কাচের বড় বড় শার্সিগুলো বন্ধ। সবাই বেন এক একজন কয়েদী। সকলের মনই বিক্ষিপ্ত হয়ে রয়েছে। ঘরের মধ্যে মেঘলা দিনের আবছা অন্ধকার।

ইতিমধ্যে চায়ের ট্রে নিয়ে রজার্স ঘরে চুকলো। সে ট্রে-টা টেবিলে নামিয়ে রেখে পর্দাট। টেনে দিতে কিছুটা আলোর ভাব ঘরের মধ্যে ফুটে উঠলো।

ভেরা এমিলির দিকে তাকিয়ে জিজ্ঞেন করে, চাটা আপনি তৈরি করবেন ?

- —না বাছা, তুমিই করো, এমিলি অক্ষমতা প্রকাশ করেন। আমার পক্ষে চায়ের পটটা বেশ ভারি। তাছাড়া, আমার মন-মেজাজ ভালো নেই।
  - —কেন, আবার নতুন কিছু হলো নাকি ?
- —না, তেমন কিছু না। সেই স্কাফ'টা ব্নছিলাম। তা বোনা বন্ধ হয়ে গেছে। ছটো উলের গোলা খুঁজে পাচ্ছি না।
- ও, এই কথা, ভেরা আশস্ত হয়। পড়ে-টড়ে গেছে কোথাও। একটু পরেই নিশ্চয় খু<sup>\*</sup>জে পাবেন।

পেয়ালা-পিরিচের টুং টাং শব্দ। ভেরা চা পরিবেশন করলো। সেই গুমোট ভাবটা অনেকটা কেটে গেল।

একটু পরে রজার্স এসে জানায়, ওপরের একট। ঘরের পদা কে বেন খুলে নিয়েছে!

- —কোন ঘরের ? ব্লোর জানতে চায়।
- —একটা স্নানের ঘরের।
- —কি রকম পদা ছিল ?

- -- লাল সিক্তের।
- —ও নিয়ে মাথা ঘামিও না। পদা নিয়ে কেউ তো কাউকে খুন করতে যাবে না।
  - —স্থার, তা ঠিক।

রজার্স চলে গেল। একটু আগের খোলামেলা ভারটা আর নেই। আবার সকলের মনে সন্দেহের বীক্ত দানা বেঁধে উঠেছে।

F

এখন রাত ন'টা বাঙ্গে। সবে ডিনার শেষ হয়েছে।

শুতে যাবার হত্য সকলে চেয়ার ছেড়ে উঠলো। তার মধ্যে প্রথমে এমিলি এবং ভেরা।

ওদের দিকে তাকিয়ে বোর বলে, নিশ্চয়ই এদের বলতে হবে না যে, শুতে যাবার আগে দরজাটা ভালো করে বন্ধ করে দিতে হবে।

—তা হয়তো নয়, তবু সকলকে দারুণ ভাবে সাবধানতা অবসম্বন করে থাকতে হবে, বিচারপতি বলেন। সকলকে শুভরাত্রি জানাচ্ছি। আশা করি কাল আবার সকলে এ জায়গায় মিলিত হবো।

ওরা সি<sup>®</sup>ড়ি বেয়ে উপরে উঠে গেল। ওদের দলে চারজন আছে। তারপর দরজা বন্ধ হবার শব্দ হলো।

ওদিকে রজ্ঞার্সের অনেক কাজ বাকী। তাকে এখন সব কাজ করতে হচ্ছে। খাওয়ার ঘর পরিষ্কার করে আলো নিবিয়ে দিয়ে ঘরে চাবি দিয়ে দেয়।

তারপর রজার্স নিজের নতুন ঘরে গিয়ে ঢোকে। ঘরের দরক্রা বন্ধ করে ঘরটা একবার ভালো করে দেখে নেয়। আলমারি, খাটের তলা ইত্যাদি সব। না, কেউ কোথাও নেই।

আজ রাতে বোধ হয় পুতৃল কম হবে না। একই থাকবে। এ কথা ভেবে রজার্স নিশ্চিত হয়ে শুয়ে পডলো।

### এগারো

রোজ সকালে দেরি করে ঘুম পেকে ওঠা বরাবরের অভ্যেস লম্বার্ডের। উঠেও সে কিছুক্ষণ বালিশে মুখ গুঁজে পড়ে থাকে। আজও তার ব্যতিক্রম হলো না। তবে সাতটা নাগাদ একবার জ্ঞানলা দিয়ে বাইরের দিকে তাকায়। রৃষ্টি থেমে গেছে। তবে বাতাসের বেগ কিছু কম। তারপর আবার চোখ বন্ধ করে। আটটা নাগাদ বাতাসের বেগ ফের বাড়লো। কিন্তু তখন সে ঘুমিয়ে।

খানিকক্ষণ পবে লম্বার্ড চোখ খুগে টেবিগের উপর থেকে ঘড়িটা তুলে নিয়ে তাকায়, সাড়ে ন'টা বাজে। তারপর সে ঘড়িটা কানের কাছে চেপে ধরে। না, ঠিকই চলছে।

লম্বার্ড ভাবলো, না, এবার ওঠা দরকার। কিছু একটা করা উচিত।

লম্বার্ড দরজা **খূলে** বাইরে গেল। এরপর ব্লোরের ঘর বন্ধ দেখে তার ঘরে টোকা মারে।

একট্ পরে দরজা খোলে ব্লোর। তাকে দেখে লম্বার্ডের মনে হলো, ও একট্ আগে ঘুম থেকে উঠেছে।

- —কি ব্যাপার ? ব্লোর ঘুম ঘুম চোখে লম্বার্ডের দিকে তাকায়।
- —ধতা! তোমার ঘুম! কিন্তু একটা জ্বিনিস লক্ষ্য করেছো ?
- **—কী** ?
- —ক'টা বাজে খেয়াল আছে ?

ব্লোর ঘড়ির দিকে তাকায়। তারপর লজ্জিত ভাবে বলে, দশটা বাজতে মাত্র পাঁচ। ইস। এত বেলা হয়ে গেছে। আসলে মনটা তো ক্লান্ত এবং অবসন্ন ছিল।

—এত বেলা হওয়ায় তোমায় কেউ ডেকেছিল ? কিংবা চা দিয়ে গেছে ? লম্বার্ড জানতে চায় ।

- —ঠিক বলেছো তো! তা রজার্সই বা কোপায়!
- —আমারও ঠিক একই কথা।
- —মানে ?

রজ্ঞার্স নিরুদ্দেশ। সে তার ঘরে নেই। এমন কি রালাঘরেও নয়। উন্তুনে আগুন ধরায়নি।

—তাহলে কোথায় বাবে ? দ্বীপ ছেড়ে চলে গেল নাকি ? দাঁড়াও একটু, ঠিকঠাক হয়ে নি। তুমি ততক্ষণে অগুদের খবর দাও।

এদিকে এক একজনের ভিন্ন ভিন্ন চিত্র। ডাক্তার পোশাক পরে ব্রেকফাস্টের জন্ম তৈরি হচ্ছেন। ওয়ারগ্রেভকে ঘুম থেকে তুলতে হলো। তারপর তিনি বাধকমে গেলেন। ভেরা তৈরি হলো। আর এমিলির ঘর ফাঁকা।

একটু পরে ওয়ারগ্রেভ ও এমিলি ছাড়া সকলে রজার্সের সন্ধানে বের হলো। প্রথমে দেখা হলো ওর ঘর। নেই। বিছানা এলোমেলো। শোবার পোশাকটা ঘরের বাঁ দিকে পড়ে রয়েছে। টেবিলের এক কোণে দাড়ি কামাবার সরঞ্জাম। ব্রাশটা ভেজা। অর্থাৎ সে দাড়ি কামিয়ে নিচে নেমেছে।

ওরা নিচে নেমে এলো। তারপর এসে দাঁড়ায় খাওয়ার ঘরের সামনে। আর ঠিক তথনই এমিলি বাইরে থেকে ফিরলো।

এমিলি বেজার মুখে জানান, সমুদ্রের অবস্থা আজও খুব খারাপ। বোট আসতে পারবে বলে মনে হয় না।

- —কিন্তু এই ভাবে একা আপনি বেড়াতে গেছিলেন ? ব্লোর একট্ ঝাঝের সঙ্গে বলে। এ ভাবে অয়ধা কেন বুঁকি নেন।
- —তুমি থামতো ! এমিলিও পাল্টা জবাব দেন। এ ব্যাপারে আমি যথেষ্ট হু<sup>\*</sup>শিয়ার।
  - —তা নয় হলো, লম্বার্ড বলে। রজার্সকে দেখেছেন ?
  - —না সকাল থেকে ওকে দেখিনি। কিন্তু কেন ?

ইতিমধ্যে বিচারপতি দাড়ি কামিয়ে, পোশাক পরে, বাধানো দাঁত লাগিয়ে নিচে নেমে খাওয়ার ঘরে পা দিয়ে বললেন, আরে রজার্স দেখছি পরিপাটি করে ত্রেকফাস্ট টেবিলে সাজিয়েছে!

হঠাৎ ভেরা বিচারপতির হাত ধরে চিৎকার করে ওঠে, দেখুন, ছ'টা পুতৃল রয়েছে।

मवारे कान कान करत्र ठारे प्रभाना।

Ş

একট্ন পরে রক্ষার্সের সন্ধান পাওয়া গেল। তবে ও আর বেঁচে নেই। ওর মৃতদেহ পড়ে রয়েছে। ও রান্না ঘরের পিছনে কাঠ কাঠতে গেছিল, কিছু কাঠ কেটেও ছিল। হাতে ওর ধরা রয়েছে একটা কাটারি। ওর কয়েক হাত দূরে দেয়ালের গায়ে হেলান দেওয়া অবস্থায় একটা বক্তমাখা কুঠার। রক্তের দাগ শুকিয়ে এসেছে। ওর ঘাড়ে গভীর ক্ষতের চিহ্ন। এবং কুঠারের সঙ্গে ওর কি সম্পর্ক তা বুঝতে কোন অস্ত্রবিধে নেই।

## বারো

সকালের খাওয়ার পাট কোন রকমে চুকলো। এমিলি আর ভেরা রজার্সের জায়গা নিল। টিনের প্রচুর খাবার আছে। ফলে খুব একটা মসুবিধে হয়নি।

খাওয়ার পর টেবিল পরিষ্ণারের কাজে এগিয়ে গেল ভেরা। কারণ এমিলির বয়স হয়েছে। সম্ভবত এ ধকল আর সইতে পারবেন না।

ভেরার কষ্ট হচ্ছে অমুভব করে লম্বার্ড ভেরার দিকে তাকিয়ে বলে, আপনার যদি আপত্তি না থাকে তাহলে এ কাজে আপনাকে সাহায্য করতে পারি।

—ঠিক আছে, করুন, ভেরা সায় জানায়।

এমিলি চেয়ার ছেড়ে উঠে দাঁড়িয়েছিলেন, কিন্তু সঙ্গে সঙ্গে , খাবার বসে পড়লেন। তা দেখে বিচারপতি বলেন, কী হলো আপনার ?

- —ভাবলাম, ভেরাকে সাহাব্য করি। উঠতে গিয়ে মাধাটা ঘুরে গেল।
- —না, কিছু ব্যস্ত হবেন না, ডাক্তার এমিলিকে বলেন। আপনি একটু বিশ্রাম করুন। যা ঘটছে তাতে মাথা ঘোরার অক্সায় কী! আপনাকে মাথা ঘোরার জন্ম একটা ওযুধ দিচ্ছি।
- —না! না! আমার কোন ওষুধ লাগবে না, এমিলি হিন্টিরিয়া রোগীর মত চেঁচিয়ে কথা বলেন।

একথা শুনে ডাক্তারের মুথ লজ্জায় লাল হয়ে ওঠে। এমিলি তাঁকে সন্দেহ করছেন। অহা সকলে চুপচাপ। ঘরের মধ্যে একটা অস্বস্তিকর পরিবেশ ফুটে ওঠে।

এমিলি সেটা বুঝতে পেরে নিজেকে স্বাভাবিক করে বলে, না, না, ডাক্তার, আমি আপনাকে কোন রকম অপমান করতে চাইনি।
মানে আমি ভাবছিলাম, একটু বসে থাকলে আমার মাথা ধরা সেরে
যাবে হয়তো, এই আর কি!

- —আপনি যা ভালো বোঝেন, ডাক্তার শুকনো গলায় বলেন।
- —আমার মনে হচ্ছে দব ব্যাপারটা আর একবার তলিয়ে দেখা উচিত, বিচারপতি দকলের দিকে তাকিয়ে বলেন। তার জন্ম আমি প্রস্তাব করছি, চলুন, আমরা দকলে বদবার ঘরে যাই।

শুধু গেল না এমিলি। তিনি ওখানেই চেয়ারে বসে থাকেন। তাঁর মাথা ধরা কমে আসছে। আঃ, কী আরাম। কিন্তু এত ঘুম পাছে কেন? আবার কিসের যেন একটা শব্দ শোনা যাছে। মৃত্ব গুজ্ঞানের শব্দ, তাই না? না, তাঁর শরীর তুর্বল বলে এ ধরনের কথা তাঁর মনে হচ্ছে। না, ঐ তাে জানলার কাছে একটা মৌমাছি। নিরালা ঘরে ওর শব্দ যেন কেমন লাগছে। ভারি ভালো লাগছে। কেমন যেন একটা জাতু আছে।

কে বেন ঘরে প্রবেশ করলো। মাথা ঘ্রিয়ে তাকে এমিলি দেখতে চাইলেন। পারলেন না। কে এলো গু দেখতে পাছেন না। তার সর্বাঙ্গ বেন জলে ভেজা। তা থেকে কোঁটা কোঁটা জল পড়ছে। ও কী বিয়াত্রিচ টেলার ?

মৌমাছির গুঞ্জন। শব্দটা তাঁর কাছে এগিয়ে আসছে। তাঁকে হল ফুটিয়ে দিল নাকি!

Ş

বসবার ঘরে সকলে এমিলির জন্ম অপেক্ষা করছে।

ভেরা চেয়ার ছেড়ে উঠে দাঁড়িয়ে বলে, আমি ওঁকে ডেকে আনছি।

- —এক মিনিট, ব্লোর ভেরার দিকে তাকায়।
- —বলুন।
- —আমি বলছি, যিনি এই হত্যাকাণ্ডের পিছনে রয়েছেন তিনি ওখানে বসে আছেন।
- —কিন্তু হঠাৎ এ কথা কেন বসছেন ? ডাক্তার ওকে জিজ্ঞেস করেন।
- —বেশী বে ধর্মের ভাব ওঁর মধ্যে। ওটা আমার কাছে ভড়ং বলে মনে হচ্ছে।
- —হতে পারে, কিন্তু আপনার কাছে তেমন ।ক কোন প্রমাণ আছে ?
- এটা আপনাদের নিশ্চয়ই মনে আছে, সেই প্রামোফোনের অভিযোগ সম্বন্ধে আমরা সবাই আমাদের অভিযোগ পেশ করেছিলাম, কিন্তু উনি কিছু বলেননি।
- —ও কথা ঠিক নয়, ভেরা ওদের মাঝে কথা বলে। পরে উনি আমায় সব বলেছেন। ও তাদের বিয়াত্রিচে টেলরের কথা জানায়।
- —এ কথা শোনার পর আমি আর ওঁকে দোষারোপ করতে পারছি না, বিচারপতি বলেন। অচ্ছা ভেরা, তোমার কি মনে হয়, উনি বিয়াত্রিচের মৃত্যুর জম্ম হুঃখিত বা অন্তপ্ত কি না ?
  - -- ना ।

- —কুমারী হুদয়ে ওসবের কিন্তু বালাই নেই, ব্লোর মন্তব্য করে। তারপর বিচারপতি হাত-ঘড়ির দিকে তাকিয়ে বলেন, ওঁর এতক্ষণে এখানে এসে যাওয়া উচিত নয় ?
- —এই মহিলা সম্পর্কে কোন ব্যবস্থা নেবেন না ? ব্লোর বিচারপতিকে কথাটা বলেন।
- —ব্যবস্থা ? হাঁা, ডাক্তারকে বলবো ওঁর প্রতি একটু নজর রাখতে। চলুন, এবার আমরা সবাই খাবার ঘরে বাই।

সবাই খাবার ঘরে প্রবেশ করে দেখে, এমিলি তখনো চেয়ারে বসে আছেন। অক্সদের পায়ের শব্দ তিনি শুনতে পাননি। সম্ভবত তিনি ঘুমিয়ে পড়েছেন।

রোর এমিলির দিকে এগিয়ে যায়। সঙ্গে সঙ্গে দে পমকে দাঁড়ায়। সে এ কী দেখছে!

রক্তে ভেসে বাচ্ছে এমিলির মুখ। নীল হয়ে গেছে তাঁর ঠে টি। দেহে প্রাণ নেই।

૭

—মিস এমিলি আমাদের সব সন্দেহের বাইরে চলে গেছেন, বিচারপতি ধরা গলায় কথাটা বলেন।

ওদিকে এমিলির দেহটা ডাক্তার ভালো করে পরীক্ষা করে দেখছেন। তারপর তিনি বলে ওঠেন, ঘাড়ের কাছে এটা কিসের দাগ ?

- —মনে হচ্ছে, ওটা কোন কামড়ের দাগ, ভেরা একটু ঝু"কে এমিলির দেহের দিকে তাকিয়ে বলে। বোধ হয় কোন পোকার।
- —না, কোন পোকার এ কাণ্ড নয়, ডাক্তার বলেন। এটা মামুষের কাঞ্চ। ওটা হাইপোডারমিক সিরিঞ্জের চিহ্ন।
- —আপনি কী বলতে চাইছেন? বিচারপতি অবাক। ওঁকে ইঞ্চেকশনে বিষ মিশিয়ে হত্যা করা হয়েছে ?
  - —হাা, তাই। কোন রকমের সায়ানাইড্। সম্ভবত পটাসিয়াম।

বেটা মার্সটনকে দেওয়া হয়েছিল। অ্যাসফিকসিয়েশন—মানে খাসরোধ হয়ে মৃত্যু ঘটেছে।

হঠাৎ জ্বানলার কাছে একটা মৌমাছি দেখা গেল। শোনা বায় তার গুঞ্জন শব্দ। ভেরা সেটার দিকে তাকিয়ে বলে, এটা ঐ মৌমাছির কাণ্ড নয়তো ?

- —না ভেরা, ডাক্তার বলেন। তবে ওটাকে হত্যাকারী কাজে লাগিয়েছে। তার হত্যার মধ্যেও দেখছি একটা শিল্পের ছাপ রয়েছে।
- —আচ্ছা ডাক্তার, এখানে আসার সময় আপনি হাইপোডারমিক সিরিঞ্জ সঙ্গে এনেছিলেন।
  - -- žii I

সঙ্গে সঙ্গে চার-জোড়া চোখ ডাক্তারের উপর গিয়ে পড়ে। সে তাকানোর অর্থ ডাক্তার বুঝতে পারছেন।

ডাক্তার বলেন, সব ডাক্তারের ব্যাগেই ঐ সিরিঞ্জ থাকে।

- —ঠিক বলেছেন, বিচারপতি মাথা নাড়েন। কিন্তু মনে না করলে দয়া করে আপনার ব্যাগ থেকে ঐ সিরিঞ্জটা বার করে দেখাবেন ? আর এখন ওটা কি আপনার ব্যাগে আছে ?
- —হাঁা, আমার হাত-ব্যাগেই আছে, আর ব্যাগটা আছে আমার বরে, স্বটকেনের মধ্যে।
  - —আমরা আপনার কথার সততা যাচাই করতে পারি গ
- —একশো বার পারেন, ডাক্তার তাঁর কথায় বেশ জোর দিয়ে কথাটা বলেন।
  - —চলুন তাহলে।
  - —हन्न।

মিছিল করে কয়েকটি লোক ডাক্তারের নির্দিষ্ট ঘরে প্রবেশ করলো। তাঁর স্টকেস বার করা হলো। তারপর তয়-তয় করে খুঁজেও সেই সিরিঞ্জের হদিস মিললো না। — নিশ্চয়ই কেউ চুরি করেছে। ডাক্তার কর্মশাণালায় বলে ওঠেন।
এর জবাবে কেউ কোন কথা বলে না। চুপ করে দাঁড়িয়ে থাকে।
ডাক্তার আবার বলেন, আবার বলছি, কেউ চুরি করেছে।

বিচারপতি গম্ভীর গলায় বলেন, এ ঘরে আমরা পাঁচজন আছি। তাহলে এর মধ্যেই একজন হত্যাকারী। তাহলে নিরপরাধ আর চারজনকে খুব সাবধানে থাকতে হবে।

একটু থেমে বিচারপতি কের বলেন, আচ্ছা ডাক্তার, আপনার কাছে একটা ওযুধের বাক্স আছে !

- —হাা, এই তো।
- আমার তাতে কিছু ঘুমের ওযুধ আছে। ঘুম না এলে একটা করে খাই। বেশী খাওয়া ভালো না। বলে বিচারপতি লম্বার্ডের দিকে তাকান। লম্বার্ড, তোমার কাছে একটা রিভলবার আছে, তাই না?
  - —হ্যা, আছে। লম্বার্ড সায় জানায়। তাতে কী ?
- —কিচ্ছু না। আমি বলতে চাইছি, এই যে ডাক্তারের ওয়ুধের বান্ধ, আমার ঘুমের ট্যাবলেটগুলো, তোমার রিভলবার, এই রকম আরো কারুর কাছে কিছু থাকলে, সেগুলো কোন একটা নিরাপদ জায়গায় রেখে দেওয়া উচিত। তারপর আমাদের দেহ এবং জিনিস্পন্তর দেখতে হবে।
- —কিন্তু রিভলবার হাতছাড়া করলেই তো আমার বিপদ, লম্বার্ড অরাজী গলায় কথাটা বলে।
- —দেখো লম্বার্ড, তুমি যুবক। তোমার গায়ে যথেষ্ট শক্তি আছে। আর রোরও যথেষ্ট শক্তি ধরে। বয়সেও যুবক। আমি, ডাক্তার ও ভেরা সাধ্যমত ওকে সাহায্য করবো। কাব্দেই বুবতে পারছো, এ ক্ষেত্রে বাধা দিয়ে কোন লাভ নেই।
  - —বেশ, বলুন কী করতে হবে ? লম্বার্ড অসহিষ্ণুভাবে বলে।

- —এই তো বৃদ্ধিমানের মত কথা। এখন বলো, তোমার রিভলবার কোথায় আছে ?
  - —আমার খাটের পাশের টেবিলের ডুয়ারে।
  - —আচ্ছা।
  - —আমি গিয়ে নিয়ে আসছি।
  - —না। তুমি একা নয়। আমরাও তোমার সঙ্গে যাবো।
  - —বেশ চলুন।

সকলে মিলে লম্বার্ডের ঘরে হাজির হলো। আবার বিশ্বয়ের পর বিশ্বয়! লম্বার্ড ছয়ার টেনে খোলে। ছয়ার ফাকা। তাতে রিভলবার নেই।

#### P

- অবাক কাগু! লম্বার্ড বিস্ময়ে হতবাক্!
- —ভেরা, তুমি একটু বাইরে গিয়ে দাড়াও, বিচারপতি আদেশ দেন।

ভেরা বাইরে চলে যেতে লম্বার্ডের দেহ তল্লাশি করা হলো। তারপর একে একে বিচারপতি, ডাক্তার এবং ব্লোরও। তেমন সন্দেহজনক কিছু পাওয়া গেল না।

তারপর ওরা পোশাক পরে নিতে বিচারপতি ভেরাকে ডাকলেন, ভেরা, তোমায় একটা কথা বলছি কিছু মনে করে। না। অন্য সময় হলে বলতাম না। কিন্তু আমি আজ নিরুপায়। তোমার কাছে সাঁতারের পোশাক আছে ?

- ---ই্যা।
- —এই পোশাক বদলে তা পরে এসো।
- —আচ্ছা।

ভেরা একটু পরে সাঁতারের পোশাক পরে ফিরে আসে। তা দেখে বিচারপতি বললেন, এবার তুমি এখানে দাঁড়াও। আমরা ভোমার ঘর এবং জ্বিনিসপত্র একটু পরীক্ষা করতে দেখতে চাই। ভেরা বারান্দায় দাঁড়িয়ে রইলো। অস্ত সকলে তার ঘর পরীক্ষা করে ফিরে যেতে সে সাঁতারের পোশাক ছেড়ে সাধারণ জ্ঞামা-কাপড় পরে সকলের সঙ্গে যোগ দিল।

বিচারপতি এবার বললেন, একটা ব্যাপারে নিশ্চিন্ত হওয়া গেল বে, আমাদের কারুর কাছে কোন অস্ত্র বা ওযুধপত্র নেই। এখন আমাদের প্রধান কাজ ঐ ওযুধগুলো কোন নিরাপদ জায়গায় রাখা। নিচে খাওয়ার ঘরে রুপোর বাসনগুলো একটা সিন্দুকের মধ্যে থাকে। তাতে রাখা সবচেয়ে ভালো।

—কিন্তু সিন্দুকের চাবি কার কাছে থাকবে ? তারপর লম্বার্ড ব্যঙ্গের স্থারে বলে। নিশ্চয়ই আপনার কাছে ?

এ কথা শুনে বিচারপতি তীক্ষ দৃষ্টিতে লমবার্ডের দিকে তাকালেন, কিন্তু মুখে কিছু বললেন না। শুধৃ শান্তভাবে সকলের উদ্দেশে বললেন, এবার তাহলে নিচে যাওয়া যাক্।

গেরস্তলির চাবিগুলো একটা ছকে পাশাপাশিভাবে সাজানো রয়েছে। ওয়ারগ্রেভ একটা রিং তুলে নিলেন। তাতে ছুটো চাবি। খাবার ঘরের এক কোণে সিন্দুকটা। ওটা খুলতে ছুটো চাবি লাগে। সিন্দুক খুলে তার ড্য়ারে ওয়ুধগুলো রেখে চাবি দিয়ে ওটা বন্ধ করলেন।

তারপর ছটো চাবি লম্বার্ড এবং ব্লোরকে দিয়ে বিচারপতি বললেন, দলের মধ্যে তোমাদের হ' জনের জোর সবচেয়ে বেশী। তাই একে অপরের কাছ থেকে চাবি কেড়ে নিতে পারবে না। আর এই সিন্দৃক ভাঙা সহজ কথা নয়। তাতে অসাধারণ শক্তির প্রয়োজন। আর পারলেও ওতে দারুণ শব্দ হবে। কাজেই ওযুধগুলো থেকে আর ভয়ের কারণ থাকবে না।

একটু থেমে বিচারপতি আবার বলেন, কিন্তু আমি ভাবছি, লম্বার্ডের রিভলবারটা গেল কোথায় ?

রোর বলে, আমার বিশ্বাস, রিভলবারের মালিক তা খুব ভালো করেই জানে।

- বৃদ্ধু কোথাকার ! লম্বার্ড ঝাঁঝিয়ে ওঠে । বলছি না চুরি গেছে, চুরি গেছে । এবার বৃঝলে হাঁদারাম !
- তুমি শেষবার সেটা কখন দেখেছিলে ? বিচারপতি লম্বাড কৈ জিজ্ঞেদ করেন।
  - —কাল রাতে শোবার সময়।
- —তার মানে আমরা বখন সকালে রজার্সকে দেখতে চাই সে সময় ওটা কেউ সরিয়েছে।
- সেটা এখন খুঁজে দেখলে হয় না ? ভেরা বলে। এ বাড়িতেই হয়তো কোথাও লুকানো আছে।
- —তাতে মনে হয় কোন কাজ হবে না। কারণ হত্যাকারী অনেক সময় পেয়েছে দেটাকে লুকিয়ে ফেলতে।
- —রিভলবারটা কোথায় তা আমি বলতে পারছি না, ব্লোর বলে। তবে আর একটা জ্বিনিস কোথায় তা আমি বলতে পারি। আন্তুন আপনারা আমার সঙ্গে।

ওরা ব্লোরকে অনুসরণ করে খাওয়ার ঘরের পিছনে এসে দাঁড়ায়। তারপর ব্লোর সামনের দিকে আঙ্ল নির্দেশ করে বলে ঐ দেখুন, জানলার কাছে ঘাসের উপর পড়ে রয়েছে সিরিঞ্জ ও একটা ভাঙা পুত্ল। ওর মুখে পরিতৃপ্তির হাসি। হত্যাকারী মিস এমিলিকে হত্যা করে জানলা দিয়ে ওগুলো ফেলে দিয়েছে।

সিরিঞ্জটা ভাঙেনি। সম্ভবত ঘাসের উপর পড়েছিল বলে। কিন্তু তাতে আঙুলের কোন ছাপ পাওয়া বায়নি, তা আগে মুছে নিয়েছে। ভেরা বলে, এবার চলুন, রিভলবারটার সন্ধান করা বাক্।

—বেশ, কিন্তু আমরা সবাই একদঙ্গে থাকবো, বিচারপতি বলেন। আলাদা ভাবে থাকা মানেই হত্যাকারীকে হত্যার স্থবোগ করে দেওয়া।

এরপর সার। বাড়ি তন্ন-তন্ন করে খু<sup>\*</sup>জেও রিভলবারের কোন হদিস মিললো না। 'আমাদের মধ্যে একজ্বন খুনী' এ কথাটা পাঁচটা মানুষ এক নাগাড়ে ভেবে চলেছে। ফলে তারা ভীত। তারা একে অপরকে সন্দেহ করতে ছাড়ছে না, সবাই সবার শত্রুতে পরিণত হয়েছে। তবু আবার নিজেকে বাঁচানোর চেষ্টায় পরস্পারের সঙ্গে যুক্ত।

ওয়ারগ্রেভের কেতাছরস্ত পোশাক। শক্ত কলার। তা থেকে শীর্ণ লম্বা গলাটা বেরিয়ে এসেছে। ঘাড়টা একবার বাঁ দিকে, আর একবার ডান দিকে নড়ছে। চোখ ছটো জুল জুল করছে। তিনকাল গিয়ে যেন এককালে ঠেকেছে চিড়িয়াখানার বড় কচ্ছপটার মতন।

ব্লোর এককালে পুলিশ ইন্সপেক্টার ছিল। পোশাক চটকদার
নয়। জব্থুবুর মত বসে আছে। চোখের দৃষ্টিতে যেন ধার কমে গেছে
এবং চাউনিও কুংসিত। যেন নোংরা ডোবা থেকে উঠে আসা একটা
কদাকার ব্যাঙ।

দরজার কাছাকাছি একটা চেয়ারে বসে আছেন ডাক্তার। হাত-গুলো তাঁর থরথর করে কাঁপছে। মাঝে মাঝে হাতের উল্টো পিঠ দিয়ে কপালের ঘাম মুছছেন। দৃষ্টি অশাস্ত। যেন ভীত কোন প্রাণী।

এদিক দিয়ে ব্যতিক্রম লম্বাড'। উজ্জ্বল চোখে সতকর্তার ছাপ। মাঝে মাঝে পা নাড়াচ্ছে। ছিপছিপে বেতের মত চেহারা। দৃঢ় কিন্তু নমনীয় ভঙ্গী। মাঝে মাঝে হাসছে। তখন ওর ঝকঝকে দাতের সারি দেখা যায়। ও বেন একটা প্রাণোচ্ছল চিতা বাঘ।

ভেরা শান্ত হয়ে একটা সোফায় বসে আছে। শান্ত, ক্লান্ত বিষণ্ণ ওর দৃষ্টি। চোথ হুটো ঘোলা। কিন্তু সে দৃষ্টি যেন কোথায় হারিয়ে গেছে। ও যেন একটা আহত ভীক্র পাথি।

বাইরে অঝরে রষ্টি পড়ে চলেছে। তার সঙ্গে পাল্লা দিয়ে চলেছে

বিজ্। মাঝে মাঝে দমকা বাতাস বাজিটায় গায়ে আছাড় খেয়ে পড়ে বেন চুরমার করে দিতে চাইছে। ওদের মনেও এলোমেলো ভাবনার বিজ্ বয়ে চলেছে।

'নিশ্চয়ই এ কাজ ডাক্তারের। ডাক্তার না ছাই! পাগলা-গারদ থেকে পালিয়ে এনেছে। এখন ডাক্তার সেজে বসেছে। বলে দেবে নাকি সকলকে? কিন্তু ওরা যদি বিশ্বাস না করে? সর্বনাশ! ও আমার দিকে এমন করে তাকাছে কেন!'

'আমি ? আমি কাউকে পারোয়া করি না। বিপদ ? বিপদ আমার বছদিনের পুরনো সঙ্গী। কিন্তু আমার রিভলবারটা গেল কোথায় ? কে নিতে পারে ?'

'পাগল হয়ে যাবে এরা। তাতে কোন সন্দেহ নেই। কোথায় যেন পড়েছিলাম, মরণ তোমার শিয়রে এসে দাঁড়িয়েছে। আর ঐ মেয়েটা সম্পর্কে সাবধান থাকতে হবে।'

'সময় কী থেমে গেছে ? না, ঐ তো ঘড়িটা টিক্ টিক্ করে চলেছে। কিন্তু ওর কাঁটা সরছে তো ? তবে এত আস্থে কেন!'

'না, না, না, আর উপায় নেই। ফেরবার পথ বন্ধ। শেষ পর্যন্ত যেতেই হবে এখন। তবে মাথা ঠিক রাখতে হবে। আমি স্বীকার করছি, যা হয়েছে তা না হলেই ভালে। ছিল। এ সব ভাবা বৃথা। ঘটনা ঘটে গেছে। ফেরার পথ নেই…নেই…নেই। হে ঈশ্বর, তুমি একমাত্র ভরসা।'

এক সময় দেয়াল ঘড়িতে চং চং করে পাঁচটা বাজলো। বলা বাছলা এটা বিকেল। ভেরা সোফা ছেড়ে উঠে বলে, চা খাবেন কেউ ?
চায়ে কারুর কোন আপত্তি নেই।

- —তাহলে আপনারা একটু অপেক্ষা করুন, ভেরা এগোয়। আমি চা করে নিয়ে আসছি।
  - —ভেরা ! বিচারপতি ওকে ডাকলেন।
  - —কি, ভেরা পিছন ফিরে ওঁর দিকে তাকায়।
- —চলো, আমরাও তোমার সঙ্গে যাই। মানে, চা-টা তুমি আমাদের সকলের সামনেই করো। কি বলো ? কথাটা অপ্রিয়, তাই আমতা আমতা করে বিচারপতি তাঁর বক্তব্য জানালেন।
  - —বেশ, চলুন, ভেরার করুণ মুখে সামাত্য হাসি।

ঽ

সন্ধ্যে সাড়ে ছ'টা। দিনের আলো নিবে এলো।

লম্বার্ড উঠে ঘরের আলো জ্বালবার জন্ম স্থইচ টিপলো, কিন্তু আলো জ্বললোনা।

- —রজার্স মরে যাবার পর থেকে আর ইঞ্জিন চালানো হয়নি, ব্লোর বলে। তাই হয়তো আলো জ্বনছে না।
  - करना, रेक्षिनिं। कानिएय पिरय जामि, नम्वार् वरन।
- —কী হবে সন্ধ্যেবেলা ঝামেলা করে! বিচারপতি বলেন। তার চেয়ে রান্না ঘরে এক গাদা মোমবাতি আছে তাই জ্বালিয়ে দাও। মোমবাতিই জ্বালানো হলো!

0

ভেরা ভাবে, মাথাটা ভারি ভারি লাগছে। গা ম্যাজম্যাজ করছে। একটু স্নান করে নিলে মন্দ হবে না।

ভেরা টেবিল থেকে একটা মোমবাতি তুলে জালিয়ে একটা প্লেটের উপর রাখে। তারপর সেটা নিয়ে দোতলায় নির্দিষ্ট ঘরের দিকে বেতে থাকলো। চারদিকে অন্ধকার ঘনিয়ে এসেছে। সিঁড়ি, দোতলা, বারান্দা, ঘর, বাধরুম ইত্যাদি সব অন্ধকারের মাঝে যেন হারিয়ে গেছে। একটা মোমবাতির সামাশু আলোয় চারদিকে কালো কালো ছাড়া পড়েছে।

ওর ঘরে যেন একটা সমুদ্রের গন্ধ খেলা করছে। কে ও ? কে ? হুগো ? কী ভাবছে ভেরা ? ও এভাবে কাঁপছে কেন ? বা, হাত থেকে ওর প্লেটটা পড়ে গেল। বাতিটাও নিবলো। আর ঠিক তখনই একটা ঠাণ্ডা হাত ওর কপালে, মুখে, গালে, গলায়...।

ভেরা চিৎকার করে মেঝেতে লুটিয়ে পড়ে।

8

ভেরার চিৎকার শুনে সবাই ছুটে আসে। প্রত্যেকের হাতে একটা করে মোমবাভি।

ডাক্তার পরীক্ষা করলেন ভেরাকে। তারপর আনন্দের সঙ্গে জ্ঞানালেন, ভেরা বেঁচে আছে। ঈশ্বরকে অজস্র ধন্মবাদ।

ব্লোর দৌড়ে গিয়ে নিচে থেকে গ্লাসে করে একটু ব্যাণ্ডি নিয়ে আসে।

ভেরা কিছুটা কাহিল হয়ে পড়েছে। যখন সে বুরতে পারলো, তাকে কিছু খাওনোর চেষ্টা চলছে তখন সে সর্বশক্তি দিয়ে বাধা দিয়ে চেঁচিয়ে উঠলো, না! না! আমি কিছু যাবো না। সে এক বাট্কায় ব্লোরের হাত সরিয়ে উঠে দাঁড়ায়।

এতে ব্লোর চরম অপমান বোধ করলো।

এদিকে খুশী হলো কিন্তু লম্বার্ড। সে বললো, এটা একটা আশার কথা যে, এত কাণ্ডের পরও আপনি মাথা ঠিক রাখতে পেরেছেন। আপনি বিচার শক্তি হারিয়ে ফেলেন নি। যাক্, দেখি একটা না-খোলা বোতল পাই কি না!

তারপর ডাক্তার আন্তে আন্তে ভেরাকে তুলে ধরলেন। এমন ভাবে ধরলেন যাতে ওর কোন রকম না লাগে। এরপর ওকে নিয়ে গৌলেন কলের কাছে। ভেরা চোখে মুখে জল দিল। তারপর ডাক্তার ওর সামনে একটা মাস ধুয়ে ওকে জল দিলেন। ও জলটুকু খেলো। এরপর ওকে খাটে বসতে সাহায্য করলেন তিনি।

ভেরার ভয়ের কারণ বোঝা গেল। ওর ঘরের সিলিং থেকে ঝুলছে একটা সামুদ্রিক লতা। কিন্তু ওটা ওখানে কে ঝুলিয়ে রাখলো ?

ইতিমধ্যে লম্বার্ড একটা না-খোলা ব্যাণ্ডির বোতল নিয়ে এলো।
তা থেকে একটু ব্যাণ্ডি পান করে ভেরা স্থন্থ বোধ করলো। এবং
ওর চোখ মুখের রং স্বাভাবিক হলো।

লম্বার্ড খুশী খুশী গলায় বলে, ভেরা দেবী খুনীর প্ল্যান বানচাল করে দিয়েছেন। খুনী ভেবেছিল, ভয় পাইয়েই কাজ হাসিল করবে। সত্যি, বলতে হবে আপনার মনে বেশ জোর আছে।

তারপর লম্বার্ড ডাক্তারের দিকে তাকিয়ে বলে, তা ডাক্তার, আপনি কি বলেন ?

ভাক্তার এর কোন জবাব দিলেন না। তবে অন্ত একটা কাজে ব্যস্ত হয়ে পড়েন। ব্লোর যে গ্লাসে করে ব্র্যাণ্ডি এনেছে, দেটা পরীক্ষা করতে থাকেন। তাঁকে খুব গম্ভীব দেখাছে।

ব্লোর বললো, ডাক্তার! আমি আপনার মাতলব বুঝতে পারছি। আপনি আমায় সন্দেহ করছেন। ঐ গ্লাসে আমি…।

ভেরা প্রসঙ্গ চাপা দেবার জন্ম বললো, সকলকে দেখছি, কিন্তু বিচারপতিকে তো দেখতে পাচ্ছি না! তিনি কোথায় গেলেন ?

—আরে। সত্যিই তো, ডাক্তার বললেন। আমরা ভেবেছি উনি আমাদের সঙ্গেই আর্ছেন।

চারজনে মিলে খুঁজতে শুরু করলো। চিৎকার কবে ডাকলেন ডাক্তার, ওয়ারগ্রেভ!

খাওয়ার ঘর, বারান্দা, বসবার ঘর, সি<sup>®</sup>ড়ি ইত্যাদি কোথাও বাদ দেওয়া হলো না। তবু ওয়ারগ্রেভের কোন খোঁজ মিললো না। এরপর সবাই তাঁর ঘরে গিয়ে থমকে দাঁড়ালো।

এकটা বড় চেয়ারে বিচারপতি বসে আছেন। মাথায় জ্ঞের

পরচুলা, পরনে লাল রঙের গাউন। আর ছ'পায়ে ছটো মোমবাতি।
ডাব্রুণার এগিয়ে গিয়ে ওঁকে পরীক্ষা করলেন। তিনি বেঁচে নেই।
তারপর মাথা থেকে সরালেন পরচুলাটা। তথনই তাঁর মৃত্যুর কারণটা
বোঝা গেল। চকচকে টাকের মাঝখানে একটা লাল দাগ। অর্থাৎ
তাঁকে গুলি করে হত্যা করা হয়েছে। ডাব্রুণার তাই জানালেন।

ভেরা পরচুলাটা কুড়িয়ে নিয়ে বললো, এ যে এমিলির হারিয়ে বাওয়া উলের গোলা দিয়ে তৈরি। আর গাউনটা হারিয়ে যাওয়া পর্দার লাল সিল্কের কাপড়।

- —এবার ব্বতে পারছি, ব্লোর বলে, রিভলবারটা কেন সরানো হয়েছে।
- মানতেই হবে হত্যাকারীর রসবোধ আছে, লম্বার্ড বলে। বিচারপতিকে কেমন স্থন্দর করে সে সাজিয়েছে। আর এই দৃশ্য দেখে হয়তো সেটনের আত্মা শান্তি পাচ্ছে।
- —ছিঃ, একথা বলতে আপনার লজ্জা করছে না! ভেরা লম্বার্ডকে ধমকায়। এটা কী ব্যঙ্গের সময়। আর আপনি কাল বলছিলেন নাবে, ওয়ারগ্রেভকে আমার সন্দেহ হয়!
- —হাঁা, আমি বলেছিলাম, এবার লম্বার্ড গম্ভীর হয়। আমার বৃদ্ধির উপর আমার বথেষ্ট বিশ্বাদ আছে। যাক্, আমাদের মধ্যে থেকে একজনের উপর সন্দেহ কমলো। অবশ্য সেটা একটু দেরিতে ঘটলো, এই যা।

### (চাদ্দ

নিচের বসবার ঘরে সবাই নেমে এলো। সবাই বলতে ওরা চারজ্বন— ডাক্তার, ভেরা, ব্লোর এবং লম্বার্ড।

- —এখন কি করা বায়? ব্লোর ওদের দিকে তাকায়।
- —পেটে তো কিছু দিতে হয়, লম্বার্ড বলে। পেট তো সে কথা মানবে না। সত্যি কথা বলে সে।

টিনের কিছু খাবার দিয়ে রাতের খাওয়া কোন রকমে সারা হলো। মানে খাওয়ার জন্ম কিছু খাওয়া এই আর কী! এ খাবারের কোন স্থাদ বা তৃপ্তি কারুর হলো না।

- —টিনের খাবারে আমার একবারে অরুচি ধরে গেল, ভেরা মূখ বিকৃতি করে বলে। যদি বেঁচে ফিরি তাহলে কখনো এ খাবার আর মূখে তুলবো না।
- —এরপর কার পালা কে জানে। ব্লোর কথাটা বলে বসে। সাসলে ও কিছুটা ভয় পেয়ে গেছে।
- —ছি, ছি, একথা কেন বলছেন। ডাক্তার চমকে ওঠে। আমাদের বেশ সাবধানের সঙ্গে চলতে হবে। সতর্ক থাকতে হবে।
- —থামুন মশাই। লম্বার্ড ডাক্তারের উপরে থেঁকিয়ে ওঠে। ও কথা তো বিচারপতি পই পই করে বলেছিলেন! তাতে লাভ হলো কী! নিজেও কী এ পরিণতি থেকে রেহাই পেলেন! ভাগ্যের কী নির্মম পরিহাস! স্বতরাং যার যা হবার তা হবেই।
- —সত্যি, বাপারটা বে কী করে ঘটে গেল! ডাক্তার বিস্ময়
  প্রকাশ করেন। আমি এখনো এর মাথা-মুণ্ডু কিছু বুঝতে পারছি না।
- এর মধ্যে আশ্চর্য হবার তো কিছু নেই, লম্বাড বলে। ভেরা দেবীর ঘরে ঐ কাণ্ড ঘটার পর আমরা তেড়েফু ড়ৈ ওর ঘরে গেলাম এবং ওকে নিয়ে সবাই ব্যস্ত হয়ে রইলাম। হত্যাকারী কখনো এ লোভনীয় সুবোগ ছাড়ে! সেই ফাকে সে নিশ্চিস্ত মনে কাজ সেরে উধাও হয়।
- —কথাটা অস্থীকার করছি না, ব্লোর বলে। কিন্তু গুলির শব্দ তো আদৌ শুনতে পেলাম না।
- —গুলির শব্দ পাবো কী করে! লম্বাড বলে। একদিকে ভেরা দেবীর আর্তনাদ, অফুদিকে আমাদের দৌড়াদৌড়ির শব্দ। তার উপর সমুদ্রের গর্জন রয়েছে। এসব মিলে-মিশে একাকার হয়ে গৈছে।

এরপর কেউ কোন কথা বললোনা।তারপর ভেরা বলে, এ

ভাবে বদে থেকে লাভ কী! তার চেয়ে শুয়ে পড়া ভালো। বদিও বুম আসবে না এ কথা ঠিকই।

সকলে বেন এই কথাটার প্রতীক্ষায় ছিল। তবু মুখ ফুটে কেউ কথাটা বলতে পার্ভিল না।

কেউ বলে, ঠিক কথা।

আর একজন বলে, হাা, সেই ভালো।

অগ্য একজন বলে, আমিও তাই বলছিলাম।

চওড়া সি<sup>\*</sup>ড়ি। পাশাপাশি চারজনে উঠছে। কেউ কারু পিছনে বা সামনে খেতে রাজি নয়। একে অপরকে সন্দেহের চোখে দেখছে। সে এক করুণ দৃশ্য।

দোতলা। সবাই নির্দিষ্ট ঘরের সামনে দাঁড়িয়ে। প্রত্যেকের হাতে একটা করে মোমবাতি। তারপর সবাই একসঙ্গে কোন এক অদৃশ্য শক্তির ইঞ্চিতে যে যার ঘরে ঢুকে পড়লো। এরপর চারটে দরজা একই সঙ্গে বন্ধ হবার শব্দ শোনা গেল।

#### 2

দরজা বন্ধ করে স্বস্তি বোধ করলো লম্বাড'। তারপর সে আয়নার সামনে দাঁড়িয়ে নিজের দিকে তাকায়। সে মূথে কোন ভয়ের চিহ্ন নেই।

নিজেই নিজের মনে নিঃশব্দে হাসলো লম্বাড'। এ হাসির মধ্যে কোন কৃত্রিমভার ছাপ নেই। একবারে প্রাণখোলা হাসি। হাসতে ওর দাঁতগুলো ঝকঝক করে উঠলো।

তারপর শোবার পোশাক পরে লম্বার্ড শুয়ে পড়লো। এরপর হাতের ঘড়িটা টেবিলের উপর রেখে কি খেয়াল হতে সে ড্য়ারটা টান দিয়ে খোলে। এবং বা আদৌ দেখতে পাবে না বলে আশা করেছিল, তাই সে দেখতে পেলো। দেখলো, ড্য়ারের মধ্যে রিভলবারটা রয়েছে। ভেরা বিছানায় শুয়ে আছে। তার চোখে ঘুম নেই। কিছুতেই বেন। সে ছ'চোখের পাতা এক করতে পারছে না।

পাশে একটা টিপয়ের উপর মোমবাতি জ্বলছে। প্রথমটা ভেরা নিবিয়ে দিতে চেয়েছিল, কিন্তু পারেনি। অন্ধকারকে আঞ্চ সে বড় ভয় করছে।

ভেরা নিজের মনে কথা বলতে থাকে। বলে, এভাবে ভয় পাবার কোন মানে হয় না। সে না সাহসী মেয়ে! আর ভয়টা কিসের! রাভটা নিশ্চিন্তে ঘুমনো যেতে পারে। এবং দরজা ভো বন্ধ। হুভরাং ভয়ের কোন প্রশ্ন আসতে পারে না।

তারপর ভেরা ভাবে, এই ঘরে সে থাকবে—একদিন, ছ'দিন, তিনদিন। বতদিন না কোন রকম সাহায্য আসে। আর হোক না ঘরটা ছোট। তবু তো নিরাপদ ঘর। স্থা, স্থা, এখানেই সে থাকবে।

পরমূহূর্তে ভেরা ভাবে, সে কী এখানে একা থাকতে পারবে।
আর একলা সে কোথায়। তার সর্বক্ষণের সঙ্গী তো একজন আছে।
সে হলো ছগো। ছগোর চিস্তায় সে আছেন্ন হয়ে আছে।

ন্থগো... হুগো..., হাজার বার ভেরা ওর নামটা ধরে উচ্চারণ করে। তারপর কাঁদলো। একটা বন্ত্রণায় সে ছটফট করতে থাকে।

8

ঘুম নেই পুলিশ ইন্সপেক্টার ব্লোর চোথেও। সে ভাবছে, এবার কার পালা ? নিশ্চয়ই তার নয়। কিন্তু সেই রিভলবারটা কোথায় গেল ?

নিচের ঘড়িতে ঢং ঢং করে রাত বারোটা ঘোষণা করলো। বিছানায় শোবার আগে ব্লোর পোশাক বদলে নেয়নি। সাধারণ পোশাক পরেই সে শুয়েছে। আর সত্যি কথা বলতে কি, পোশাক বদল করার কথা তার আদৌ মনে হয়নি।

ঘরে মোমবাতি জলছে। তারপর দেশালাইটা বালিশের তলায়

রেখে দে মোমবাতিটা নিবিয়ে দেয়।

অন্ধকার হতেই ব্লোর আবো বেশী করে চিস্তায় আচ্ছন্ন হয়ে পড়ে। ভাবে, এই দ্বীপে বে মামুষগুলো আজ আর বেঁচে নেই তাদের কথা।

হঠাৎ ক্লোবের ল্যাগুরের কথা মনে পড়ে। গ্রামোফোন রেকডে এই ল্যাগুরের কথা বলেছে। ওর স্ত্রী ছিল। তাকে সে দেখেও ছিল। রোগা চেহারায় এক রাশ বেদনার ছাপ এবং মুখে ছন্চিস্তার ছাপ ফুটে উঠেছে। ওদের একটা দশ বছরের মেয়ে ছিল। কী হলো ওদের ?

তলার ঘড়িতে একটা ঘণ্টা পড়লো।

তারপর ব্লোর চমকে ওঠে। কার পায়ের শব্দ সে শুনতে পায়। বারান্দায় কে যেন হাঁটছে। ইয়া, সে স্পষ্ট শুনতে পাছে। ব্লোরের কপালে নিন্দু বিন্দু ঘাম জমে ওঠে। সে আন্তে আন্তে বিছানা ছেড়ে উঠে দরজায় কান পাতে। কিন্তু আর কোন শব্দ শোনা যাছে না।

ব্লোর ভাবে, কিন্তু এখন কী করা বায় ? সে বাইরে বাবে ? কিন্তু হত্যাকারী হয়তো বাইরে তারই জন্ম অপেক্ষা করছে। না, না, বাইরে যাওয়া মানে বোকামি ছাড়া আর কিছু নয়।

রোরের মনে হয়, কারা যেন ফিসফিস করে কথা বলছে। নরকের বন্দীশালা থেকে মুক্তি পেয়ে কতগুলো অতৃপ্ত আত্মা যেন চুপিসারে কথা বলছে। আবাব ভাবে, এসব ঘুম না হবার জ্ব্যু উত্তপ্ত মন্তিকের চিন্তা।

রোর ভাবে, সবটাই হয়তো তার কল্পনা নয়। আবার সেই পায়ের শব্দ শুনতে পাচ্ছে। একজনের নয় হ'জনের, কে বেন কার সঙ্গে চুপি-চুপি কথা বলছে। ওরা তার ঘরের সামনে এসে দাঁড়ায়। তারপর আবার চলতে থাকে। ইনা, বারান্দার দিক থেকে আসছে। এরপর ওরা এক তলার সিঁড়ির দিকে নামতে থাকে। আর ওদের গলা শোনা বায় না।

রোর ঠিক করে নেয় কি করবে। দেশলাইটা বালিশের তলা থেকে বার করে পকেটে নিয়ে টেবিল-ল্যাম্পের বাল্ব আর শেডটা খুলে রাখলো। এরপর স্থইচ বোডে'র প্লাগটা তুলে নিল। এবং ভারি ধাতুর ল্যাম্প স্টাগুটা হাতিয়ার হিসেবে মন্দ নয়।

রোরের পায়ে মোজা। চটি জোড়া খুলে রাখলো। পাছে কোন শব্দ হয়। তারপর পা টিপে টিপে বারান্দায় বেরিয়ে আসে।

বাতাস বইছে না। মেঘ কেটে গেছে। চাঁদের হালকা আলে: সারা আকাশে।

সেই আলোয় রোর দেখতে পায়, একটা ছায়ামূর্তি যেন বাড়ি থেকে বেরিয়ে গেল। ওকে ধরবার জক্ত সে দৌড়োতে যাচ্ছিল। কিন্তু দৌড়লো না। আর একটু হলে সে হয়তো হত্যাকারীর ফাঁদে ধরঃ দিত।

এরপর রোর ভাবে, এ ক্ষেত্রে হত্যাকারী নিজেই ধরা পড়ার ফাঁদ তাৈর করলা। চারজনের মধ্যে যে ঘরে নেই সেই হবে হত্যাকারী। এখন দেখতে হবে কে ঘরে নেই।

ব্লোর প্রথমে গিয়ে ডাক্তারের ঘরে টোকা দেয়। কোন সাড়া শব্দ পাওয়া গেল না।

এরপর ব্লোর লম্বাডে'র দরজায় মৃত্ আঘাত করে।

- —কে ? সঙ্গে সঙ্গে লম্বাড পাড়া দেয়।
- —আমি ব্লোর।
- —বলো, কী ব্যাপার ?
- আমার মনে হচ্ছে, ডাক্তার তাঁর ঘরে নেই।
- —একটু অপেক্ষা করো। আমি আসছি!
  তারপর ব্লোর ভেরার দরজায় গিয়ে টোকা দেয়।
- —কে ? কে ? ভেরা চমকে ওঠে।
- —ঠিক আছে, ভেরা দেবী। এক মিনিট। পরে আসছি।

আবার রোর লম্বার্ডের ঘরের সামনে এসে দাঁড়ায়। দরজা খুলে দেয় লম্বাড'। পরনে তার রাতের পোশাক। হাতে জ্বলম্ভ মোমবাতি আর একটা হাত জ্যাকেটের পকেটে। সে একটু ঝাঝালো গলায় বলে, এত রাতে হল্লা করে বেড়াচ্ছো কেন ?

- —আমার কথা সব শোন, তাহলেই সব ব্ঝতে পারবে, বলে ব্লোর লম্বাড'কে সব জানায়।
- —আচ্ছা, তাহলে এ কীর্তি ডাক্তারের, লম্বাড' বলে। তবে ব্লোর, তোমার কথা আমি যাচাই করে নিতে চাই। চলো দেখি।

লম্বাড' ভাক্তারের ঘরে টোকা দেয়, ভাক্তার। কোন সাভা নেই।

— ডাক্তার। আর একটু জোরে ডাকে লম্বাড'। কোন সাড়া নেই। এবাব দরজায় জোরে ধারা দেয় লম্বাড'। দরজা খুলে গেল। ঘর ফাকা। ঘরে কেউ নেই।

রোরকে সঙ্গে করে লম্বাড' ভেরার ঘরের সামনে এসে দাড়ায়, ভেবা দেবী, আমি লম্বাড'কথা বলছি।

- —আপনার গলা আমাব পরিচিত, ভেবা দবজানা খুলে বলে। বলুন কী বলবেন।
- —আমবা ডাক্তারকে খুঁজতে যাচ্ছি। তিনি ঘবে নেই। যাই ঘটুক না কেন, আপনি দরজা খুলবেন না। বুঝেছেন ?
  - —ই্যা বুঝেছি।
- যদি ডাক্তার এসে বলে, আমি ও ব্লোর মারা গেছি তবু ও আপনি দরজা থুলবেন না।
  - —ভাই হবে।
- —যদি আমি ও রোর এক সঙ্গে এসে আপনাকে ডাকি তাহলেই আপনি দরজা খুলবেন।
  - —ঠিক আছে।
- —চলো ব্লোর, এবার ডাক্তারের সন্ধানে যাও যাক্, সম্বাড ওকে আহবান জানায়।
  - —কিন্তু আমি একটা কথা ভাবছিলাম।

- —কি কথা **গ**
- --আমাদের যথেষ্ট সাবধান হতে হবে।
- **—কেন** ?
- —রিভলবারটা ডাক্তারের কাছে নিশ্চয়ই রয়েছে।
- —না, ওটা আমার কাছে আছে, বলে লম্বাড' দেখায়। রাতে শুতে বাবার আগে পেয়েছি।

পমকে দাঁড়ায় ব্লোর।

তা দেখে লম্বার্ড বলে, ভয় নেই তোমায় আমি গুলি করবো না। সঙ্গে আসতে না চাও তো ঘরে গিয়ে দোর দিয়ে বসে থাকে। গিয়ে। আমি একাই চললাম।

রোর লম্বাডে'র সঙ্গে গোল। মনে মনে সেবলে ওঠে, রিভলবারকে আমি ভয় করিনা। আমার ভয় রহস্তকে, গুপুঘাতককে এবং এই ধরনের ভুতুড়ে ব্যাপারকে।

P

ঘুমের আর কোন সম্ভাবনা নেই। বিছানায় ভেরা উঠে বসে থাকে। তারপর অপেক্ষা করতে থাকে কখন লম্বার্ড আর ব্লোর ফিরে আসবে।

এরপর হঠাৎ কি মনে হতে ভেরা দরজাটা দেখে নেয়। এই দরজা ভেঙে ঢোকা সম্ভব নয়। আর ডাক্তার যদি হত্যাকারী হন তবে গায়ের জোরে হয়তো কিছু করতে চাইবেন না। কিন্তু বৃদ্ধিতে ? ই্যা, তা অবশ্য তাঁর পক্ষে সম্ভব হতে পারে।

ভেরা আবার ভাবে, বৃদ্ধির জোরে কি ডাক্তার দরজা খুলতে পারেন ? হাা, সে উপায় তো একটু আগেই লম্বার্ড বলে গেল। ডাক্তার এসে হয়তো বলতে পারেন, লম্বার্ড এবং ব্লোর ছ'জনেই মারা গেছে। তাতেও সে যদি দরজা খুলতে রাজি না হয় তথন হয়তো ডাক্তার বলবেন, তিনি সাংঘাতিক ভাবে আহত হয়েছেন। বলে হয়তো কাতরাতে শুকু করে দেবেন। তাতেও সে দরজা খুলবে না।

তথন যদি বলেন, বাড়িতে আগুন লেগেছে। তিনি বদি পেট্রল দিয়ে তাঁর ঘরের সামনে আগুন লাগিয়ে দেন, তাহলে সে দরজা দিয়ে লাফিয়ে নিচে পড়বে। ঠিক তলায়ই একটা ক্লাওয়ার বেড রয়েছে। আর সে না একজন নামকরা স্পোর্টসম্যান! স্বতরাং ভয় কী! মনের সাহস হারালে চলবে না।

এবার ভেরা জানলার কাছে এসে দাঁড়ায়। চোখে মূখে ঠাণ্ডা বাতাসের প্রশ লাগে। ভাবে, ভোর হতে আর বেশী দেরি নেই।

હ

দরজায় টোকা দেয়।

- —কে ? ভেরা সঙ্গে সঙ্গে জানতে চায়।
- —আমি ব্লোর।

আর একজনের গলাও শোনা যায়, আমি লম্বার্ড।

ভেরা দরজা খুলে দিল। দরজার বাইরে ওরা হ'জনে দাঁড়িয়ে আছে। পাজামা ইাট্ পর্যন্ত জলে ভেজা। হ'জনের চেহারাই উজো-খুলো। এবং হ'জনকেই বেশ ক্লান্ত দেখাচ্ছে।

- —কী ব্যাপার ? ভেরা জানতে চায়।
- —ব্যাপার সাংঘাতিক, ব্লোর হাঁপাতে হাঁপতে বলে।
- —খবরটা কী ?
- —ভাক্তারকে খুঁজে পাওয়া **যাচ্ছে** না।
- —কী ষা-তা সব বকছেন ?
- —ঠিকই বলছি।
- —সব জায়গা দেখেছেন ?
- —হ্যা, সারাটা দ্বীপ আমরা তরতন্ন করে খুঁজে দেখেছি।
- —অদ্ধকার তো ছিস।
- —প্রথমে চাঁদের আলোয়, পরে ভোরের। কিন্তু তাঁকে কোথাও খুঁজে পেলাম না।
  - —কিন্তু এমন ও তো হতে পারে যে, তাঁকে আপনারা বাইরে

খু জছেন, তিনি হয়তো বাড়ির মধ্যেই কোথাও গা ঢাক। দিয়ে বদে আছেন।

—তাও আমরা বাদ দেইনি।

এতক্ষণ লম্বার্ড চুপ করে ছিল। সে এবার কথা বলে, আরো একটা খবর আছে।

—কী ? ভেরা কিছুটা অসহায়।

ভেরার চোখের দিকে তাকিয়ে বললো, আমরা দেখে এলাম...।

- —কী দেখে এলেন ?
- —পুতুল ক'টা আছে জানেন **?**
- —উন্ত, ভেরা এবার ভয় পেয়ে যায়।
- —মাত্র তিনটে।
- —তিনটে ?
- —**ट्रा**।
- —মানে, আমরা এই তিনজন মাত্র এখন বেঁচে আছি ?
- —হাা, এর মানে তো তাই বোঝাছে।
- —ভেরার মুখ দিয়ে একটা আর্তনাদের মতো শব্দ শোনা বায়। ভারপর সে বেন বোবা হয়ে গেল।

### পনেরো

সোনালী রোদে চারদিক বেন ভেলে যাচছে। গত কয়েকদিনের আবহাওয়ার সঙ্গে আব্দ্র কোন মিল খুঁজে পাওয়া যাচছে না। ঝড় থেমে গেছে। সেই সঙ্গে মেঘও। আর আবহওয়া বদলাবাব দকন সকলের মেজাজ পাল্টেছে।

ওরা তিনজনের সমুজের ধারে বদে আছে। ওরা বলতে ভেরা, লম্বার্ড এবং ব্লোর। ওলের দেখে মনে হচ্ছে, একটু আগে ওরা যেন একটা ছঃস্বপ্ন দেখে সবে মাত্র জ্বোগে উঠেছে। ই্যা, ওলেব বিপদ আছে। তা সত্ত্বেও ওরা যেন এখন সে চিন্তা থেকে ভারমুক্ত।

- এখনে থেকে আজ কোন রকমে সংকেত পাঠাতেই হবে, লম্বার্ড বলে। দিনের বেলায় এ জায়গা থেকে আয়না ফেলবো! তাতেও কিছু না হলে রাতে আগুন জালবো।
- —ঠিক বলেছেন, ভেরা ওর কথায় সায় জানায়। তা দেখতে পেয়ে তীর থেকে নৌকো নিশ্চয়ই আসবে আমাদের সাহায্যের জন্মে। ভাববে, আমরা বিপদে পড়েছি।
  - —তাতেও অস্থবিধে আছে।
  - —কী **গ**
- —দেখছেন না সমূদ্র কেমন অশান্ত। নোকো ভিড়বে কি করে! আগামী কালের আগে কিছু করা সম্ভব হবে না।
  - —আগামী কাল ? ভেরা শিউরে ওঠে।
  - —হাা।
  - —তার মানে আরো একটা রাত এখানে কাটাতে হবে ?
- —এ ছাড়া, আর তো কোন উপায় দেখছি না, লম্বার্ড একটু হাসলো। এ মুহুর্তে ওর হাসি বড় করুণ দেখায়। আর এই চব্বিশ ঘণ্টা ভালোয় ভালোয় কাটলে এ বাত্রা হয়তো আমরা উদ্ধার পেয়ে বেতে পারি।
  - —কিন্তু আমি ভাবছি একটা কথা, ব্লোর বলে।
  - কি কথা ? ভেরা জানতে চায়।
  - —ডাক্তারের কী হলো ?
- মারা গেছে আর কী! শন্বার্ড বলে। চির মৃক্তির স্বাদ পেয়েছেন তিনি। এবং বেঁচেছেন এই অহরহ মৃত্যু বন্ত্রণার হাত থেকে রেহাই পেয়ে।
- —তা নয় ব্ঝলাম, কিন্তু তিনি যে মারা গেছেন তার তো একট প্রমাণ চাই।
  - -প্ৰমাণ ?
  - —**對**1
  - --একটা পুতুল উধাও।

- —তা অবশ্র ঠিক, যেটা অন্তদের ক্ষেত্রেও হয়েছে। কিন্তু তাঁর মৃতদেহটা তো উবে বেতে পারে না।
  - —পারে।
  - —কেমন করে ?
- —ষদি তাঁকে মেরে সমুদ্রে ফেলে দেওয়া হয়। তিনি ভাসতে ভাসতে অনেক দূরে চলে যেতে পারেন।
- —কিন্তু তাঁকে হত্যা করে কে ফেলে দিয়েছে ? লম্বার্ড উত্তেজিত ভাবে রোরের দিকে, তুমি না আমি ? ওঁর পায়ের শব্দ পেয়ে তুমি আমায় ডাকলে। আমি তোমার সঙ্গে বেরিয়ে পড়লাম। তাই আমি কখন সময় পেলাম, ওঁকে হত্যা করে সমুদ্রে ফেলে দিতে। আর ওঁর দেহটাও তো আমায় কাঁধে করে নিয়ে বেতে হয়েছে। স্থতরাং অনেক সময়ের দরকার।
  - —তা আমি জানি না।
  - -जाता ना ?
  - —না। তবে একটা কথা আমি জানি।
  - —কী কথা १
  - —সেই রিভলবারের কথা।
  - —ওর মধ্যে আবার কী কথা থাকতে পারে ?
  - —ওটা সব সময়ই তোমার কাছে ছিল।
  - —বাজে কথা।
  - —মোটেই না।
  - —ভোমরা আমায় তল্লাশি নেওনি ?
  - —নিয়েছিলাম।
  - —ভাহলে ?
  - সেটা তখন হয়তো কোথাও লুকিয়ে রেখেছিলে।
  - —আমার ঘরও সার্চ করা হয়েছিল।
  - —তার মধ্যেও ভোমার নিশ্চয়ই কোন কারসাঞ্জি ছিল।
  - इन ना, नम्वार्ड टाँहिएय वरन। कानरकत्र मठ व्याद्म वनहि,

# ওটা কাল রাতে আমার ডুয়ারের মধ্যেই আবার পেয়েছি।

- ---এসব ছেলে-ভূলনো গল্প আমায় বলবে না।
- —ওটা গল্প নয়।
- —ঠিক আছে, তোমার কথাই নয় মেনে নিলাম। কিন্তু কে ফেরত দিল, কি ভাবে ফেরত দিল, কখন ফেরত পেলে, তা নিশ্চয়ই তুমি জানো না ?
  - —না ।
  - —এখন ওটা তোমার কাছেই আছে ?
  - **—हा।**
  - —তাহলে এখন এটার একটাই অর্থ।
  - **—कौ** ?
- —এখন আমি আর ভেরা দেবী তোমার করুণার পাত্ত। মানে তোমার দয়ার উপর আমাদের বাঁচা মরা অনেকটা নির্ভর করছে, তাই না লম্বার্ড ? তবে…।
  - –তবে কী ?
  - —যদি একটা কাজ করো।
  - **—কী কাজ** ?
- —ঐ ওর্ধগুলো যেখানে আছে রিভলবারটা ওখানে রেখে দাও এবং তার একটা চাবি আমার কাছে। অগুটা তোমার কাছে রাখো।
  - —অসম্ভব! লম্বাডের স্পষ্ট জ্বাব।
  - —অসম্ভব ? ব্লোর একটু ঝুঁকে লম্বাডে'র দিকে ভাকায়। কেন ?
- —মানে বলতে চাইছো, আমিই আওয়েন, তাই না ? তাই বদি হবে তাহলে কাল রাতে তোমায় খতম করে দিতে পারতাম। আর সে স্থবোগ কী ছিল না ?
  - —তা করোনি কেন তা তুমিই জানো।
- —আপনারা ছ'জনে কেন মিছিমিছি এভাবে বাগড়া করে চলেছেন! ভেরা ওদের থামায়। এদিকে আমাদের মাধার উপর বিপদের থাঁড়া ঝুলছে। কোধায় তা থেকে রেহাই পাবার উপায় ঠিক

# করবেন। তা নয় শুধু তখন থেকে ঝগড়া করে চলেছেন।

তারপর গলার স্থর একটু নরম করে ভেরা বলে, আর আমার একটা কথা মনে হচ্ছে কি জানেন।

- —কী কথা ? লম্বাড' জানতে চায়।
- —ভাক্তারের ব্যাপারে।
- -কথাটা কী বলুন।
- আমার মনে হচ্ছে, উনি মারা যাননি। হয়তো কোথাও গা ঢাকা দিয়ে পড়ে আছেন।
  - —তা সন্তব নয়। আমরা সারা দ্বীপ থুব ভালো ভাবে খুঁজেছি।
- —রিভলবারটা তো একবার হারিয়েছিল। পরে আবার দেটা পেলেন কী করে ?
- —রিভলবারের সঙ্গে মান্থবের তুলনা করা কখ:নাই উচিত নয়। ওটা যেখানে সেখানে লুকিয়ে রাখা যায়, কিন্তু একটা মানুষকে তা কখনোই সম্ভব নয়।
- —কিন্তু আমার ধারণা, ডাক্তার কোথাও লুকিয়ে আছে। আর আড়ালে থেকে তঁরে পাগলামে চালিয়ে বাচ্ছেন।

#### ঽ

হাত-ঘড়ির দিকে তাকায় ব্লোর। এখন বেলা ছটো। সে বলে, এখন লাঞ্চের কি হবে ?

- আমি আর ও বাড়িতে যাচ্ছি না, ভেরার সাফ জবাব।
- -- ना ।
- —কিন্তু কিছু খাওয়া তো দরকার।
- —টিন ফুড তো রয়েছে। তারপরই ভেরা মুখ বিকৃতি করে বলে।

  ঐ খাবার দেখলে আমার গা বমি বমি করে।

তারপর ভেরার দিক থেকে দৃষ্টি ফিরিয়ে ব্লোর লম্বার্ডের দিকে তাকিয়ে বলে, তুমি কী বলো ?

- শামার আপাতত কোন ক্ষিদে নেই। আমি এখানেই পাকবো
- —কিন্তু...।

প্লোর ভেরাকে একটা কথা বলতে বাচ্ছিল, কিন্তু লম্বার্ডের দিকে তাকিয়ে সে চুপ করে বায়।

ভেরা ওর কথাটা অনুমান করে হেদে বলে, আপনার অনুপস্থিতিতে মি: লম্বাড' আমায় গুলি করবেন না বলেই আমার একান্ত বিশ্বাদ।

- —ওকথা আমি বলতে চাইনি।
- —তবে কি কথা বলতে চেয়েছেন ?
- আমরা সব সময়ে একসঙ্গে থাকবো বলে আমাদের মধ্যে এই বকম একটা কথা হয়েছিল। আমি সেই কথাটাই ওকে মনে করিয়ে দিতে চেয়েছিলাম, আর কী!
- —তুমি একাই মৃত্যুপুরীতে যেতে চাইছো! লম্বার্ড বলে, ঠিক আছে, চলো, আমিও তোমার সঙ্গে বাচ্ছি।
  - —না, থাকু, তুমি এখানেই থাকো।
- —আদলে তুমি এখনো আমায় বিশ্বাস করতে পারছো না। স্নামি কি তোমাদের হু'জনকে খুন করতে পারি না ?
  - —না পারো না, ব্লোর বলে।
  - **−কেন** ?
  - —তোমার তো একটা প্ল্যান থাকবে।
  - -- মনেক কিছুই তুমি জানো দেখছি!
- —তবে একা ঐ বাড়িতে যাওয়া একটু বিপজ্জনক বই কী! বলে ব্লোর ইতস্তত করতে থাকে।
- —তাই বলে ভেবো না, রিভালবারটা আমি তোমায় দেবো। লম্বার্ডের গলা এ মুহুর্তে কঠোর শোনালো।
  - —তা আমি চাই না। বলে ব্লোর বাড়ির দিকে পা বাড়ায়।
- —উনি একটা ঝুঁকি নিলেন, তাই না ? ভেরা ভয়ে ভয়ে কথাটা পম্বার্ডকে বলে !
  - --- ना ।

- —কেন ?
- ওর গায়ে দারুণ জ্বোর আছে। ডাক্তার ওর সঙ্গে গায়ের জ্বোরে কিছুতেই পারবে না।
  - —ভব্…।
  - —রোর খুর হু শিয়ার। তাছাড়া, ডাক্তার তো ও বাড়িতে নেই।
  - —ভাহালে এ সমস্তার সমাধান কী ? ভেরা বললো।
  - --সমাধান ?
  - —হাা।
- —ব্যাপারটা একট্ তলিয়ে ভাব্ন। ব্লোর গত কাল রাতে যা বলেছেন তা তো শুনেছেন ?
  - -5°
- ওর কথা বদি সত্যি হয় তাহলে ডাক্তারের ব্যাপারের সঙ্গে
  আমার কোন যোগ নেই এবং আমি নিজেকে নিঃসন্দেহের তালিকায়
  রাখতে পারি। ও ওর ঘরের সামনে প্রথম পায়ের শব্দ পেয়েছে,
  পেয়ে অমুসরণ করে ডাক্তারকে হত্যা করে তারপর আমাকে ডেকেছে।
  - —কেমন করে ? ভেরা জানতে চায়।
- —তা আমি জানি না, ওর সম্পর্কে আমাদের সতর্ক থাকা উচিত।
  ও পুলিশে চাকরি করতো বলে ষা বলেছে, সেটা একটা ধাপ্পা ছাড়া
  আর কিছুই নয় বলে আমার মনে হচ্ছে।
- —ও যদি এখন আমাদের কিছু করে বদে ? ভের। ভয় পেয়ে কাঁপা গলায় কথা বলে, তাহলে আমাদের কী হবে ?
  - —কী হবে ? °
  - <u>—ইা।</u>
- —এটা দেখেছেন ? লম্বার্ড পকেট থেকে রিভলবারটা বার করে ভেরাকে দেখায়। মনে রাথবেন এটা আমার সঙ্গে রয়েছে।

ওদিকে রিভঙ্গবারটাকে দেখে ভেরার মন কেঁপে ওঠে, ভাবে, এ দিয়ে ও তো আমায় চিরতরের জন্ম নিন্তর করে দিতে পারে। হাঁা, পারে বই কী! ওর মনে কী আছে তা কী করে বুঝবে! আর ও এ মূহূর্তে আমার দক্ষেই বা রয়েছে কেন! আমি তো ওকে আমার কাছে থাকবার জন্ম একবারও অনুরোধ করিনি! তবে !

লম্বার্ড ভেরার মনোভাব ব্ঝতে পেরে হেসে বলে, ভেরা দেবী, আমার দ্বারা , আপনার কোন ক্ষতি হবে না। আপনি আমার উপর এটুকু বিশ্বাস করতে পারেন।

—বিশ্বাস না করে উপায় কী! ভেরা এখন কিছুটা স্বাভাবিক হতে চেষ্টা করছে। তবে আমার ধারণা, ব্লোরকে আপনি ভূল বুঝছেন। ও হয়তো ডাক্তারকে খুন করেনি।

তারপর হঠাৎ গলার স্বর নামিয়ে নিচু গলায় ফিসফিস করে ভেরা বললো, আচ্ছা, আপনার মনে হয়, কেউ আমাদের সব সময় লক্ষ্য করছে।

- —লক্ষ্য করছে ?
- -- हैं। ।
- —ना, ना, ७ট। আমাদের তুর্বল মনের চিন্তা।
- —তাহলে ব্যাপারটা আপনিও অনুভব করছেন ?

কথাটা শেষ করে ভেরা কেঁপে উঠলো এবং একটু এগিয়ে গেল
লম্বার্ডের দিকে, সভ্যি করে বলুন না! সে আবার কেঁপে ওঠে।
এমনো ভো হতে পারে এই সব ব্যাপারের পিছনে রয়েছে কোন
মানুষের আত্মা। সমস্ত ব্যাপারটাই অলোকিক, যার কোন ব্যাখ্যা
বৃদ্ধি দিয়ে চলে না। আর অলোকিক বলেই এত নিখুঁত ও নিষ্ঠুর।

লম্বার্ড ভেরার কথা খুব মন দিয়ে শুনে বলে, ওসব আত্মার ব্যাপারে আমার কোন বিখাস নেই।

- —বিশ্বাস করেন না।
- ---ना ।
- —কেন ?
- —আমার মনে হয়, যা ঘটেছে তার পিছনে কোন মানুষ রয়েছে এবং দেই এ সব করে যাছে। তবে ঐ সব আত্মার কথা আপনি নিজে পুরোপুরি বিশাস করেন ?

- -कत्रि वहें की।
- লম্বার্ড হাসলো, বিবেক বড় আশ্চর্য জিনিস।
- মানে ? ভেরা চমকে ওঠে। আপনি কী বলতে চাইছেন ?
- —কিছু না ভেরা দেবী। কিছু না। আপনি তাহলে সেই শিশুর মৃত্যুর জন্ম দায়ী ছিলেন ?
- —ना! ना! ना! (ज्जा हिश्कांत्र करत प्रति । प्र विषया क्यां कथा वनात अधिकात आभनात महे।
- —তা হয়তো বলা উচিত নয়। কিন্তু আমি ভাবছি, আপনার মতো একটি মেয়ে এমন কাণ্ড করলো কী করে। ওর পিছনে কী কোন হাদয়ঘটিত ব্যাপার ছিল, তাই না ?

হঠাৎ ভেরাকে খুব ক্লান্ত দেখাতে থাকে এবং তার মুখ ফসকে কথাটা বেরিয়ে আসে। সে বলে, হাাঁ, ছিল।

এ কথা শুনে একটা ঈর্ষার ছায়া পড়লো কী লম্বার্ডের মুখে ! তারপরই আর এক কাশু। একটা ভারি কিছু পড়ার মতো শব্দ হলো। এবং শোনা গেল একটা আর্ডনাদের শব্দ।

লম্বার্ড বলে, শব্দটা বাড়ির দিক থেকে এলো না ?

- —হ্যা, তাই তো মনে হলো।
- —চলুন, দেখা বাক্ ব্যাপারট। কী ?
- —না! ভেরা উঠে দাঁড়ায়। আমি বাবো না। আর..., ভেরা সম্বার্ডের হাত চেপে ধরে। আপনিও যাবেন না। যেতে পারবেন না।
  - —তা হয় না। আমি বাবো।
  - —বেশ, তাহলে আমিও বাবো।
  - চলুन।

নিস্তব্ধ বাড়ি। বাগান সাজানো আগের মতন। বাড়ির চারদিকে রোদ।

ওরা বাড়িতে প্রবেশ করে। তারপরই ওরা চমকে ওঠে। এমন যে একটা ঘটনা ঘটতে পারে তা ওরা ভাবতেই পারেনি এবং দেখেও যেন বিশ্বাস করতে পারছে না। পূব দিকের বারান্দার কাছে গিয়ে দেখে, ব্লোর মাটিতে উপুড় হয়ে পড়ে আছে। তার হাত হুটো হু'দিকে ছাড়ানো। অনেকটা মরে পড়ে বাফা চিলের মড়ো তাকে দেখাছে।

রোরের মাথাটা থেঁতলে গেছে। ওর কাছে পড়ে রয়েছে ভারি এক খণ্ড খেতপাথর। এ খেকেই বোঝা যায়, তাকে ঐ পাধর দিয়ে আঘাত করা হয়েছে।

কিন্তু করেছে কে ? ভেরা আর লম্বার্ড তো সমৃদ্রের তীরে ছিল। আর রোর একা ও বাড়িতে ছিল। তবে কী এ কাঞ্চ ডাব্ডারের ? বে এখনো জীবত থেকে নিষ্ঠুর ভাবে তাঁর কাঞ্চ চালিয়ে বাচ্ছেন ?

পাথরটা সাধারণ পাথর নয়। ওর ছদিকে ছটো ভালুক খোদাই করা। তার মাঝথানে একটা ঘড়ি।

ভের। ঐ ঘড়িটা চিনতে পারছে। ওটা তার ঘরে ছিল। তার ঘরের জ্ঞানলা দিয়ে ব্লোরের দিকে ওটা কেউ ছু"ড়ে মেরেছে।

9

ওরা থমকে দাঁড়িয়েছে।

লম্বার্ড ক্রুদ্ধভাবে দাঁতে দাঁত চেপে কথা বলে, ভেরা দেবী, আর কী কোন সন্দেহ আছে ?

- **-**किरम !
- এ কাজ ঐ পাগলা ডাক্তারের। আমি তাঁকে খুঁজতে চললাম।
  হঠাং ভেরা লম্বার্ডকে জড়িয়ে ধরে কাঁদো কাঁদো গলায় বলে,
  আমার কথা শোন। পাগলামো করো না। এবার আমাদের পালা।
  বে খুনী দে চাইবে আমরা তাকে খুঁজি। আর দে সেই স্বোগে…।
  না, না, তুমি কোথাও বেতে পারবে না।
  - —তুমি বোধ হয় ঠিকই বলছো ভেরা।
  - -স্বীকার করছো ?
  - —হাঁ। চলো, বাইরে বাই। ওরা গিয়ে সমুজের পাড়ে বসলো। ওদের মাঝে কোন ব্যবধান

নেই। ভাগ্যই ছ'জনকে এত কাছে এনে ফেলেছে। আর এখন ছ' জনই ছ'জনকে 'তুমি' করে বলছে।

- —তোমারই জিং হলো ভেরা, লম্বার্ড বলে। এ ডাক্তারেরই কাশু। কিন্তু ওঁ গেল কোথায় ? অথচ আমরা তো কাল ভন্নতন্ন করে খুঁজিছি। ভাবছি, কোথায় লুকিয়ে থাকতে পারে।
- আর কাল যখন দেখা পাওনি, তখন আজও দেখা পাবে না। বিশেষ কোন একটা গোপন স্থানে...।
  - —**হাা, কিন্তু**…।
- আমার মনে হয় ডাক্তার ঐ বাড়ির কোথাও লুকিয়ে আছে।
  পুরনো আমলের বাড়িতে যেমন চোরাকুঠরি থাকে, সেই রকম কোন
  একটা স্থান বেছে নিয়েছে।
  - —কিন্তু এ বাড়িটা তো হাল আমলের তৈরি।
- —তাতে কী হয়েছে। তখনই হয়তো তৈরি করে নেওয়া হয়েছে, থেটা ডাক্তার জেনেছে।
- আমি তোমার কথা মানছি, কিন্তু আমরা কাল যেভাবে খুঁজেছি তাতে কিছুই দেখতে বাদ রাখিনি।
  - —এমন কথা কেউ জোর দিয়ে বলতে পারে না।
  - —আমার ইচ্ছে করছে আর একবার গিয়ে সব দেখি।
- —আর গিয়ে কাঙ্গ নেই। গেলে আর একজন তোমার জন্ম ওৎ পেতে রয়েছে। হয়তো বা আমাকেও...।
- —কিন্তু এটা আমার কাছে রয়েছে, লম্বার্ড রিভলবারটা আগের মত বার করে দেখাঁয়।
- —এত বড়াই করো না। ব্লোরও কম ছ শিরার ছিল না। আর একটা কথা ভূলে বাচ্ছো কেন, ডাক্তাব পাগল হয়ে গেছে। বৃদ্ধিমান যদি শয়তান এবং পাগল হয়, তাহলে সে যে কোন কাজ করতে পারে। তাই যা করতে চাইছো তা করতে যেও না।

ভেরার কথার যৌক্তিকতা লম্বার্ড অস্বীকার করতে পারে না। ভাই সে চুপ করে ভেরার পাশে বসে থাকে। শম্বার্ড ভেরাকে ঞ্জিজেন করে, আ**ত্র** রাতে কী করবে ?

ভেরা কোন জবাব দেয় না।

- —তুমি কিছু ভাবছো না ?
- —ভেবে কী হবে ? তবে আমার খুব ভয় করছে, তারপর ভেরা বলে, আজকের আবহাওয়া ভারি ফুলর। আমরা ঐ বাড়িতে যাবো না। চাঁদের আলোয় সারা রাত এখানেই কাটিয়ে দেবো। তা তুমি কি বলো ?
- —বেশ। চলো, এখন একটু ঘুরে বেড়ানো যাক্। বসে থেকে থেকে গায়ে ব্যথা ধরে গেছে।
  - —চলো।

ওরা হ'জনে হাত ধরে অনেকক্ষণ ঘুরে বেড়ালো। এখন বিকেল। চরিদিকে সোনালী রোদ ভোরে আছে। সূর্য পশ্চিম দিকে হেলে পড়েছে।

ভেরা বলে,জানো, সমুদ্রে স্নান করতে আমি দারুণ ভালোবাসি। একটু স্নান করতে পারলে বেশ হয়!

লম্বার্ড এ কথার কোন জবাব দেয় না। সে অন্তমনস্ক ভাবে দূরের দিকে তাকিয়ে আছে।

- —এই ! এত কী ভাবছো, ভেরা লম্বার্ডকে মৃহ ধাকা দেয়।
  আমার কথা শুনছো না !
  - —অঁয়া ! লম্বার্ড সংবিত ফিরে পায়।
  - —বলছি, আমার কথা গুনতে পাচ্ছো না ?
- আচ্ছা, ওটা কী বলো তো ! লম্বার্ড দ্রের দিকে আঙুল নির্দেশ করে ভেরাকে দেখায়।
  - —কোনটা ?
  - —ঐ যে টিলার নিচের দিকে। সমুজ্বের দিকটায় দেখেছো ?
  - —কই ?...ও বোধহয় শ্রাওগা। কিংবা কোন সামৃদ্ধিক লভা

# ব্দলে ভাসতে ভাসতে ওখানে আটকে গেছে।

- —চলো, একটু কাছে গিয়ে দেখা বাক্। আমার কিন্তু কেমন যেন সন্দেহ হচ্ছে।
- —বাবে ? চলো। আমার কিন্তু অস্বাভাবিক কিছু বলে মনে ছচ্ছে না। ভেরা লম্বার্ডকে ধরে রয়েছে।
  - -- (मश यांक्, कांत्र कथा ठिक।
  - --আচ্চা।

# গুটা খাওলা নয়। একটা জামা জলে ভাসছে।

একটু ভালো করে লক্ষ্য করতে ওরা দেখতে পেলো, শুধু পোশাক নয়। জলে একটা মামুষের মৃতদেহ ভাসছে। সম্ভবত জোয়ারের টানে এ পাড়ে এসে ভিড়েছে।

মৃতদেহের অনেকটা বিকৃতি ঘটেছে। সম্ভবত মাছে ঠুকরে ঠুকরে থেয়েছে। তা সত্ত্বেও চিনতে কোন অস্থবিধে হলো না। ওটা হলে। গিয়ে ডাক্তার থারম ষ্ট্রংয়ের মৃতদেহ।

### (মাল

ওরা ডাক্তারের দিক থেকে চোখ ফিরিয়ে নিলো। বেশীক্ষণ ওদিকে ডাকাতে পারলো না। তারপর ওরা তাকায় পরস্পরের দিকে। একটি পুরুষ আর একটি নারী—লম্বার্ড আর ভেরা।

#### 5

- —ব্যাপারটা মন্দ হলো না, তাই না ভেরা ? লম্বার্ড হাসলো।
- —হাঁ। ধীপে আমরা ছাড়া আর কেউ নেই। **৩**ধু আমরা ছ'জন।

ভেরার মুখখানা দারুণ কঠিন দেখাছে। ফিসফিস করে কথা

বললেও সে কথার মধ্যে কথেষ্ট দৃঢ়তা রয়েছে। আর ওর চোখের দৃষ্টি থেকে যেন আগুন ঝরে পড়ছে। ও যেন নারী নয়, নার্মিনী।

—ঠিক কথা ভেরা, লম্বার্ড বলে। শুধু তুমি আর আমি।

ভেরা তাকায় লম্বাডের দিকে। তারপর ভাবে, ছি:, ছি:, লম্বাড'কে আমি এতটা বিশ্বাদ করছি কী করে ? ওর মুখ ভালো করে দেখলে কখনো এ কথা ভাবা উচিত নয়। ওর মুখে একটা হিংস্র ভাব ফুটে উঠেছে। আর ওর হাসিও স্বাভাবিক নয়। তার মধ্যে একটা পৈশাচিক হাসি দেখা দিয়েছে। বে হাসি দেখলে বৃক কেঁপে ওঠে। অন্তরআত্মা বলে ওঠে, পালাও। পালাও!

ভেরা হঠাৎ কী মনে করে নিজেকে পার্ল্টে নিলো। ওর ধারালো চোখের চাউনি নিবে গেল। হাসি হলো স্বাভাবিক, মুখে ফুটে উঠলো এক অপূর্ব লাবণ্য। আর ওর বুকে যেন একরাশ মধু। আর কথা তো নয়, যেন সমুজে কল্লোল, যা প্রাণ ভরে শুনতে মন চায়।

- —শোন, ভেরা এগিয়ে বায় লম্বাডে'র কাছে। কাছে, আরো কাছে। একবারে মিশে গেল ছ'জনে। আর যে নারী ও ভাবে স্বেচ্ছায় ধরা দেয়, তাকে কী কোন পুরুষ ফিরিয়ে দিতে পারে ! পারে না। পারলে তো অনেক কাহিনীই রচিত হতো না। অলেখা থেকে বেত।
- —এই, তোমার হুংখ হয় না ভাক্তারের জন্ম ? সম্বাড ওকে ছু' হাতে বুকের মধ্যে টেনে নেয়।
- —হলেই বা কী করা যাবে। ভেরা চাপা গলায় প্রণয়িনীর মত কথা বলে চলে।
- —চলো না, ত্'জনে মিলে ওঁর দেহটা বাড়ির ভেতরে নিয়ে যাই, লম্বাড' ভেরার দিকে তাকায়।
  - —ঐ বাড়িতে 🕈
  - —হাঁ।।
  - -- ना।

- —তাহলে চলো, অন্তত জ্বল থেকে তুলে এনে এই পাধরের উপরে শুইয়ে রাখি।
  - —হাা, তা করা যেতে পারে।
  - —তাহলে এসো।
  - —হাা, চলো।

ওরা কাজটা যতটা সহজে করতে পাববে বলে ভেবেছিল, তা কিছ সম্ভব হলো না। তবু ওদের চেপ্তার ক্রটি নেই, আর ভেরাও প্রাণপণে লম্বার্ড কৈ সাহায্য করে চলেছে। শেষে অনেক চেপ্তার পর লম্বার্ড বেশ খানিকটা চড়াই বেয়ে ডাক্তারের মৃতদেহ বয়ে আনতে থাকে। আর ভেরা লম্বার্ড কে জড়িয়ে ধরে রইলো, যাতে ও পা পিছলে পড়ে না যায়।

অবশেষে লম্বাড ডাক্তারের মৃতদেহ টিলার উপর তুলে একটা বড় পাধরের উপর রাখে। পাধরটা ঝকঝকে। পাধরের ফাঁকে ফাঁকে ছোট ছোট গাছ। তাতে কিছু ফুলও ফুটেছে। আর ডাক্তার বেন প্রকৃতির হাতে তৈরি বিছানায় চিরনিজ্ঞায় শুয়ে আছে। টানাটানির ধকলে লম্বাড বেশ ক্লান্ত হয়ে পড়েছে। নিখাসের তালে তালে চওড়া বুক ওঠানামা করছে। কপালে বিন্দু বিন্দু ঘাম ফুটে উঠেছে। তাতে রোদ পড়ে চিকচিক করছে।

লম্বাড' ভাবে একবার রুমাল দিয়ে মুখট। মুছে নেওরা দরকার। কিন্তু পকেটে হাত দিতে গিয়ে সে চমকে ওঠে। রিভলবারটা ভো ভার পকেটে নেই। পড়ে গেল নাকি কোধাও ?

লম্বাডে'র দৃষ্টি- যায় হঠাৎ ভেরার দিকে। অদ্বে ভেরা দাঁড়িয়ে আছে। তার হাতে উভত রিভলবার। মোহিনী আবার কালনাগিনীতে ক্সপান্তরিত হয়েছে। আর নিশ্বাসে যেন তার বিষ বারছে।

—ও আচ্ছা! লম্বার্ড বলে। এতক্ষণে বোঝা গেল তোমার ছলা-কলার অর্থ! সত্যি, তুমি আশ্চর্য! অন্তুত!

ভেরা এর কোন জবাব দেয় না। স্থির ভাবে সম্বার্ডের দিকে ভাকিয়ে থাকে। তার নিশানা সম্বার্ডের দিকে।

- —ভেরা, তুমি রিভলবারটা আমায় ফিরিয়ে দাও।
- ফিরিয়ে দেবো ? ভেরা খিলখিল করে দ্বীপ কাঁপিয়ে হেসে ওঠে। আর ওর হাসি যেন থামতে চায় না। এবং হাসিটা কী নিষ্ঠুর ! কী ভয়ংকর শোনাচ্ছে।
- —হাঁা। তুমি পাগলামো করো না, লম্বার্ড ভেরাকে বোঝায়। আর তুমি আমায় পুরো মাত্রায় বিশ্বাস করতে পারো। এবং আমার অবিশ্বাসের কোন ব্যাপার তো তোমার কাছে ঘটেনি।

ভেরা সেই হাসি এখনো হেসে চলেছে। তবে তার বেগ কিছুটা শাস্ত।

লম্বার্ডের সারা দেহ ঘামে ভিজে যাচ্ছে। কপাল ও গাল বয়ে দরদর করে ঘাম গড়িয়ে পড়ছে। ঠেটি ছটো তার দারুণ শুকনো লাগছে। এমন কী তার নিশ্বাস নিতে পর্যন্ত কন্ত হচ্ছে।

লম্বাড'ভাবে, এই উন্মাদ মেয়েটাকে সে কী করে বোঝাবে যে, দে সত্যি নিরপরাধ। শুধু তাই নয় একমাত্র সেই পারে ওকে বাঁচিয়ে রাশতে।

তবু একবার শেষ চেষ্টা করলো লম্বাড'। ভাবলো, ওর কাছে মিনতি করা রুপা। শক্তি দিয়ে যদি কিছু করা বায়।

একটু বৃঝি অভ্যমনস্ক হয়েছিল ভেরা। সঙ্গে সঙ্গে লম্বাড ওর উপর ঝাঁপিয়ে পডলো। দাও রিভলবারটা।

### --ना ।

ট্রিগারে চাপ পড়লো। তাতে ভেরার হাত এডটুকু কাঁপলো না। সঙ্গে সঙ্গে লম্বার্ড মাটিতে মুখ থুবড়ে লুটিয়ে পড়ে।

#### 9

শান্তি! উ:, কী স্বস্তি ভেরা এখন অমূভব করছে। সেই সঙ্গে পৃথিবীকে সে বেন নতুন করে ভালোবাসতে শুক্ত করলো।

ভেরার এখন দারুণ ভালো লাগছে। এতক্ষণ পরে সে বুক ভরে নিখাস নিলো। তার আর ভয়ের কোন কারণ নেই।

সারা দ্বীপে আর কেউ নেই। ভেরা একা, অবশ্য আছে আর

ন'টা মৃতদেহ, যা অক্সরা ভাবতেই পারবে না।

ধাক্ ভেরা তো বেঁচে আছে। সে আর ও বাড়ি কিছুতেই হাবে না। সে সমুস্ত্রের ধারে চুপটি করে বসে রইলো।

8

## সূর্য অস্ত গেছে।

ভেরা এবার উঠে দাঁড়ায়। তবু সে বারেকের জম্ম মনটা ঠিক করে নেয়। ভাবে, ও-বাড়ি বাড়ি ? হাাঁ, আর তো কোন ভয় নেই। তার ছোট ঘরে গিয়ে ভালো করে দেখে ঘর বন্ধ করে দিলে আর ভয় কিসে! কোন ভয় নেই। বরং এই বাইরে এবং এত খোলামেলায় তার গা যেন ছমছম করছে। তার উপর আবার সন্ধে হয়ে আসছে।

তারপর ভেরা ব্বতে পারে, সে ভীষণ ক্লান্ত হয়ে পড়েছে। আর ক্লিদের কথা এতক্ষণ সে ভূলে গেছিল। এখন ক্লান্তি এবং ক্লিদে তুই তাকে অবসন্নতার মাঝে যেন ভূবিয়ে মারতে চাইছে। তার উপর মনের ওপর থেকে কম ধকল যাচ্ছে।

ভেরা ভাবে, কাল কিংবা পরশু হয়তো বোট আসবে। ইতিমধ্যে আবহাওয়াও বেশ ভালো হয়ে উঠেছে। এবং বোট ববেই আসুক তার তো আর কোন ভয়ের কারণ নেই। সে এখন একা, কিন্তু নির্ভয়।

ভেরা বাড়ির দিকে পা বাড়ায়।

সূর্য অস্ত গেছে। আকাশে লাল আর কমলা রঙ একাকার হয়ে চারদিকে ছড়িয়ে পড়েছে। সমুদ্রের সৌন্দর্য এখন ভেরার কাছে উপেক্ষণীয়। তবু তার দিকে একবার তাকায়।

ভেরা বেন আকাশটাকে নতুন করে দেখছে। দেখতে তার খুব ভালো লাগছে। আকাশে এত রং ছিল, কই আগে তো তার চোখে পড়েনি।

ভেরা ভাবে, এসব যেন একটা স্বপ্ন ভার কাছে।

ভেরা আর ভাবতে পারছে না। সে ক্লান্ত। তার সারা শরীরে ব্যথা। চোখের পাতাগুলো ক্রমশ ভারি হয়ে উঠছে। কী ভীষণ তার

# ঘুম পাচেছ। এখন শুধু ঘুম আর ঘুম।

একতলার বারান্দায় এসে দাঁড়ায় ভেরা। ওখানে খাবার ঘর দ মাঝে একটা বড় টেবিল। সেখানে তিনটে পুতুল রয়েছে।

তিনটে পুতৃল ওথানে কেন। থাকা উচিত একটা পুতৃল। অর্থাৎ দে। বাকী সবাই তো মৃত।

তাই ভেরা পুতৃসগুলোর উদ্দেশ্যে বলে ওঠে, তোরা হিসেব মেলাতে পারিসনি। কোকা কোথাকার। থাকবে ওখানে ভিনটে নয়, একটা।

ভেরা আন্তে আন্তে পুতৃলগুলোর কাছে এগিয়ে বায় এবং তা থেকে হুটো পুতৃল তুলে নিয়ে জানলা দিয়ে বাইরের দিকে ছুঁড়ে ফেলে দেয়। বাইরের পাথরে লেগে সেগুলো ভাঙার শব্দ হলো।

ভেরা এবার আর এক কাশু করলো। সে শেষ পুতৃলটাকে ওখান থেকে তুলে নিয়ে আদর করলো। গালে ছোয়ালো। চুমু খেলো। তারপর দে বুকের মাঝে চেপে ধরে।

এরপর ভেরা চুপিচুপি বলে, আয়, তুই আমার সঙ্গে। বলে সে ওটাকে নিয়ে দোতলায় উঠতে থাকে। ক্লান্তিতে যেন তার আর পা চলছে না।

সেই ছড়াটা ভেরার মনে পড়লো—দশটা হুষ্টু ছেলের ছড়া। একে একে ন'জন হারিয়ে গেল। বাকী রইলো একজন, সে কী করলো ?

ভাবে ভেরা, না, তা সে মনে করতে পারছে না। বিয়ে করলে ? কাকে ? ছগোকে ? কিন্তু ছগো তো ভুগ বুবে তার কাছ থেকে অনেক দুরে সরে গেছে। তবে কী লম্বার্ডকে ? না, লম্বার্ড ভালো নয়। না সেই-ই লম্বার্ডকে ভুল বুবেছিল ?

না, আর ভেরা ভাবতে পারছে না। মাথা বেন আর সোজা করে রাখতে পারছে না। মাথা কী ছি<sup>\*</sup>ড়ে পড়ে বাবে ?

তবু কী ভাবনা ভেরা মন থেকে তাড়াতে পারছে ! ভাবে, কী হলো লম্বার্ডের ! কী করলো সেই একলা পুতুলটা ! মনের হুঃ \*
কাদতে কাদতে বনে চলে গেল !

ঘর খুললো ভেরা। আবছায়া আলো। তবে অন্ধকারই বেশী। কে ও, ছগো ? না লম্বার্ড ? ভেরা চেঁচিয়ে ওঠে।

একটা দড়ি ঝুলছে নিচের দিকে। তলায় ফাঁস। আর তার নিচে একটা চেয়ার।

ভেরা এগিয়ে গেল চেয়ারটার দিকে, তারপর সে চেয়ারে উঠে দাঁড়ায়। এরপর ফাঁসটা গলায় পরে নেয়।

ভেরা খিলখিল করে হেদে ওঠে। সে হাসতে থাকে। চেয়ারটা পায়ের কাছ থেকে সরে যায়।

হাতে ধরা পুতৃদটা ভেরার হাত থেকে পড়ে ভেঙে যায়। এটাই শেষ পুতৃদ, যেটা ওর হাতে ছিল।

## উপসংহার

একবারে একটা অবাস্তব ঘটনা, গাঁজাখুরি কাহিনী বলা চলে। তা কিন্তু নয়। এটা সত্যি কাহিনী, যার মধ্যে মিধ্যের কোন স্থান নেই।

কথা বলছেন ছ'জন। সে ছ'জন হলেন স্থার টমাস লেগ এবং
মেন। টমাস হলেন অ্যাসিসটেণ্ট কমিশনার এবং মেন হলেন
ইলপেক্টার। আর ওঁদের মধ্যে কথাবার্তা চলেছে স্কটল্যাণ্ড ইয়ার্ডের
প্রধান দপ্তরে বসে।

টমাস বিশ্বয়ের স্থবে বললেন, একটা দ্বীপে দশজন লোক মারা গেছে। অথচ ঐ মৃতদেহগুলো ছাড়া অন্ত কোন জীবিত লোক সেখানে ছিল না। এটা ভাবতে রীতিমত অবাক লাগে। নিশ্চয়ই এর পিছনে কোন মানুষের কারসাজি ছিল।

- —স্থার, আমিও এ ব্যাপারে আপনার সঙ্গে একমত, মেন টমাসের কথায় মাথা নেড়ে সমর্থন জানান।
- —আছা, ডাক্তারের রিপোর্ট থেকে কোন সূত্র পাওয়া গেছে ? উমাস জানতে চান।
  - —না স্থার, বলে মেন কাকে কি ভাবে হত্যা করা হয়েছে তার

বিবরণ দিয়ে চলেন। বলেন, ওয়ারপ্রেভ এবং লম্বার্ডকে গুলি করে। রুশংস ভাবে হত্যা করা হয়েছে। ওয়াত্রেভের মাথায় এসে গুলি লাগে, আর লম্বার্ডের বুকে।

ক্ষাল দিয়ে মুখ মুছে মেন আবার বলেন, মিস ত্রেন্ট এমিলিকে খুন করা হয় বিষের সাহায্যে। আর একই ঘটনা ঘটে যুবক মার্সটনের ক্ষেত্রে।

ক্ষমালটা পকেটে রেখে মেন ফের বলেন, রঞ্চার্সের জ্রীর মৃত্যু ঘটে বেশী মাত্রায় ঘুমের ওষ্ধ খাবার ফলে। আর ওর স্বামীর মৃত্যু হয় কুঠারের আঘাতে।

মেন একটু থেমে আবার বলেন, ডগলাসের মাধার খুলি ভেঙে গেছে। পিছন দিক দিয়ে কোন ধারোলা জিনিস দিয়ে তাঁকে আঘাত কর। হয়েছে। আর ভেরা ক্লেথর্নের মৃত্যুর কারণ উদ্বন্ধন।

- —ইস। সব বিঞী ব্যাপার ঘটেছে, টমাস মুখ কুঁচকে বলেন।
- —ই্যা স্থার।
- —আছা, ডেভনের সমুম্বতীরের লোকেরা কী বলে ?
- ওরা কিছু জানে না। ওরা শুধু এটুকু খবর রাখে, আওয়েন বলে এক ভদ্রলোক ঐ দ্বীপটির মালিক।
  - ওরা সাধারণত করে কি ?
- —ওথানকার অধিকাংশ লোকই মাছ ধরা আর মাছ চালান দেওয়ার ব্যবসা করে। ছ' চারজন শু'টকি মাছেরও কারবার করে।
- —ধরা গেল, আওয়েন নামে এক ভদ্রলোক ঐ দ্বীপটির মালিক, ঐ দ্বীপটি কেনার পর নিশ্চয়ই গোছগাছ করা হয়েছিল ?
  - —হ্যা:।
  - —সে কে করেছিল ?
  - —আকজাক মরিস নামের একজন লোক।
  - -মরিস ?
  - <u>—</u>Žj1 |
  - —সে এ সম্পর্কে কি বলছে **?**

- किছ मा।
- —মানে ?
- —দে মারা গেছে।
- —ও। তার সম্বন্ধে কোন ধৌজধবর পাওয়া গেছে ?
- —গেছে।
- —কি রকম ?
- —লোকটা নানারকম চোরাই কারবার করতো, কিন্তু প্রমাণের অভাবে তাকে কথনো হাতে-নাতে ধরা বায়নি।
  - —লোকটা কি শুধু এসবই করতো ?
- —না স্থার। লোকটা এমনিতে ঠিকেদারির কাজ করতো। আসলে ওটা হচ্ছে লোকদের চোখকে ধুলো দেওয়ার জ্বস্থা।
  - —আচ্ছা, মরিস শেষ কবে ঐ ডেভনে গেছিল ?
- —এই হত্যাকাণ্ডের আগে এবং গিয়ে সেখানকার লোকদের বৃন্ধিয়ে এসেছে, মি: আওয়েনের আমন্ত্রণে কিছু লোক ওখানে আগবেন। তাদের উদ্দেশ্য নির্জনে কয়েকদিন বাস করা। এবং মি: আওয়েনের সঙ্গে তাঁদের বাজি হয়েছে বে, তাঁরা প্রমাণ করে দেবেন পৃথিবী থেকে বিচ্ছিন্ন হয়েও কিছুদিন বাস করা চলে। কাজেই হু' চারদিনের মধ্যে ঐ দ্বীপ থেকে কোন সংকেত এলে কিছুই করার নেই। তারপর ঐ রবিনসন ক্রুশোদের সাহায্যের ব্যবস্থা মি: আওয়েনই করবেন।
  - —এতে ওরা কিছু সন্দেহ করেনি <u>?</u>
  - —না স্থার।-
  - **—কেন** ?
  - ওরা সাধাসিধে মানুষ। এটাকে মনে করেছে বড়লোকদের বিচিত্র খেয়াল। তাছাড়া, আওয়েনের আগে যিনি ঐ দ্বীপের মালিক ছিলেন, তিনি খুব আমুদে প্রকৃতির লোক। তাঁকে কোটিপতি বলা চলে। তিনি প্রায়ই ওখানে পাটি দিতেন। তাই এ ক্ষেত্রে কেউ ব্যাপারটাকে সন্দেহের চোখে দেখেনি।

এ কথা শুনে টমাস গম্ভীর হয়ে বসে থাকেন।

মেন বলেন, বে লোকটা বোটে করে ওদের ওবানে পৌছে দিয়েছে সে একটা কথা বলেছে।

- কি বলেছে ?
- —এই দ্বীপে আগে যারা পার্টি করতে যেত তারা বেশ ফুর্তিবাজ লোক ছিল।
  - ---আর এরা গ
- কিছুট। শান্ত প্রকৃতির এবং দেখলে মনে হয়, এরা একে অপরের সঙ্গে পরিচিত নয়। আর তাতেই ওর মনে একটু সন্দেহের ছায়া পড়েছিল।
  - —তাতে ও কিছু করেছিল ?
  - **---**|| 大文 |
- —ক্ষেকদিন পরে ঐ দ্বীপ থেকে সাহায্যের সংকেত পেয়েই লোকজন জড়ো করে ওখানে উপস্থিত হয়। মরিসের একাস্ত ভাবে বারণ করা সত্ত্বেও,আর তখনই এই লোমহর্ষক ঘটনাটা আমরা জানতে পারি।
  - —সাহাব্যকারীরা ১২ তারিখে গিয়েছিলো <u>?</u>
- —হাা। অবশ্য ১১ তারিখেও ঐ ধরনের সাহায্যের সংকেত পেয়েছিল নাকি।
  - —তা বায়নি কেন ?
- —সমূদ্র তথন অশান্ত ছিল। ১২ তারিখ সকালে আবার সাহায্যের জন্ম সংকেত আসে। তখন সাহায্যকারীরা ঐ দিন বিকেলে গিয়ে ওথানে উপস্থিত হয়।
- —আচ্ছা, সাহাব্যকারীর দল ওখানে পৌছবার আগে হত্যাকারী সমুদ্ধ সাঁতারে ভেভনে পৌছে পালিয়ে যায়নি তো ?
  - —সম্ভবত নয় স্থার।
  - —নয় কেন বলছেন ?

- —প্রথমত, সমুদ্র অশান্ত ছিল।
- —দ্বিতীয়ত ?
- —প্রথমবার বিপদ সংকেত আসার পর থেকেই ঐ দ্বীপটার উপর নজন রাখা হচ্ছিল।
  - -কারা গ
- —একদল ডেভনে স্কাউট ক্যাম্প করছিল। তারাই নজর রাখছিল।

একটু চুপ করে থাকার পর টমাস বললেন, ঐ গ্রামোফোনের ব্যাপারে কিছু জানা গেল ?

- —ই্যা স্থার।
- কি ভাবে করালো ?
- সিনেমা থিয়েটারের কাজ করে এমন একটা ফার্মকে াদরে করিয়েছে।
  - —কে করিয়েছে ?
  - —মরিস।
  - —তা ঐ ফার্ম কোন রকম ওদের সন্দেহ করেনি ?
  - —না। বলেছে, শৌখিন অভিনয়ের জ্বন্স দরকার।
- —আচ্ছা, ঐ রেকর্ডে বে অপরাধের কথা বলা হয়েছে, তা কতদূর সত্যি, সে সম্বন্ধে কোন থোঁজ-খবর নেওয়া হয়েছে ?
  - —ই্যা স্থার।
  - কি জানা যায় ?
- —রজার্সরা মিদেস আডি নামে এক ভদ্রমহিলার বাড়িতে কাজ করতো। ওদের গাফিলতিতেই নাকি উনি মারা যান। এরপর বিচারপতি ওয়ারগ্রেভের কথা বলছি।
- —ওয়ারগ্রেভের নামটা আমি সেটন মামলা প্রসঙ্গে শুনেছি। সে লোকটা যে দোষ করেছিল তাতে কোন সন্দেহ নেই। তবে সবাই ভেবেছিল, ওর কোঁসুলির সওয়ালে লোকটা হয়তো ছাড়া পেয়ে ৰাবে। যাক্, সে কথা। তারপর ?

— এরপর আপনাকে ভেরার কথা বলছি। মেয়েটি একটি বাড়িতে গভর্নেশের কাজ করতো। ঐ বাড়ির একটি ছেলে সমুদ্রে সাঁতার কাটতে গিয়ে জলে ভূবে মারা বায়। তাতে ওর কোন হাত ছিল না। ব্যাপারটা একটা নেহাত হুর্ঘটনা। বরং মেয়েটি নিজের জীবন বিপন্ন করে ওকে উদ্ধারের চেষ্টা করেছিল। ও বাড়ির স্বাই মেয়েটিকে ভালোবাসতো, বিশেষ করে ছেলেটির মা।

## —তারপর ?

—ভাক্তার আর্মস্থায়ের কথা বলছি। ওঁনার চেম্বার ছিল হার্লে খ্রীটে। তখন ওঁর বেশী বয়স নয়। তবে নাম করেছিলেন দারুণ। তখনই ওঁর চেম্বারে এক ভদ্রমহিলা অপারেশন টেবিলে মারা বায়। তাতে অবশ্য তারকোন হাত ছিল না। কোন সার্জেনের ভাগ্যেনা রোগী মারা যায় ? তবে এ কণা ঠিক, পরবর্তীকালে তাঁর হাত আরো ভালো হয়েছে। মোট কথা, ঐ ক্ষেত্রে ডাক্তারের কোন বাজে উদ্দেশ্য ছিল না।

## —আচ্ছা।

- এরপর এমিলি বেন্টের কথা বলছি। বিয়াত্রিচে টেলর নামে একটি অবিবাহিত মেয়ে তাঁর বাড়িতে কাজ করতা। কিন্তু মেয়েটি বিয়ের আগেই সন্তান-সন্তবা হওয়ায় তিনি তাকে বাড়ি থেকে তাড়িয়ে দেন। পরে মেয়েটি আত্মহত্যা করে। মেয়েটিকে তাড়িয়ে দেওয়া কঠোর মনের পরিচয় হয়েছিল ঠিকই, কিন্তু তিনি অপরাধ করেননি নিশ্চয়ই!
- আইনের চোখে এসব অপরাধ নয় ঠিকই, টমাস বলেন। ঐ আওয়েন এমন কতগুলো কেস খুঁজে খুঁজে বার করেছে, বারা আইনের চোখে অপরাধী হয়নি। মনে হয় রহস্তের আসল স্ত্রটা ওখানেই।

মেন আবার তাঁর তালিকায় ফিরে গেলেন। বলেন, মার্সটন কোরে গাড়ি চালাতে গিয়ে ছুটো বাচ্চাকে চাপা দিয়েছিল। সেজ্জ তাকে অর্থদণ্ড দিতে হয়েছে।

-B. I

- —জেনরেল ডগলাসের সার্ভিস রেকর্ড খুব ভালো। রিচমণ্ড তাঁর মধীনে কাজ করতো। সে একজন অফিসার ছিল। ফ্রান্সের যুদ্ধে সে মারা যায়। জেনারেলের সঙ্গে তাঁর সম্পর্ক খুব ভালো ছিল। তবে যুদ্ধের সময় কমাণ্ডিং অফিসারদের ভুলে অনেক প্রাণহানি হয় বই কী! এটাও তেমন একটা ঘটনা।
  - —অসম্ভব নয়, টমাস মহব্য করেন।
  - —রোর, এককালে পুলিসে কাজ করতো ...।

মেনকে কথার মাঝে থামিয়ে দিয়ে টমাস বলেন, হাঁা, আমি ওকে চিনতাম। লোকটা কাজকর্মে তেমন স্থবিধের ছিল না। তবে ফন্দিফিকির করে কয়েকটা প্রমোশন আদায় করে নিয়েছিল।

ল্যাণ্ডর সম্পর্কে খোঁজখবর তদার্যকির ভার ছিল ওর উপর। ও সে কাজে ফাঁকি দিয়েছিল। ফলে রিপোর্টে ফাঁক থেকে যায়। সেটা ইচ্ছে করেই হোক, বা অযোগ্যতার জন্মেই হোক। আমার বিশ্বাস, লোকটা তেমন স্থবিধের ছিল না। হাঁা, তারপর ?

- —ফিলিপ লম্বার্ড খুব সাহসী আর ডানপিটে গোছের লোক ছিল। জাহাজে করে অনেক দেশ ঘুরেছে। কোন বেআইনী কাজ করেছে বলে প্রমাণ নেই। তবে তেমন কিছু করা ওর পক্ষে অসম্ভব ছিল না।
  - —আচ্ছা, মরিস মারা গিয়েছে বললেন না ?
  - --žī1 l
  - **—কবে** ? -
  - —৮ই আগস্ট।
  - —কি ভাবে ?
  - —বেশী মাত্রায় ঘুমের ওষুধ খাবার ফলে।
  - —সেটা আাক্সিডেন্ট না আত্মহত্যা ছিল ?
  - —সেটা সঠিক ভাবে বলা যাচ্ছে না।
  - —ব্যাপারটা এখানে গোলমেলে ঠেকছে, তাই না।
  - —হাঁগ।

টমাসের মুখে একরাশ চিস্তার ছাপ। তিনি চিস্তিত মুখে বলেন, আশ্চর্য ব্যাপার! দশ জন লোক মারা গেল। কে তাদের হত্যা করলো। কেন খুন করলো, তা কিছুই জানা যাচ্ছে না।

- —স্থার, একটা কথা বলতে পারি ?
- নিশ্চয়ই বলবেন।
- —হত্যা কে করেছে তা জানা না গেলেও হত্যার কারণ সম্ভবত জানা গেছে। স্থবিচার সম্পর্কে কাকর মাথায় কোন বাতিক চেপেছিল। ব্যাপারটা অবশ্য পাগলামি। তার সঙ্গে জিঘাংসারতি মিশে মামুষটা ভয়ংকর হয়ে ওঠে। আইন বাদের শাস্তি দিতে পারেনি এরকম বেছে বেছে সে দশটা লোক বার করে। তবে তারা সত্যিকারের অপরাধী কি না তা বলছি না।
  - <u>—বলছেন না ?</u>
  - -ना।
  - —তবে আমার মনে হয়,...।
  - -- কি মনে হয় স্থার ?
- —মনে হয় রহস্তের স্ত্রটা ধরতে পেরেছি। তা আপনি কি বলতে চাইছেন তা যলুন।
- —আমার মনে হয়, ঐ দশ জ্বনকে প্রাণদণ্ড দেবেন বলে আওয়েন স্থির করেছিল। তারপর ওদের ওখানে এনে একে একে হত্যা করে সবার অলক্ষ্যে উধাও হয়ে যায়।
  - —ব্যাপারটা ঠিক…।
- —আপনি হয়তো ভাবছেন, আওয়েন যদি ঐ পান্না দ্বীপে গিয়ে থাকে তাহলে পালাবে কি করে ?
  - —≱ॅ⊓।
  - —তবে এ থেকে আমরা হুটো সিদ্ধান্তে আসতে পারি।
  - कि कि ।
  - —প্রথমত, আওয়েন ঐ দ্বীপে বায়নি।
  - —আর ?

- এ দশজনের মধ্যে সে নিজেই একজন।
- —ঠিক কথা।
- ঐ দ্বীপে কি হয়েছিল, তা আমরা জানি না। ভেরার একটা ভায়রি পা ওয়া গেছে। এমিলি এবং ওয়ারগ্রেভও কিছু লিখে গেছেন। রোরও নোট রাখতো। এই সব ঘটনার মধ্যে কিছু মিল খুঁজে পাওয়া বায়। মৃত্যুগুলো পর পর ঘটে এইভাবে—মার্সটন, রজার্সের ন্ত্রী, জেনারেল ডগলাস, রজার্স, এমিলি ত্রেন্ট এবং ওয়ারগ্রেভ।

একটু থেমে মেন আবার বলেন, ভেরা ডায়েরিতে লিখেছে, ডাক্তারকে খুঁজে পাওয়া বাচ্ছে না। সেই রাতে লমবার্ড এবং ব্লোর তাঁকে খুঁজতে বের হয়। ব্লোরও তার নোট বইতে লিখেছে, ডাক্তার নিরুদ্দেশ। এরপর আর কোন কথা জানা বাচ্ছে না। কারণ কেউ আর কোন কথা লিখে যায়নি।

মেন বাঁ পাটা ডান পায়ের উপর তুলে আবার বলেন, ওদের তিনজ্ঞনকে হত্যা করে ডাক্তার জলে ডুবে আত্মহত্যা করেছেন, তা কিন্তু সম্ভব নয়। কারণ ডাক্তারকে জল থেকে তুলে এনে টিলার উপর রাখা হয়েছে। তাতেই প্রমাণ হচ্ছে, নিশ্চয়ই কেউ তথনো বেঁচে ছিল।

—আবার এমনো হতে পারে, ব্লোর আর ভেরাকে হত্যা করে লম্বার্ড আত্মহত্যা করেছে, তারপর টমাদ বলেন, তাহলে রিভলবারটা তার কাছে পাওয়া বেত। যেটা পাওয়া গেছে ওয়ারগ্রেভের ঘরে। এরপর তিনি মেনের দিকে তাকিয়ে ফের জিজ্ঞেদ করেন, তাতে কারুর ছাপ পাওয়া গেছে ?

- —হ্যা স্থার।
- <u>—কার ?</u>
- —ভেরার।
- —তাহলে ?
- —এমন হতে পারে, ভেরা লম্বার্ডকে গুলি করে হত্যা করার পর ব্লোরকে পাথর ছুঁড়ে নিহত করে নিজে আত্মহত্যা করে। তবে এতেও একটু গতগোল থেকে যাচ্ছে।

- —কেন १
- —একটা চেয়ারে ভেরার পায়ের ছাপ পাওয়া গেছে। কিন্তু সেই চেয়ারটা ভেরার পায়ের নিচে পড়ে থাকতে দেখা বায়নি।
  - —তবে কোপায় ছিল !
  - —ঘরের এক কোণে ছিল।
  - —তা কী করে সম্ভব হয় ?
  - —আমারও সেইটা বক্তবা।
  - —ভারপর ?
- —সব শেষে ব্লোরেব কথা বলছি। লম্বার্ডকে গুলি করে
  ভরাকে আত্মহত্যায় প্ররোচিত করে নিজে হয়তো আত্মহত্যা করেছে।
  কিন্তু ভাতেও একটা গোল দেখা বাচ্ছে।
  - —কেন ?
  - —ও যে ভাবে মারা গেছে তা কখনো আত্মহত্যা হতে পারে না।
  - **—কেন** ?
- —একটা বভ পাথরের আঘাতে ওর মৃত্যু হয়। সে পাথরটা কে ওকে ছুঁড়ে মারবে ?
  - —ঠিক কথা।
- —তাহলে ব্যাপারটা এই রকম দাঁড়াচ্ছে যে, একটা লোক দশজনকে হতা কবে নিজে ঐ দ্বীপে ছিল। তারপর তার আর কোন
  চিহ্ন খুঁজে পাওয়া যায়নি। অথচ ডেভনের লোকদের দৃঢ় বিশ্বাস,
  উদ্ধারকারী দল যাবার আগে কেউ ওখান থেকে পালায় নি। সে ক্লেত্রে
  •••কথাটা শেষ করেন না মেন।
  - —দে কেতে কী?
- —পান্না দ্বীপের দশ জনের মৃত্যু রহস্তেব কোন সমাধান করা আদৌ সম্ভব নয়। রহস্ত রহস্তই থেকে যাবে।
  - —ঠিকই বলেছেন আপনি। সত্যি, কে এই কাণ্ডটা ঘটালো ?

## পরিশিষ্ট

[ একবার একটা মাছ ধরবার জাহাজ মাছের দক্ত একটা অ্যালু-মিনিয়ামের বোতল পায়। নিচের পাণ্ডুলিপিটা সেই বোতলের মধ্যে ছিল। জাহাজের মালিক তা স্কটল্যাণ্ড ইয়ার্ডে পাঠিয়ে দেয়। এখানে পাণ্ডুলিপিটা তুলে ধরা হলো।]

সম্পূর্ণ একটা বিপরীত দ্বন্দে আমি অনেক দিন ধরে অনুভব করছি। বলা চলে, এটা আমার বাল্যকাল থেকে। আমার মনের মধ্যে যে বৃত্তিগুলো বাসা বেঁধেছিল, তার মধ্যে একটা হলো কল্পনা। এই কল্পনা করে আমি এক ধরনের একটা স্থুখ অনুভব কঃতাম।

এই কল্পনার বশবর্তী হয়ে আমার স্বীকারোক্তি সমুদ্রে ভাসিয়ে দিলাম। সমুদ্রের চেউয়ে। ভাসতে ভাসতে কোথায় যাবে কে জানে। হয়তো কারুর হাতেই পড়বে না। বড় একটা পাথরের গায়ে ধাকা মেরে হয়তো বোতলটার মুখটা খুলে যাবে। তারপর পাণ্ডুলিপিটা জলে ধুয়ে মুছে ছিউড়ে যাবে। সমুদ্র গর্জন হয়তো ভুবিয়ে দেবে আমার অন্থিম বক্তব্য। অবশ্য তা দিলে মন্দ হয় না।

মানুষের মন ভালো আর মন্দ দিয়ে গড়া। এটাই বোধ হয় মানুষ সম্বন্ধে সবচেয়ে বড় কথা। এর প্রমাণ আমি নিজেই।

তবে ঐ রোমান্টিক মনের পাশে বাসা বেঁধেছে নিষ্ঠুরতা। ছোটবেলা থেকে ছোট ছোট পোকা-মাকড়দের কণ্ট দিতে আমার ভালো লাগতো। এই ভাবটাই বড় হওয়ার সঙ্গে সঙ্গে রূপান্তরিত হলো এক তীব্র জিঘাংসার্তিতে।

একটা মামুষের যেমন ছটো দিক থাকে, তেমনি আমারও ছিল। ঐ বৃত্তির পাশে ছিল গভীর স্থায়বোধ। নিরপরাধের প্রতি আমার দারুণ সহামুভূতি ছিল। তেমনি আবার নির্দয় হতাম অপরাধ এবং অপরাধীর উপর। ফলে স্থায়নীতি এবং দশুনীতি ছুই সমান ভাবে চালিয়ে গেছি।

আমার এই উপরের লেখা পড়ে কেউ নিশ্চয়ই বলছেন, এ সব করতে গেলে আইনের সাহায্য নেওয়া দরকার। হাাঁ, আমি তাই নিয়েছিলাম। আর আমার সব কিছু চরিতার্থ হয়েছে আইনের আঙিনার মাধ্যমে।

শানিকে আমায় আড়ালে আবডালে নিন্দে করে বলতো, এ ব্রুক্ত শানিয়ে তবে ছাড়বে। কথাটা কিন্তু একেবারে মিথ্যে। কেউ বলতে পারবে না কোন অপরাধী আমার কাছে অহেতুক সাজা পেয়েছে। তার বিরুদ্ধে যত প্রমাণই থাক্, আমি ঠিক আইনের স্কল্প বিচারে তাকে বার করে এনেছি। তেমনি আবার প্রকৃত অপরাধী আমার কাছ থেকে মুক্তি পায়নি। তাকে আমি তার উপযুক্ত সাজা দিয়েছি। এই যেমন ধরুন, সেটন মামলার কথা বলি। সেটন স্থপুরুষ। সে তার বক্তব্য প্রকাশ করতে গিয়ে এতটুকু কাঁপেনি। তার উকিলও তার পক্ষে স্থলর ভাবে কেস সাজিয়ে তাকে নির্দোষ প্রমাণিত করতে চেষ্টা করেছে। তথন অনেকে কেন স্বাই ভেবেছে, ও বেকস্থর খালাস পেয়ে যাবে। কিন্তু আমার হাতে ও নিস্তার পায়নি। ওকে চরম সাজা দিখেছে। তা নিয়ে উকিল মহল, সংবাদপত্র ইত্যাদি জায়গায় অনেক আলোচনার ঝড় এবং লেখালেথি হয়েছে। কিন্তু পরে আবার এই কেস ছাত্রদের পাঠ্য পুস্তকে স্থান পেয়েছে।

বাক্, আমি আগেই বলেছি, কতগুলো ছম্বে আমি নিয়ত ভুগছি। সেই ছম্ব শুভ অশুভের। আমার জিঘাংসারত্তি আমায় প্রায়ই হত্যাকাণ্ড সংঘটিত করতে বলেছে। আর বাস্তবে রূপায়িত করতে সাহায্য করেছে আমার কল্পনাপ্রস্ত মন।

মনে মনে আমি কতবার নিজেকে বলেছি, আমি একটা হত্যা-লীলার আয়োজন করবো। সে হবে এমন একটা নাটক, যার রচয়িতা, প্রধান অভিনেতা, পরিচালক, প্রযোজক ইত্যাদি সব হবো আমি নিজেই। সব মিলিয়ে দাঁড়াবে একটা শিল্পকর্ম। কিন্তু তা করতে আমি বাধা পেয়েছি। আমার স্থায়বোধ আমায় বলেছে, তুমি তো নিরপরাধীদের সাজা দিতে পারো না। আর অপরাধীদের সাজা দেবাব তো তোমার কথা নয়। সেখানে মহান আদালত রয়েছে। তুমি এমন কিছু করতে পারো না যাতে আদালতের অমর্যাদা হয়।

তবু এ চিন্তা মাধা থেকে পুরোপুরি তাড়াতে পারলাম না। তারপর একদিন অবদর নিলাম এজলাদ থেকে। অথও অবদর। ভাবি, অবদরের পর আর ক'দিন বাঁচবো। অবশ্য এ ভাবার একটা সঙ্গত কারণ ছিল। আমার স্বাস্থ্য ভালো বাচ্ছে না। বেশ কিছুদিন ধরে গ্যাসট্রিকে ভুগছি। একবার অপরেশন করিয়েছিলাম, তাতে তেমন কাজ হয়নি। সেই ব্যথাটা আবার কিছুদিন ধরে অনুভব করছি। ভাবলাম, আর একবার ডাক্তারকে দিয়ে অপারেশনটা করিয়ে নিই। সেই মত গেলামও ডাক্তারেরর কাছে। ডাক্তার সব শুনে বললেন, আর কেন। আমি তাঁর ইঙ্গিতটুকু বুঝলাম। আর আমি বেশী দিন নেই। কিন্তু থেকে থেকে আমার সেই নাটকের কথা মনে হতো। ভাবি, এনাটক মঞ্চ্যু করার জীবনে সুযোগ কই ?

একবারে হঠাৎই সেই সুযোগ এসে হাজির। একদিন আমার সঙ্গে এক ডাক্তারের কথা হচ্ছিল। তিনি কথা প্রসঙ্গে বললেন, মারুষ এমন কত গুলো অপরাধ করে যা আইন তাকে সেই অপরাধের সাজা দিতে পারে না। দৃষ্টাস্থস্বরূপ তিনি রজার্স দম্পতির কথা তুললেন। ওরা এক ভদ্দমহিলার বাড়ি কাজ করতো। এ ভদ্দমহিলার আপন বলতে কেউ ছিল না। ওরা তাকে সেবা-যত্ন করতো। তাতে ভদ্দমহিলা খূশী হয়ে ওদের নামে উইল করে গেছে। তা ওরা জানতো। কিন্তু ওরা ভদ্দমহিলার স্বাভাবিক মৃত্যু পর্যন্ত অপেক্ষা করতে নারাজ। আর ওই ভদ্দমহিলার স্বাভাবিক মৃত্যু পর্যন্ত অপেক্ষা করতে নারাজ। আর ওই ভদ্দমহিলার দারীর খারাপ হলে তাকে এক ধরনের একটা ওযুধ খাওয়াতে হয়। তা ওরা ওকে খাওয়ালো না। ফলে সে মারা যায়। কিন্তু ওদের দোষ ওরা লোকেদের বৃশ্বতে দিলো না। ব্যক্তভাবে ডাক্তারের কাছে যাওয়া, উদ্বেগ, ব্যাকুলতা কান্ধা ইত্যাদি সবই প্রকাশ

কবলো। ফলে লোকেরা কোন রকমে ওদের সন্দেহ করতে পারলো বা!

এ কথা শোনার পব মনে মনে ভাবলাম, এতদিন বা চেয়েছিলাম তা পেলাম। আইন যাদের শাস্তি দিতে পারেনি, এমন লোকদের আমি খুঁজে খুঁজে বার করবো। অন্তত আমার এ ব্যাপারে দশ জন চাই। কেমন করে তা যোগাড় করলাম তা সবিস্তারে বলার দরকার নেই। শুধু এটুকু বলছি, পদ মর্যাদায় এবং সামাজিক প্রতিষ্ঠায় আমার বন্থ লোকেব সঙ্গে আলাপ-পরিচয় হয়েছিল। তাদের কাছ থেকে ঐরকম দশটা ঘটনা লাব কবে নিতে আমায় তেমন বেগ পেতে হয়নি।

একদিন মামার সঙ্গে এক প্রোঢ়া নার্দের মন্তপানের অপকাবিতা সম্বন্ধে কথাবার্তা হচ্ছিল। কথা প্রসঙ্গে এক ডাক্তারের কথা বললো, যিনি অপরেশন করার আগে মদ খেয়ে বেসামাল হয়ে পড়েন এবং সেই অবস্থায় এক বোগীকে অপারেশন করতে সে মারা যায়। তারপব অসতর্ক মুহুর্তে সে ডাক্তাবের নাম, ধাম ইত্যাদি সব বলো কেলে। সেই ডাক্তার হালেন আরমস্থং এবং থাকেন হার্লে স্থাটে।

একটা ক্লাবে একদিন আমার সঙ্গে ছ'জ্বন ফোজী অফিসারের আলাপ হয়। আমি ভাদের কাছে জেনারেল ডগলাসের কাহিনী জানতে পারি।

এই ভাবে একদিন শুনেছি ফিলিপ লম্বার্ডের কাহিনী। স্থানিয়েছে তারই এক প্রাক্তন সহকর্মী।

এবার ত্রেন্ট এমিলির কথা বলি। উনি অতি মাত্রায় আয় অভায় মেনে চলছেন। সেই জন্ম বিয়াত্রিচে টেলারকে বাড়ি থেকে তাড়িয়ে দিতে বিন্দু মাত্র দ্বিধা করেন নি।

আমাদের এই সমাজে বহু ধনী হাক্তি আছে। তাদের মধ্যে একজন হলো আান্টনি মার্সটন। এরা পয়সার জোরে ধরাকে সবা জ্ঞান করে। তেমনই একজন মানুষের কাছে আমি ওর কাহিনী শুনেছিলাম। এরা ভাবে, পয়সার দৌলতে সব কিছু কেনা যায়। সাধারণ মানুষের দাম এদের কাছে অতি তুচ্ছ।

কাব্দে বা কোন দ্বায়িছে অবহেলাকে আমি গুরুতর অপরাধ বলে মনে করি। তাদের ক্ষমা নেই আমার কাছে। তেমনি একজন হলো পুলিশ ইংসপেক্টর ব্লোর। শুনেছিলাম ল্যাণ্ড মামলা প্রসঙ্গে।

একবার জ্বাহাজে করে আমেরিকা যাবার পথে আমার সঙ্গে আলাপ হয় ভেরার প্রেমিক ছগোর সঙ্গে। সে একটু বেশী মদ খাওয়ার ফলে আমাকে ভেরার সব কথা বলে ফেলে। তবে সে ভেরাকে আজো ভালোবাসে। কিন্তু তার অপরাধকে সে কোনদিনই ক্ষমার চোখে দেখতে পারবে না।

এবার জ্ঞানাই আমার তালিকার দশম অপরাধীর নাম। সে হলো মরিস। সে চোরাকারবারী, চোরাই মালের কারবার এবং আরো অনেক নিষিদ্ধ কাজ করে বেড়াতো। তবে সঠিক প্রমাণের অভাবে পুলিশ তাকে কখনো হাতে-নাতে ধরতে পারেনি। আর লোকের চোধকে ফাঁকি দেবার জন্মে ঠিকাদারির কাজ চালাতো।

ভারপর পরিকল্পনা রূপায়ণে ব্যস্ত হয়ে পড়লাম। পাল্লা দ্বীপটা কিনে ফেললাম। এরপর সাজানো-গোছানো এবং অস্তান্ত টুকটাক কাজ মরিসের সাহায্যে করলাম।

যাক্, এদিকের কাজ তো হলো এবার আসল কাজ বাকী। ওদের কী ভাবে আমন্ত্রণ জানানো বায়। এরপর ভেবে চিন্তে একটা পরিকল্পনা বার করলাম, ভাতে সফল হলাম। ভবে সভিয় কথা বলতে কী, গুরা রাজি হবে কিনা, এসব ব্যাপারে একটু চিন্তার মধ্যে ছিলাম। ভারপর শুরা সায় জানাতে যেন স্বস্তির নিশাস ফেললাম।

তারপর একই দিনে পান্না দ্বীপে হাজির হতে আনুরোধ করলাম এবং সেই তারিখটা হলো ৮ই আগস্ট। আর বলা বাহুল্য, সে দলে আমিও ছিলাম।

পালা দ্বীপে যাবার তোড়জোড় করছি। ভাবি, এবার আমার মরিস সম্বন্ধে একটা ব্যবস্থা গ্রহণ করতে হয়। আর সে সুযোগই ওই বেন আমাকে করে দিল। বাবার আগের দিন মরিস আমার কাছে আসে। আমি ওকে দেখে খুশীর ভান করি। বলি, আরে মরিস বে। কেমন আছো বলো ? বাড়ির সব ভালো তো ? আমার সামনের চেয়ারটায় বসো।

মরিস বেন আমার আন্তরিকতায় বর্তে গেল। অন্তত ওর মুখ চোখের ভাব দেখে আমার তাই মনে হলো।

সারা মূখ হাসিতে ফুটিয়ে চেয়ারে বসতে বসতে মরিস বলে, আপনাদের দয়ায় ভালোই আছি।

— আমাদের দয়া নয়, আমি ওকে খুশী করার জন্ম। বলো, করুণাময় ঈশ্বরের আশীর্বাদে।

আমি জানতাম, মরিস প্রায়ই বদহজমে ভোগে এবং তার ওযুধ খাবার বাতিক আছে।

একটা কথা মনে হওয়ায় ভাবলাম, আর দেরি করা উচিত হবে না। এখুনি কথাটা ওর কাছে পাড়া দরকার। জিজ্ঞেস করলাম, তোমার শরীর কেমন আছে ?

আমার প্রশ্নের উত্তরে ও নিজে থেকেই অনেক কথা বলে যায়। বলে, স্ত্যি, তার শরীর ভালো যাচ্ছে না। এর জ্ঞা কাজেও বেশ দিলে পড়ছে। অসুখ ভালোভাবে সারানো দরকার।

- —তুমি আমার একটা কথা শুনবে ?
- —নিশ্চয়ই।
- মামি একটা ক্যাপস্থল খেয়ে এ ব্যাপারে দারুণ উপকার পেয়েছি।
  - দয়া করে আমায় সেই ক্যাপস্থলটার নাম বলুন।
- দাঁড়াও দেখি, ডুয়ারে এক আধটা থাকতেও পারে। আমি ওকে ভণিতা করে বলি। আমি যে ওর জম্ম ক্যাপস্থল আনিয়ে রেখেছি তা ওকে আদৌ জানতে দিলাম না।

আমি চেয়ার থেকে উঠে ভালো মান্থবের মতন এ ড্রার সে ড্রার হাততে একটা ক্যাপস্থল বার করে বলি, হাাঁ, একটা পেয়েছি।

—স্থার। আপনাকে অসংখ্য ধন্থবাদ।

- —না, না, এতে ধন্তবাদের কী আছে। তোমার অসুখের কথা শুনেই আমি…।
- —এটা কখন খাবো ! মরিস হাত বাড়িয়ে কৃতজ্ঞতার সঙ্গে ক্যাপস্থলটা নেয়।
  - ---রাতে শুতে বাবার আগে খাবে।
  - —মাচ্ছা স্থার।

তারপর কিছু মামূলী কথা-বার্তার পর মরিস চলে গেল। আমি জানি, ও রাতে শোবার আগে ক্যাপস্থলটা খেয়েছিল এবং সে ঘুম আর ভাঙেনি।

এরপর মনে মনে ঠিক করলাম, যারা বেশী অপরাধ করেছে তাদের আগে সরিয়ে দিতে হবে। শুধু তাই নয়, এর আগে তাদের ভয় ও মানসিক বন্ত্রণার মধ্যে কুঁকড়ে রাখতে চাই। কারণ এবাই তো ঠাণ্ডা মাথায় সব অপরাধ করেছে।

প্রথমে গেল অ্যান্টনি মার্সটন এবং রজার্সের স্ত্রী। মার্সটন তার অপরাধের কথা বেশ ভালো করেই জানতো। শুধু টাকার গরমে তা ভূলে থাকতে চেয়েছে।

রঞ্জার্দের স্থা যা করতে বাধ্য হয়েছিল তার মধ্যে হাত ছিল তার স্বামীর। রজার্দের স্ত্রী এবং মার্নটনের মৃত্যু কিছুটা যন্ত্রণা কম ছিল। প্রামোফোন রেকর্ড চালাবার সময় মার্নটনের পানপাত্রে দিলাম সাইনাইড মিশিয়ে। পানপাত্রে এক চুমুক। সঙ্গে সঙ্গে সে মৃত্যুর কোলে ঢোলে পড়ে।

ওদিকে রজার্সের স্ত্রী অসুস্থ হয়ে পড়ায় রজার্স যখন ব্রাণ্ডি এনে টেবিলে রাখে তখন সবার অলক্ষ্যে তাতে বেশী পরিমাণে ঘুমেব ওমুধ মিশিয়ে দি। তখন মৃত্যুর ব্যাপারে সবার মনে তেমন বিভীষিকা জার্গেনি। ফলে কারুর মনে সন্দেহ হয়নি।

জেনারেল ডগল। সও তাঁর মৃত্যুর ব্যাপারে তেমন কন্ট পাননি।
আমি কখন যে তাঁর পিছনে গিয়ে মৃত্যু দৃত হিসেবে দাঁড়িয়েছিলাম,
তা তিনি আদৌ টের পাননি। আমি গিয়ে কাজটা খুব ক্রত করি।

আর কখন যে আমি বারান্দা থেকে গেছি তা কেউ টের পায়নি। তবে এ ব্যাপারে আমায় খুব সতর্ক থাকতে হয়োছল।

১০ই আগস্ট। রজার্স দাড়ি কামিয়ে নিচে গেল। কিচেনের ব্যাপারে সে ব্যস্ত হয়ে পড়লো। বিছু কাঠ কাটার দবকার। কিছু কাঠও কাটলো। তারপর বেড়ালের মতো নিঃশব্দে পা ফেলে কুঠারেব আঘাতে ৬কে চিরতরের জন্ম নিন্দ্রা দেবীর কোলে ঘুম পাড়িয়ে দিলাম।

এরপরই আমি একটা কাজ করলাম। সবাই যখন রজার্সকে থোঁজাখুঁজি করছে তখন আমি লম্বার্ডের ঘরে হাজির হই। রিভলবারটা ও কোথায় রাখে জানতাম। এটা আমি সরিয়ে ফেললাম।

তারপর পালা এলো এমিলির। ত্রেকফাস্ট টেবিলে ওঁর কফিতে ঘুমের ওযুধ মিশিয়ে দিলাম। তবে এ কাজটা আমায় সাংঘাতিক সাবধানতার সঙ্গে করতে হয়েছিল। কফি পানে ওঁ অচৈততা হয়ে পড়ে। আমি ঠিক এমনই একটা স্থযোগ খুঁজছিলাম। পরে তিনি যথন একলা অচেতন হয়ে চেয়ারে বসেছিলেন তথন ইনজেকশন দিয়ে তার শরীরে কড়া সায়নাইড সলিউশন চুকিয়ে দি। আর দৃশ্যকে কার্যকাব করার জন্ম আমায় হুটো মৌমাছির সাহায্য নিতে হয়েছিল। আর এ ব্যবস্থা আমি থাগেই করেছিলাম।

তারপর ঘর এবং দেহ তল্লাশি চললো। রিভলবারটা পাওয়া গেল না। আর ওটা পাবে কোখেকে! আমি সেটা এমন একটা জায়গায় রেখেছিলাম তা বার করা ওদের সাধ্য ছিল না। ওটা বেখেছিলাম খাবার ঘরেব একটা নতুন বিস্কৃটের টিনের মধ্যে। রেখে আবার টিনের মুখ প্লাস্টিকের ফিতে দিয়ে লাগিয়ে দিলাম, বেমন নতুন টিনে থাকে। ফলে ওদিকে কেউ ফিরেও তাকালো না।

দলের মধ্যে আমাকে বাদ দিলে মর্যাদা বেশী ডাক্তারের। তার সঙ্গে সহজেই আমার ঘনিষ্ঠতা হয়েছিল। তিনি এই সব হত্যাকাণ্ডের ব্যাপারে লম্বার্ডকে সন্দেহ করছিলেন। সে কথা তিনি আমায় বলেছেন। আমি ইচ্ছে করে তাঁর ধারণায় সমর্থন জানিয়েছি।

এরপর নাটকের এক স্থপরিকল্পিত দৃশ্যের অবতারণা করলাম—
আমি চুপি-চুপি ডাক্তারকে বললাম, ডাক্তার, হত্যাকারীকে ধরার 
একটা পরিকল্পনা করলে কেমন হয় ?

- —পরিকল্পনা ? ডাক্তার আমার মূখের দিকে তাকান।
- —হাঁা, আমি সায় জানাই।
- —কেমন করে <u>?</u>
- —এরপর আমি মারা গেছি বলে পড়ে থাকবো। কেউ সন্দেহ, করবে না। কারণ মৃত্যু তো একের পর এক এখানে ঘটেই চলেছে। আর তখন আপনি আমায় পরীক্ষা করে মৃত বলে ঘোষণা করবেন। আপনি ও কথা বললে কেউ সন্দেহ করবে না।
- —তাই হবে। ডাক্তার আমার কথায় বিন্দুমাত্র সন্দেহ না করে সায় জানালেন। কিন্তু করবেন কী ভাবে ?
- সে ব্যবস্থা আমি করছি। যেমন আজ সম্বেয় আলো জ্বলবে না। মোমবাতির ব্যবস্থা হবে। তারপর ভেরাকে ভয় দেখাবার কথা ওঁকে বললাম। চমৎকার দৃশ্য হবে। আর আমি তখন আমার ঘরে মৃতের ভান করে পড়ে থাকবো।

ডাক্তার করলেনও তাই। ফলে আমায় কেউ সন্দেহ করলো না। রাত তখন হুটো। আমি ডাক্তারকে চুপিচুপি ডাকি, ডাক্তার, ও ডাক্তার। একটু পরে ডাক্তার বেরিয়ে আসেন, কী ব্যাপার বলুন !

- —আপনার সঙ্গে গোপনে একটু পরামর্শ আছে।
- —বলুন কি বলতে চান।
- —এখানে নয়।
- --কোপায় গ
- —সমুদ্রের ধারে টিলার আড়ালে।
- —ভথানে কেন ?
- —ভাহলে কেউ আমাদের দেখতে পাবে না।
- —ঠিক আছে, তাই চলুন।

তারপর ডাক্তার আর আমি নির্দিষ্ট জায়গায় হাজির হই। এরপর কিছু আলোচনার পর, আমি ডাক্তারের অন্তমনস্কতার সুযোগে জোরে তাকে এক ধাকা মারি। ডাক্তার টিলার উপর থেকে গড়াতে গড়াতে গিয়ে পড়লো জলে।

বাড়িতে ফিরে এসে গেলাম ডাক্তারের ঘরে এবং বেরুবার সময় ইচ্ছে করে একটু শব্দ করে বের হলাম। ব্লোর ভাবলো, ডাক্তারই বাইরে গেলেন। আমি ভাড়াভাড়ি গিয়ে এক তলার সিঁড়ির নিচে লুকিয়ে পড়ি। তারপর আমায় খুঁজতে লমবার্ড এবং ব্লোর বাইরে গেলে আমি আবার আমার ঘরে ফিরে এসে মৃতের ভূমিকায় অভিনয় করি। তবে তার আগে আমি লম্বার্ডের ঘরে পিস্তলটা রেখে আসি।

এখন বাকী ওরা তিন জন—ভেরা, লম্বার্ড এবং ব্লোর। ভেরা আর
লম্বার্ড বাড়িতে ফিরতে চাইল না। ওরা সমুদ্র পাড়ে রয়ে গেল।
ফিরলো একা ব্লোর। তখন আমি পাথরের ঘড়িটা নিয়ে প্রস্তুত। ও
আমার কাছাকাছি আসতেই ওটা ওকে ছুঁড়ে মারলাম। একেবারে
অব্যর্থ লক্ষ্য। ব্লোর চিরতরের জন্ম চলে গেল। আর সত্যি কথা
বলতে কি বুড়ো বয়সে এতটা যে স্থির নিশানায় ছুঁড়তে পারবো তা
আগে ভাবিনি।

তারপর আমার চোধের সামনে ভেরা সম্বার্ডকে গুলি করলো। তবে সাহসে এবং শক্তিতে সম্বার্ডের উপযুক্ত ছিল ভেরা। কিন্তু পরিস্থিতি যা দাঁড়িয়েছিল, তাতে ওদেব মধ্যে ভুল বোঝাবুঝি হতে বাধ্য ছিল।

এর পরের দৃশ্যে শুধু ভেরা। যেন সে একক অভিনয় করে চলেছে।
চারদিকে মৃত্যুর হাতছানি। এর আগে ন'জন মারা গেছে। সারা
দ্বীপের মধ্যে সে একমাত্র জ্বীবিত মান্ত্রষ। এটা ভাবতে গিয়ে সে
দিশেহারা হয়ে পড়ছিল। ফলে সে তার মানসিক ভারসাম্য হারিয়ে
কেলে।

তাবপর ভেরার মনে হয়, সে হুগোব প্রতি অপবাধ করেছে। তাকে প্রতারণা করেছে। তাকে ঠিকিয়েছে। আব ঐ বাচচার মৃত্যুর জন্ম তো সে সন্তিয় দায়ী। এর উপর সে আজ্ব আব একটা অপরাধ করলো, যদিও সেটা বাঁচার তাগিদে। কিন্তু সেটা তো একটা অপরাধ তা অস্বীকার করলে চলবে না। লম্বার্ড এখনো টিলার উপর মুখ থুবড়ে পড়ে রয়েছে। সে ভাবতেও পাবেনি যে, ভেবা তাকে গুলি চালাবে। প্রথমটা ভেবেছিলো, হয়তো তাকে মিথ্যে করে ভয় দেখাছে। তারপর ভেরা আত্মহত্যায প্রবন্ত হলো এবং আমি ওর পায়ের নিচ থেকে চেয়ারটা সরিয়ে নিয়ে দেওযালের কাছে রাখলাম।

তারপর আমি পাণ্ড্লিপিটা একটা অ্যালুমিনিয়ামের বোতলে পুরে সমুদ্রের জলে ভাসিয়ে দিলাম। বোতলের মুখ সীল করে বন্ধ করা ছিল।

গতকাল 'ওরা' বলতে লম্বার্ড, ভেরা ও ব্লোর বিপদ সংকেত

পাঠিয়েছিল। উপকৃল থেকে লোক আসবার আগে আমায় কাব্ধ শেষ করতে হবে। সেটা কী কাব্ধ তা বলছি।

আমার পাঁ্যাসনে চশমার সঙ্গে যে কর্ডটা আছে সেটা সাধারণ স্থানে নয়। সেটা হলো গিয়ে ইলাস্টিক। চশমাটকে শক্ত খাপে ভরে রা ত হবে যাতে ইলাস্টিক কর্ডটা বাইরে থাকে। আমার বিছানা থেকে দরজার দূরত্ব খুব একটা বেশী নয়। কর্ডের একটা দিক আলতোভালে দরজার হাতলে লাগানো থাকবে। এর পর আমি বিছানায় গিছেশোব। চশমার খাপটা থাকবে আমার গায়ের তলায়। আমার বিছানা আর দরজার হাতলের যে ইলাস্টিক কর্ডটা রয়েছে, তার সংশ্রিভলবারটা বেঁধে নেবো। রিভলবারে ভেরার হাতের ছাপ ও ভাই থাকবে। আমি হাতে রুমাল জড়িয়ে রিভলবারটা ধর এরপর মাথা লক্ষ্য করে ট্রিগারে চাপ দেব।

আমার ধারণ। এই রকম কাগু ঘটবে—আমার হাত এপড়বে। আঁকুনি লেগে দরজার হাতল থেকে কর্ডট। খুলে রিভলবারটা কর্ডের দোলায় আঁকুনি খেয়ে ছিটকে দরঙার কাচ পড়বে। রুমালটা খাটের এক পালে পড়ে থাকবে। এটা যে এআত্মহত্যার ব্যাপার তা কেউ বুঝবে না। ওরা আমার মৃত্র বিবরণ ওদের ভায়েরিতে লিখে গেছে, তার সঙ্গে এ মৃত্যুর হয়তো মিল থাকবে।

পান্না দীপের রহস্তের কিনারা কী পুলিশ করতে পারবে ? পার তো উচিত। একটা স্থৃত্র তারা পেয়ে যাবে। এই দ্বীপে যে দশ জ্বন লোক এসেছিল তাদের মধ্যে একজন কিন্তু নিরপরাধ। আর কী না ন'জনের হত্যার জন্ম দায়ী। এ কথাটা অন্য ভাবে নিধ্ কথাটা কিন্তু অক্ষরে অক্ষরে সাত্য। এক বিন্দুও মিধ্যে নয়।

এক সময় সমুজ শাস্ত হলে উদ্ধারকারী দল, পুলিশ এবং ি কৌতৃহলী জনতাও আসবে। এসে দেখবে দশটি মৃতদেহ পড়ে র আর দশটা ভাঙা পুতৃল।

এই রহস্থের কিনারা তারা করতে পারবে না। রহস্থ হয়ে থাকবে।